

ষষ্ঠ ভাগ

বিচারবিভাগ

১ম পরিচ্ছেদ—সুপ্রীম কোর্ট

সুপ্রীম কোর্ট-প্রতিষ্ঠা।

৯৪। (১) "বাংলাদেশ সুপ্রীম কোর্ট" নামে বাংলাদেশের একটি সর্বোচ্চ আদালত থাকিবে এবং আপীল বিভাগ ও হাইকোর্ট বিভাগ লইয়া তাহা গঠিত হইবে।

(২) প্রধান বিচারপতি (যিনি "বাংলাদেশের প্রধান বিচারপতি" নামে অভিহিত হইবেন) এবং প্রত্যেক বিভাগে আসনগ্রহণের জন্য রষ্ট্রপতি যেরূপ সংখ্যক বিচারক নিয়োগের প্রয়োজন বোধ করিবেন, সেইরূপ সংখ্যক অন্যান্য বিচারক লইয়া সুপ্রীম কোর্ট গঠিত হইবে।

(৩) প্রধান বিচারপতি ও আপীল বিভাগে নিযুক্ত বিচারকগণ কেবল উক্ত বিভাগে এবং অন্যান্য বিচারক কেবল হাইকোর্ট বিভাগে আসনগ্রহণ করিবেন।

(৪) এই সংবিধানের বিধানাবলী-সাপেক্ষে প্রধান বিচারপতি এবং অন্যান্য বিচারক বিচারকার্যপালনের ক্ষেত্রে স্বাধীন থাকিবেন।

বিচারক-নিয়োগ।

৯৫। (১) প্রধান বিচারপতি এবং অন্যান্য বিচারকগণ রষ্ট্রপতি কর্তৃক নিযুক্ত হইবেন।

(২) কোন ব্যক্তি বাংলাদেশের নাগরিক না হইলে, এবং—

(ক) সুপ্রীম কোর্টে অন্যান্য দশ বৎসরকাল এ্যাডভোকেট না থাকিয়া থাকিলে, অথবা

(খ) বাংলাদেশের রষ্ট্রীয় সীমানার মধ্যে অন্যান্য দশ বৎসরকাল কোন বিচার বিভাগীয় পদে অধিষ্ঠান না করিয়া থাকিলে, অথবা

(গ) সুপ্রীম কোর্টের বিচারকপদে নিয়োগ লাভের জন্য আইনের দ্বারা নির্ধারিত অন্যান্য যোগ্যতা না থাকিয়া থাকিলে

তিনি বিচারকপদে নিয়োগ লাভের যোগ্য হইবেন না।

(৩) এই অনুচ্ছেদে "সুপ্রীম কোর্ট" বলিতে ১৯৭৭ সালের দ্বিতীয় ফরমান (দশম সংশোধন) আদেশ প্রবর্তনের পূর্বে যে কোন সময়ে বর্তমানে বাংলাদেশের অন্তর্ভুক্ত এলাকার মধ্যে যে আদালত হাইকোর্ট অথবা সুপ্রীম কোর্ট হিসাবে এখতিয়ার প্রয়োগ করিয়াছেন সেই আদালত অন্তর্ভুক্ত হইবে।

^১ সংবিধান (চতুর্থ সংশোধন) আইন, ১৯৭৫ (১৯৭৫ সনের ২নং আইন)-এর ১৩ ধারাবলে (১) দফার পরিবর্তে প্রতিস্থাপিত।

^২ The Second Proclamation (Fifteenth Amendment) Order, 1978 (Second Proclamation Order No. IV of 1978) এর 2nd Schedule বলে (২) এবং (৩) দফার পরিবর্তে প্রতিস্থাপিত।

PART VI
THE JUDICIARY
1[CHAPTER I—THE SUPREME COURT

94. (1) There shall be a Supreme Court for Bangladesh (to be known as the Supreme Court of Bangladesh) comprising the Appellate Division and the High Court Division. Establishment of Supreme Court.

(2) The Supreme Court shall consist of the Chief Justice, to be known as the Chief Justice of Bangladesh, and such number of other Judges as the President may deem it necessary to appoint to each division.

(3) The Chief Justice, and the Judges appointed to the Appellate Division, shall sit only in that division, and the other Judges shall sit only in the High Court Division.

(4) Subject to the provisions of this Constitution the Chief Justice and the other Judges shall be independent in the exercise of their judicial functions.

95. (1) The Chief Justice and other Judges shall be appointed by the President. Appointment of Judges.

(2) A person shall not be qualified for appointment as a Judge unless he is a citizen of Bangladesh and—

(a) has, for not less than ten years been an advocate of the Supreme Court ; or

(b) has, for not less than ten years, held judicial office in the territory of Bangladesh ; or

(c) has such other qualifications as may be prescribed by law for appointment as a Judge of the Supreme Court.

(3) In this article, "Supreme Court" includes a court which at any time before the commencement of the Second Proclamation (Tenth Amendment) Order, 1977, exercised jurisdiction as a High Court or Supreme Court in the territory now forming part of Bangladesh.

¹Substituted for the former Chapters 1, 1A and 1B by the Second Proclamation (Tenth Amendment) Order, 1977 (Second Proclamation Order No. 1 of 1977).

বিচারকদের পদের
মেয়াদ।

৯৬। (১) এই অনুচ্ছেদের অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, কোন বিচারক [পর্যায়] বৎসর বয়স পূর্ণ হওয়া পর্যন্ত স্থায়ী পদে বহাল থাকিবেন।

(২) এই অনুচ্ছেদের নিম্নরূপ বিধানাবলী অনুযায়ী ব্যতীত কোন বিচারককে তাহার পদ হইতে অপসারিত করা যাইবে না।

(৩) একটি সুপ্রীম জুডিশিয়াল কাউন্সিল থাকিবে যাহা এই অনুচ্ছেদে "কাউন্সিল" বলিয়া উল্লেখিত হইবে এবং বাংলাদেশের প্রধান বিচারপতি এবং অন্যান্য বিচারকের মধ্যে পরবর্তী যে দুইজন কর্মে প্রবীণ তাহাদের লইয়া গঠিত হইবে :

তবে শর্ত থাকে যে, কাউন্সিল যদি কোন সময়ে কাউন্সিলের সদস্য এইরূপ কোন বিচারকের সামর্থ্য বা আচরণ সম্পর্কে তদন্ত করেন, অথবা কাউন্সিলের কোন সদস্য যদি অনুপস্থিত থাকেন অথবা অসুস্থতা কিংবা অন্য কোন কারণে কার্য করিতে অসমর্থ্য হন তাহা হইলে কাউন্সিলের যাহারা সদস্য আছেন তাহাদের পরবর্তী যে বিচারক কর্মে প্রবীণ তিনিই অনুরূপ সদস্য হিসাবে কার্য করিবেন।

(৪) কাউন্সিলের দায়িত্ব হইবে—

(ক) বিচারকগণের জন্য পালনীয় আচরণ বিধি নির্ধারণ করা, এবং

(খ) কোন বিচারকের অথবা কোন বিচারক যেরূপ পদ্ধতিতে অপসারিত হইতে পারেন সেইরূপ পদ্ধতি ব্যতীত তাহার পদ হইতে অপসারণ যোগ্য নহেন এইরূপ অন্য কোন কর্মকর্তার, সামর্থ্য বা আচরণ সম্পর্কে তদন্ত করা।

(৫) যে ক্ষেত্রে কাউন্সিল অথবা অন্য কোন সূত্র হইতে প্রাপ্ত তথ্যে রাষ্ট্রপতির এইরূপ বুঝিবার কারণ থাকে যে কোন বিচারক—

(ক) শারীরিক বা মানসিক অসামর্থ্যের কারণে তাহার পদের দায়িত্ব সঠিকভাবে, পালন করিতে অযোগ্য হইয়া পড়িতে পারেন, অথবা

(খ) গুরুতর অসদাচরণের জন্য দোষী হইতে পারেন, সেইক্ষেত্রে রাষ্ট্রপতি কাউন্সিলকে বিষয়টি সম্পর্কে তদন্ত করিতে ও উহার তদন্তফল জ্ঞাপন করিবার জন্য নির্দেশ দিতে পারেন।

(৬) কাউন্সিল তদন্ত করিবার পর রাষ্ট্রপতির নিকট যদি এইরূপ রিপোর্ট করেন যে উহার মতে উক্ত বিচারক তাহার পদের দায়িত্ব সঠিকভাবে পালনে অযোগ্য হইয়া পড়িয়াছেন অথবা গুরুতর অসদাচরণের জন্য দোষী হইয়াছেন তাহা হইলে রাষ্ট্রপতি আদেশের দ্বারা উক্ত বিচারককে তাহার পদ হইতে অপসারিত করিবেন।

^১ The Second Proclamation (Fifteenth Amendment) Order, 1978 (Second Proclamation Order No. IV of 1978) এর 2nd Schedule-বলে ৯৬ অনুচ্ছেদের পরিবর্তে প্রতিস্থাপিত।

^২ সংবিধান (সপ্তম সংশোধন) আইন, ১৯৮৬ (১৯৮৬ সনের ১নং আইন)-এর ২ ধারাবলে "বায়টি" শব্দটির পরিবর্তে প্রতিস্থাপিত।

96. (1) Subject to the other provisions of this article, a Judge shall hold office until he attains the age of ¹[sixty-five] years.

Tenure of office of Judges.

(2) A Judge shall not be removed from office except in accordance with the following provisions of this article.

(3) There shall be a Supreme Judicial Council, in this article referred to as the Council, which shall consist of the Chief Justice of Bangladesh, and the two next senior Judges :

Provided that if, at any time, the Council inquiring into the capacity or conduct of a Judge who is a member of the Council, or a member of the Council is absent or is unable to act due to illness or other cause, the Judge who is next in seniority to those who are members of the Council shall act as such member.

(4) The functions of the Council shall be—

- (a) to prescribe a Code of Conduct to be observed by the Judges ; and
- (b) to inquire into the capacity or conduct of a Judge or of any other functionary who is not removable from office except in like manner as a Judge.

(5) Where, upon any information received from the Council or from any other source, the President has reason to apprehend that a Judge—

- (a) may have ceased to be capable of properly performing the functions of his office by reason of physical or mental incapacity ; or
- (b) may have been guilty of gross misconduct, the President may direct the Council to inquire into the matter and report its finding.

(6) If, after making the inquiry, the Council reports to the President that in its opinion the Judge has ceased to be capable of properly performing the functions of his office or has been guilty of gross misconduct, the President shall, by order, remove the Judge from office.

¹Substituted for the word "sixty-two" by the Constitution (Seventh Amendment) Act, 1986 (Act I of 1986), s. 2.

((৭) এই অনুচ্ছেদের অধীনে তদন্তের উদ্দেশ্যে কাউন্সিল স্থায়ী কার্য-পদ্ধতি নিয়ন্ত্রণ করিবেন এবং পরওয়ানা জারী ও নির্বাহের ব্যাপারে সুপ্রীম কোর্টের ন্যায় উহার একই ক্ষমতা থাকিবে।

(৮) কোন বিচারক রস্ট্রপতিকে উদ্দেশ্য করিয়া স্বাক্ষরযুক্ত পত্রযোগে স্থায়ী পদ ত্যাগ করিতে পারিবেন।]

৯৭। প্রধান বিচারপতির পদ শূন্য হইলে কিংবা অনুপস্থিতি, অসুস্থতা বা অন্য কোন কারণে প্রধান বিচারপতি তাঁহার দায়িত্বপালনে অসমর্থ বলিয়া রস্ট্রপতির নিকট সন্তোষজনকভাবে প্রতীয়মান হইলে ক্ষেত্রমত অন্য কোন ব্যক্তি অনুরূপ পদে যোগদান না করা পর্যন্ত কিংবা প্রধান বিচারপতি স্থায়ী কার্যভার পুনরায় গ্রহণ না করা পর্যন্ত আপীল বিভাগের অন্যান্য বিচারকের মধ্যে যিনি কর্মে প্রবীণতম, তিনি অনুরূপ কার্যভার পালন করিবেন।

৯৮। এই সংবিধানের ৯৪ অনুচ্ছেদের বিধানাবলী সত্ত্বেও * * * * * রস্ট্রপতির নিকট সুপ্রীম কোর্টের কোন বিভাগের বিচারক-সংখ্যা সাময়িকভাবে বৃদ্ধি করা উচিত বলিয়া সন্তোষজনকভাবে প্রতীয়মান হইলে তিনি যথাযথ যোগ্যতাসম্পন্ন এক বা একাধিক ব্যক্তিকে অনধিক দুই বৎসরের জন্য অতিরিক্ত বিচারক নিযুক্ত করিতে পারিবেন, কিংবা তিনি উপযুক্ত বিবেচনা করিলে হাইকোর্ট বিভাগের কোন বিচারককে [একজন এ্যাডহক বিচারক হিসাবে যে কোন অস্থায়ী মেয়াদের জন্য আপীল বিভাগে আসন গ্রহণের ব্যবস্থা করিতে পারিবেন, এবং অনুরূপ বিচারক এইরূপ আসন গ্রহণকালে আপীল বিভাগের একজন বিচারকের ন্যায় একই এখতিয়ার ও ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করিবেন] :

অতএব শর্ত থাকে যে, অতিরিক্ত বিচারকরূপে নিযুক্ত কোন ব্যক্তিকে এই সংবিধানের ৯৫ অনুচ্ছেদের অধীন বিচারকরূপে নিযুক্ত হইতে কিংবা বর্তমান অনুচ্ছেদের অধীন আরও এক মেয়াদের জন্য অতিরিক্ত বিচারকরূপে নিযুক্ত হইতে বর্তমান অনুচ্ছেদের কোন কিছুই নিবৃত্ত করিবে না।

৯৯। (১) (২) দফায় ব্যবস্থিত বিধান ব্যতিরেকে, কোন ব্যক্তি অতিরিক্ত বিচারকরূপে দায়িত্ব পালন ব্যতীত বিচারক পদে দায়িত্ব পালন করিয়া থাকিলে উক্ত পদ হইতে অবসর গ্রহণের কিংবা অপসারিত হইবার পর তিনি কোন আদালত বা কর্তৃপক্ষের নিকট ওকালতি বা কার্য করিতে পারিবেন না অথবা বিচার বিভাগীয় বা [আধা-বিচার বিভাগীয় পদ অথবা প্রধান উপদেষ্টা বা উপদেষ্টার পদ] ব্যতীত প্রজাতন্ত্রের কর্মে কোন লাভজনক পদে বহাল হইবেন না।

^১ সংবিধান (চতুর্থ সংশোধন) আইন, ১৯৭৫ (১৯৭৫ সনের ২নং আইন)-এর ১৫ ধারাবলে "প্রধান বিচারপতির সহিত পরামর্শ করিয়া" শব্দগুলি বিলুপ্ত।

^২ The Second Proclamation (Fifteenth Amendment) Order, 1978 (Second Proclamation Order No. IV of 1978) এর 2nd Schedule বলে "যে কোন অস্থায়ী মেয়াদের জন্য আপীল বিভাগে আসন গ্রহণের ব্যবস্থা করিতে পারিবেন" শব্দগুলির পরিবর্তে প্রতিস্থাপিত।

^৩ উপরোক্ত আদেশবলে ৯৯ অনুচ্ছেদের পরিবর্তে প্রতিস্থাপিত।

^৪ সংবিধান (ত্রয়োদশ সংশোধন) আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ১নং আইন)-এর ৫ ধারাবলে "আধা-বিচার বিভাগীয় পদ" শব্দগুলির পরিবর্তে প্রতিস্থাপিত।

অস্থায়ী প্রধান
বিচারপতি নিয়োগ।

সুপ্রীম কোর্টের
অতিরিক্ত
বিচারকগণ।

বিচারকগণের
ক্ষমতা।

(7) For the purpose of an inquiry under this article, the Council shall regulate its procedure and shall have, in respect of issue and execution of processes, the same power as the Supreme Court.

(8) A Judge may resign his office by writing under his hand addressed to the President.

97. If the office of the Chief Justice becomes vacant, or if the President is satisfied that the Chief Justice is, on account of absence, illness, or any other cause, unable to perform the functions of his office, those functions shall, until some other person has entered upon that office, or until the Chief Justice has resumed his duties, as the case may be, be performed by the next most senior Judge of the Appellate Division.

Temporary
appointment of
Chief Justice.

98. Notwithstanding the provisions of article 94, if the President is satisfied that the number of the Judges of a division of the Supreme Court should be for the time being increased, the President may appoint one or more duly qualified persons to be Additional Judges of the division for such period not exceeding two years as he may specify, or, if he thinks fit, may require a Judge of the High Court Division to sit in the Appellate Division for any temporary period as an *ad hoc* Judge and such Judge while so sitting, shall exercise the same jurisdiction, powers and functions as a Judge of the Appellate Division :

Additional Supreme
Court Judges.

Provided that nothing in this article shall prevent a person appointed as an Additional Judge from being appointed as a Judge under article 95 or as an Additional Judge for a further period under this article.

99. (1) Except as provided in clause (2), a person who has held office as a Judge otherwise than as an Additional Judge shall not, after his retirement or removal therefrom, plead or act before any court or authority or hold any office of profit in the service of the Republic not being a judicial or quasi-judicial office ¹[or the office of Chief Adviser or Adviser].

Disabilities of
Judges.

¹Inserted by the Constitution (Thirteenth Amendment) Act, 1996 (Act 1 of 1996), s. 5.

(২) কোন ব্যক্তি হাইকোর্ট বিভাগের বিচারক পদে বহাল থাকিলে উক্ত পদ হইতে অবসর গ্রহণের বা অপসারিত হইবার পর তিনি আপীল বিভাগে ওকালতি বা কার্য করিতে পারিবেন।]

সুপ্রীম কোর্টের
আসন।

১০০। রাজধানীতে সুপ্রীম কোর্টের স্থায়ী আসন থাকিবে, তবে রাষ্ট্রপতির অনুমোদন লইয়া প্রধান বিচারপতি সময়ে সময়ে অন্য যে স্থান বা স্থানসমূহ নির্ধারণ করিবেন, সেই স্থান বা স্থানসমূহে হাইকোর্ট বিভাগের অধিবেশন অনুষ্ঠিত হইতে পারিবে।

মূল ১০০ অনুচ্ছেদটি পুনর্বিধান করা হইয়াছে। কেননা সংবিধান (অষ্টম সংশোধন) আইন, ১৯৮৮ (১৯৮৮ সনের ৩০ নং আইন) বলে ১০০ অনুচ্ছেদের সংশোধন মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগ কর্তৃক এখতিয়ার বহির্ভূত ও অকার্যকর ঘোষণা করা হইয়াছে। [৪১ ডি. এল. আর. ১৯৮৯ (এ.ভি.) পৃষ্ঠা-১৬৫]।

উল্লিখিত আইনবলে সংশোধিত ১০০ অনুচ্ছেদটি নিম্নরূপ ছিল :-

“১০০। সুপ্রীম কোর্টের আসন।—(১) এই অনুচ্ছেদ-সাপেক্ষে, রাজধানীতে সুপ্রীম কোর্টের স্থায়ী আসন থাকিবে।

(২) হাইকোর্ট বিভাগ ও উহার বিচারকগণ সুপ্রীম কোর্টের স্থায়ী আসনে এবং উহার স্থায়ী বেঞ্চগুলির আসনসমূহে আসনগ্রহণ করিবেন।

(৩) কুমিল্লা, চট্টগ্রাম, বরিশাল, যশোহর, রংপুর এবং দিলেটে হাইকোর্ট বিভাগের একটি করিয়া স্থায়ী বেঞ্চ থাকিবে, এবং প্রধান বিচারপতি সময়ে সময়ে যেকোন নির্ধারণ করিবেন প্রত্যেক স্থায়ী বেঞ্চের সেইরূপ বেঞ্চসমূহ থাকিবে।

(৪) প্রত্যেক স্থায়ী বেঞ্চে আসন গ্রহণের জন্য প্রধান বিচারপতি সময়ে সময়ে যেকোন সংখ্যক হাইকোর্ট বিভাগের বিচারক মনোনয়নের প্রয়োজন বোধ করিলে, সেইরূপ সংখ্যক বিচারক লইয়া স্থায়ী বেঞ্চটি গঠিত হইবে, এবং উক্তরূপ মনোনয়নের পর মনোনীত বিচারকগণ বেঞ্চটিতে বদলী হইয়াছেন বলিয়া গণ্য হইবেন।

(৫) রাষ্ট্রপতি, প্রধান বিচারপতির সহিত পরামর্শক্রমে, যে এলাকা সম্পর্কে প্রতিটি স্থায়ী বেঞ্চের এই সংবিধান বা অন্য কোন আইনের দ্বারা হাইকোর্ট বিভাগের উপর অর্পিত বা অর্পিত হইতে পারে এইরূপ এখতিয়ার, ক্ষমতা বা দায়িত্ব থাকিবে তাহা নির্দিষ্ট করিবেন; এবং যে এলাকা এভাবে নির্দিষ্ট করা হয় নাই সেই এলাকা সম্পর্কেই সুপ্রীম কোর্টের স্থায়ী আসনে আদালত হাইকোর্ট বিভাগের উক্তরূপ এখতিয়ার, ক্ষমতা ও দায়িত্ব থাকিবে।

(৬) প্রধান বিচারপতি স্থায়ী বেঞ্চগুলি সম্পর্কিত সকল আনুষ্ঠানিক, সম্পূর্ণ বা অনুলী বিধানে বিধি প্রণয়ন করিবেন।”

(2) A person who has held office as a Judge of the High Court Division may, after his retirement or removal therefrom, plead or act before the Appellate Division.

¹100. The permanent seat of the Supreme Court, shall be in the capital, but sessions of the High Court Division may be held at such other place or places as the Chief Justice may, with the approval of the President, from time to time appoint.

Seat of Supreme Court.

¹Original article 100 has been revived as the impugned amendment of article 100 made by the Constitution (Eighth Amendment) Act, 1988 (Act XXX of 1988) held ultravires and declared invalid by the Appellate Division of the Supreme Court, 41 D.L.R., 1989 (A D), p.165.

Article 100 as amended by the said Act runs thus :-

*100. Seat of Supreme Court.—(1) Subject to this article, the permanent seat of the Supreme Court shall be in the capital.

(2) The High Court Division and the Judges thereof shall sit at the permanent seat of the Supreme Court and at the seats of its permanent Benches.

(3) The High Court Division shall have a permanent Bench each at Barisal, Chittagong, Comilla, Jessore, Rangpur and Sylhet, and each permanent Bench shall have such Benches as the Chief Justice may determine from time to time.

(4) A permanent Bench shall consist of such number of Judges of the High Court Division as the Chief Justice may deem it necessary to nominate to that Bench from time to time and on such nomination the Judges shall be deemed to have been transferred to that Bench.

(5) The President shall, in consultation with the Chief Justice, assign the area in relation to which each permanent Bench shall have Jurisdictions, powers and functions conferred or that may be conferred on the High Court Division by this Constitution or any other law ; and the area not so assigned shall be the area in relation to which the High Court Division sitting at the permanent seat of the Supreme Court shall have such jurisdictions, powers and functions.

(6) The Chief Justice shall make rules to provide for all incidental, supplemental or consequential matters relating to the permanent Benches.*

হাইকোর্ট বিভাগের
এখতিয়ার।

১০১। এই সংবিধান বা অন্য কোন আইনের দ্বারা হাইকোর্ট বিভাগের উপর
যে রূপ আদি, আপীল ও অন্য প্রকার এখতিয়ার, ক্ষমতা ও দায়িত্ব অর্পিত হইয়াছে বা
হইতে পারে উক্ত বিভাগের সেইরূপ এখতিয়ার, ক্ষমতা ও দায়িত্ব থাকিবে।

কতিপয় আদেশ ও
নির্দেশ প্রকৃতি দানের
ক্ষেত্রে হাইকোর্ট
বিভাগের ক্ষমতা।

১০২। (১) কোন সংক্ষুব্ধ ব্যক্তির আবেদনক্রমে এই সংবিধানের তৃতীয়
ভাগের দ্বারা অর্পিত অধিকারসমূহের যে কোন একটি বলবৎ করিবার জন্য প্রজাতন্ত্রের
বিষয়াবলীর সহিত সম্পর্কিত কোন দায়িত্ব পালনকারী ব্যক্তিসহ যে কোন ব্যক্তি বা
কর্তৃপক্ষকে হাইকোর্ট বিভাগ উপযুক্ত নির্দেশাবলী বা আদেশাবলী দান করিতে
পারিবেন।

(২) হাইকোর্ট বিভাগের নিকট যদি সন্তোষজনকভাবে প্রতীয়মান হয় যে,
আইনের দ্বারা অন্য কোন সমফলপ্রদ বিধান করা হয় নাই, তাহা হইলে

(ক) যে কোন সংক্ষুব্ধ ব্যক্তির আবেদনক্রমে

(অ) প্রজাতন্ত্র বা কোন স্থানীয় কর্তৃপক্ষের বিষয়াবলীর সহিত
সংশ্লিষ্ট যে কোন দায়িত্ব পালনে রত ব্যক্তিকে আইনের দ্বারা
অনুমোদিত নয়, এমন কোন কার্য করা হইতে বিরত রাখিবার
জন্য কিংবা আইনের দ্বারা তাহার করণীয় কার্য করিবার জন্য
নির্দেশ প্রদান করিয়া; অথবা

(আ) প্রজাতন্ত্র বা কোন স্থানীয় কর্তৃপক্ষের বিষয়াবলীর সহিত সংশ্লিষ্ট
যে কোন দায়িত্ব পালনে রত ব্যক্তির কৃত কোন কার্য বা গৃহীত
কোন কার্যধারা আইনসংগত কর্তৃত্ব ব্যতিরেকে করা হইয়াছে বা
গৃহীত হইয়াছে ও তাহার কোন আইনগত কার্যকরতা নাই
বলিয়া ঘোষণা করিয়া

উক্ত বিভাগ আদেশদান করিতে পারিবেন; অথবা

(খ) যে কোন ব্যক্তির আবেদনক্রমে

(অ) আইনসংগত কর্তৃত্ব ব্যতিরেকে বা বেআইনী উপায়ে কোন
ব্যক্তিকে প্রহরায় আটক রাখা হয় নাই বলিয়া যাহাতে উক্ত
বিভাগের নিকট সন্তোষজনকভাবে প্রতীয়মান হইতে পারে
সেইজন্য প্রহরায় আটক উক্ত ব্যক্তিকে উক্ত বিভাগের সম্মুখে
আনিয়নের নির্দেশ প্রদান করিয়া; অথবা

(আ) কোন সরকারী পদে আসীন বা আসীন বলিয়া বিবেচিত
কোন ব্যক্তিকে তিনি কোন কর্তৃত্ববলে অনুরূপ পদমর্যাদায়
অধিষ্ঠানের দাবী করিতেছেন, তাহা প্রদর্শনের নির্দেশ প্রদান
করিয়া

উক্ত বিভাগ আদেশদান করিতে পারিবেন।

101. The High Court Division shall have such original, appellate and other jurisdictions, powers and functions as are or may be conferred on it by this Constitution or any other law.

Jurisdiction of High Court Division.

102. (1) The High Court Division on the application of any person aggrieved, may give such directions or orders to any person or authority, including any person performing any function in connection with the affairs of the Republic, as may be appropriate for the enforcement of any of the fundamental rights conferred by Part III of this Constitution.

Powers of High Court Division to issue certain orders and directions, etc.

(2) The High Court Division may, if satisfied that no other equally efficacious remedy is provided by law—

(a) on the application of any person aggrieved make an order—

(i) directing a person performing any functions in connection with the affairs of the Republic or of a local authority to refrain from doing that which he is not permitted by law to do or to do that which he is required by law to do ; or

(ii) declaring that any act done or proceeding taken by a person performing functions in connection with the affairs of the Republic or of a local authority has been done, or taken without lawful authority and is of no legal effect ; or

(b) ~~on the application of any person, make an order—~~

habeas corpus
(i) directing that a person in custody be brought before it, so that it may satisfy itself that he is not being held in custody without lawful authority or in an unlawful manner ; or

quo warrant
(ii) requiring a person holding or purporting to hold a public office to show under what authority he claims to hold that office.

(৩) উপরি-উক্ত দফাসমূহে যাহা বলা হইয়াছে, তাহা সত্ত্বেও এই সংবিধানের ৪৭ অনুচ্ছেদ প্রযোজ্য হয়, এইরূপ কোন আইনের ক্ষেত্রে বর্তমান অনুচ্ছেদের অধীন অন্তর্বর্তীকালীন বা অন্য কোন আদেশদানের ক্ষমতা হাইকোর্ট বিভাগের থাকিবে না।

(৪) এই অনুচ্ছেদের (১) দফা কিংবা এই অনুচ্ছেদের (২) দফার (ক) উপ-দফার অধীন কোন আবেদনক্রমে যে ক্ষেত্রে অন্তর্বর্তী আদেশ প্রার্থনা করা হইয়াছে এবং অনুরূপ অন্তর্বর্তী আদেশ

(ক) যেখানে উন্নয়ন কর্মসূচী বাস্তবায়নের জন্য কোন ব্যবস্থার কিংবা কোন উন্নয়নমূলক কার্যের প্রতিকূলতা বা বাধা সৃষ্টি করিতে পারে; অথবা

(খ) যেখানে অন্য কোনভাবে জনস্বার্থের পক্ষে ক্ষতিকর হইতে পারে, সেইখানে অ্যাটর্নি-জেনারেলকে উক্ত আবেদন সম্পর্কে যুক্তিসংগত নোটিশদান এবং অ্যাটর্নি-জেনারেলের (কিংবা এই বিষয়ে তাহার দ্বারা ভারপ্রাপ্ত অন্য কোন এ্যাডভোকেটের) বক্তব্য শ্রবণ না করা পর্যন্ত এবং এই দফার (ক) বা (খ) উপ-দফায় উল্লেখিত প্রতিক্রিয়া সৃষ্টি করিবে না বলিয়া হাইকোর্ট বিভাগের নিকট সন্তোষজনকভাবে প্রতীয়মান না হওয়া পর্যন্ত উক্ত বিভাগ কোন অন্তর্বর্তী আদেশদান করিবেন না।

(৫) প্রসংগের প্রয়োজনে অন্যরূপ না হইলে এই অনুচ্ছেদে “ব্যক্তি” বলিতে সংবিধিগত সরকারী কর্তৃপক্ষ ও বাংলাদেশের প্রতিরক্ষা কর্মবিভাগসমূহ বা কোন শৃঙ্খলা বাহিনী-সংক্রান্ত আইনের অধীন প্রতিষ্ঠিত কোন আদালত বা ট্রাইব্যুনাল ব্যতীত কিংবা এই সংবিধানের ১১৭ অনুচ্ছেদ প্রযোজ্য হয়, এইরূপ কোন ট্রাইব্যুনাল ব্যতীত যে কোন আদালত বা ট্রাইব্যুনাল অন্তর্ভুক্ত হইবে।

১০৩। (১) হাইকোর্ট বিভাগের রায়, ডিক্রী, আদেশ বা দন্ডদেশের বিরুদ্ধে আপীল গুনানীর ও তাহা নিষ্পত্তির এখতিয়ার আপীল বিভাগের থাকিবে।

(২) হাইকোর্ট বিভাগের রায়, ডিক্রী, আদেশ বা দন্ডদেশের বিরুদ্ধে আপীল বিভাগের নিকট সেই ক্ষেত্রে অধিকারবলে আপীল করা যাইবে, যে ক্ষেত্রে হাইকোর্ট বিভাগ

(ক) এই মর্মে সার্টিফিকেট দান করিবেন যে, মামলাটির সহিত এই সংবিধান-ব্যখ্যার বিষয়ে আইনের গুরুত্বপূর্ণ প্রশ্ন জড়িত রহিয়াছে; অথবা

(খ) কোন ব্যক্তিকে মৃত্যুদণ্ডে বা যাবজ্জীবন কারাদণ্ডে দণ্ডিত করিয়াছেন; অথবা।

(3) Notwithstanding anything contained in the foregoing clauses, the High Court Division shall have no power under this article to pass any interim or other order in relation to any law to which article 47 applies.

(4) Whereon an application made under clause (1) or sub-clause (a) of clause (2), an interim order is prayed for and such interim order is likely to have the effect of—

- (a) prejudicing or interfering with any measure designed to implement any development programme, or any development work ; or
- (b) being otherwise harmful to the public interest, the High Court Division shall not make an interim order unless the Attorney-General has been given reasonable notice of the application and he (or an advocate authorised by him in that behalf) has been given an opportunity of being heard, and the High Court Division is satisfied that the interim order would not have the effect referred to in sub-clause (a) or sub-clause (b).

(5) In this article, unless the context otherwise requires, "person" includes a statutory public authority and any court or tribunal, other than a court or tribunal established under a law relating to the defence services of Bangladesh or any discipline force or a tribunal to which article 117 applies.

103. (1) The Appellate Division shall have jurisdiction to hear and determine appeals from judgments, decrees, orders or sentences of the High Court Division. Jurisdiction of Appellate Division

(2) An appeal to the Appellate Division from a judgment, decree, order or sentence of the High Court Division shall lie as of right where the High Court Division—

- (a) certifies that the case involves a substantial question of law as to the interpretation of this Constitution ; or
- (b) has sentenced a person to death or to ¹[imprisonment] for life ; or

¹Substituted for the word "transportation" by the Constitution (Eighth Amendment) Act, 1988 (Act XXX of 1988), s. 8.

(গ) উক্ত বিভাগের অবমাননার জন্য কোন ব্যক্তিকে দণ্ডদান করিয়াছেন :

এবং সংসদে আইন-দ্বারা যেরূপ বিধান করা হইবে, সেইরূপ অন্যান্য ক্ষেত্রে ।

(৩) হাইকোর্ট বিভাগের রায়, ডিক্রী, আদেশ বা দণ্ডদেশের বিরুদ্ধে যে মামলায় এই অনুচ্ছেদের (২) দফা প্রযোজ্য নহে, কেবল আপীল বিভাগ আপীলের অনুমতিদান করিলে সেই মামলায় আপীল চলিবে ।

(৪) সংসদ আইনের দ্বারা ঘোষণা করিতে পারিবেন যে, এই অনুচ্ছেদের বিধানসমূহ হাইকোর্ট বিভাগের প্রসঙ্গে যেরূপ প্রযোজ্য, অন্য কোন আদালত বা ট্রাইব্যুনালের ক্ষেত্রেও তাহা সেইরূপ প্রযোজ্য হইবে ।

আপীল বিভাগের
পরোয়ানা জারী ও
নির্বাহ ।

১০৪। কোন ব্যক্তির হাজিরা কিংবা কোন দলিলপত্র উদ্ঘাটন বা দাখিল করিবার আদেশসহ আপীল বিভাগের নিকট বিচারার্থী যে কোন মামলা বা বিষয়ে সম্পূর্ণ ন্যায়বিচারের জন্য যেরূপ প্রয়োজনীয় হইতে পারে, উক্ত বিভাগ সেইরূপ নির্দেশ, আদেশ, ডিক্রী বা রীট জারী করিতে পারিবেন ।

আপীল বিভাগ
কর্তৃক রায় বা
আদেশ
পুনর্বিবেচনা ।

১০৫। সংসদের যে কোন আইনের বিধানাবলী-সাপেক্ষে এবং আপীল বিভাগ কর্তৃক প্রণীত যে কোন বিধি-সাপেক্ষে আপীল বিভাগের কোন ঘোষিত রায় বা প্রদত্ত আদেশ পুনর্বিবেচনার ক্ষমতা উক্ত বিভাগের থাকিবে ।

সুপ্রীম কোর্টের
উপদেষ্টামূলক
এখতিয়ার ।

১০৬। যদি কোন সময়ে রাষ্ট্রপতির নিকট প্রতীয়মান হয় যে, আইনের এইরূপ কোন প্রশ্ন উত্থাপিত হইয়াছে বা উত্থাপনের সম্ভাবনা দেখা দিয়াছে, যাহা এমন ধরণের ও এমন জনগুরুত্বসম্পন্ন যে, সেই সম্পর্কে সুপ্রীম কোর্টের মতামত গ্রহণ করা প্রয়োজন, তাহা হইলে তিনি প্রশ্নটি আপীল বিভাগের বিবেচনার জন্য প্রেরণ করিতে পারিবেন এবং উক্ত বিভাগ স্থায়ী বিবেচনায় উপযুক্ত শুনানীর পর প্রশ্নটি সম্পর্কে রাষ্ট্রপতিকে স্থায়ী মতামত জ্ঞাপন করিতে পারিবেন ।

সুপ্রীম কোর্টের বিধি
প্রণয়ন-ক্ষমতা ।

১০৭। (১) সংসদ কর্তৃক প্রণীত যে কোন আইন-সাপেক্ষে সুপ্রীম কোর্ট রাষ্ট্রপতির অনুমোদন লইয়া প্রত্যেক বিভাগের এবং অধঃস্তন যে কোন আদালতের রীতি ও পদ্ধতি-নিয়ন্ত্রণের জন্য বিধিসমূহ প্রণয়ন করিতে পারিবেন ।

(২) সুপ্রীম কোর্ট এই অনুচ্ছেদের (১) দফা এবং এই সংবিধানের [১১৩ অনুচ্ছেদের] অধীন দায়িত্বসমূহের ভার উক্ত আদালতের কোন একটি বিভাগকে কিংবা এক বা একাধিক বিচারককে অর্পণ করিতে পারিবেন ।

^১ The Second Proclamation (Fifteenth Amendment) Order, 1978 (Second Proclamation Order No. IV of 1978) এর 2nd Schedule-বলে "১১৩, ১১৫ ও ১১৬ অনুচ্ছেদসমূহের" সংখ্যাসমূহ, কমা, অক্ষর এবং শব্দটির পরিবর্তে প্রতিস্থাপিত ।

- (c) has imposed punishment on a person for contempt of that division ;

and in such other cases as may be provided for by Act of Parliament.

(3) An appeal to the Appellate Division from a judgment, decree, order or sentence of the High Court Division in a case to which clause (2) does not apply shall lie only if the Appellate Division grants leave to appeal.

(4) Parliament may by law declare that the provisions of this article shall apply in relation to any other court or tribunal as they apply in relation to the High Court Division.

104. The Appellate Division shall have power to issue such directions, orders, decrees or writs as may be necessary for doing complete justice in any cause or matter pending before it, including orders for the purpose of securing the attendance of any person or the discovery or production of any document.

Issue and execution
of processes of
Appellate Division.

105. The Appellate Division shall have power, subject to the provisions of any Act of Parliament and of any rules made by the division to review any judgment pronounced or order made by it.

Review of judgments
or order by
Appellate Division.

106. If at any time it appears to the President that question of law has arisen, or is likely to arise, which is of such a nature and of such public importance that it is expedient to obtain the opinion of the Supreme Court upon it, he may refer the question to the Appellate Division for consideration and the division may, after such hearing as it thinks fit, report its opinion thereon to the President.

Advisory
jurisdiction of
Supreme Court.

107. (1) Subject to any law made by Parliament the Supreme Court may, with the approval of the President, make rules for regulating the practice and procedure of each division of the Supreme Court and of any court subordinate to it.

Rulemaking power
of the Supreme
Court.

(2) The Supreme Court may delegate any of its functions under clause (1) and article 113 to a division of that Court or to one or more judges.

(৩) এই অনুচ্ছেদের অধীন প্রণীত বিধিসমূহ-সাপেক্ষে কোন্ কোন্ বিচারককে লইয়া [কোন্ বিভাগের কোন্ বেঞ্চ গঠিত হইবে] এবং কোন্ কোন্ বিচারক কোন্ উদ্দেশ্যে আসনগ্রহণ করিবেন, তাহা প্রধান বিচারপতি নির্ধারণ করিবেন।

(৪) প্রধান বিচারপতি সুপ্রীম কোর্টের যে কোন বিভাগের কর্মে প্রবীণতম বিচারককে সেই বিভাগে এই অনুচ্ছেদের (৩) দফা কিংবা এই অনুচ্ছেদের অধীন প্রণীত বিধিসমূহ-দ্বারা অর্পিত যে কোন ক্ষমতাপ্রয়োগের ভার প্রদান করিতে পারিবেন।

"কোর্ট অব রেকর্ড"
রূপে সুপ্রীম কোর্ট।

১০৮। সুপ্রীম কোর্ট একটি "কোর্ট অব রেকর্ড" হইবেন এবং ইহার অবমাননার জন্য তদন্তের আদেশদান বা দণ্ডাদেশদানের ক্ষমতাসহ আইন-সাপেক্ষে অনুরূপ আদালতের সকল ক্ষমতার অধিকারী থাকিবেন।

আদালতসমূহের
উপর তত্ত্বাবধান ও
নিয়ন্ত্রণ।

১০৯। হাইকোর্ট বিভাগের অধস্তন সকল ^১[আদালত ও ট্রাইব্যুনালের] উপর উক্ত বিভাগের তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণ-ক্ষমতা থাকিবে।

অধস্তন আদালত
হইতে হাইকোর্ট
বিভাগে মামলা
স্থানান্তর।

১১০। হাইকোর্ট বিভাগের নিকট যদি সন্তোষজনকভাবে প্রতীয়মান হয় যে, উক্ত বিভাগের কোন অধঃস্তন আদালতের বিচারাধীন কোন মামলায় এই সংবিধানের ব্যাখ্যা-সংক্রান্ত আইনের এমন গুরুত্বপূর্ণ প্রশ্ন বা এমন জন-গুরুত্বসম্পন্ন বিষয় জড়িত রহিয়াছে, সংশ্লিষ্ট মামলার মীমাংসার জন্য যাহার সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ প্রয়োজন, তাহা হইলে হাইকোর্ট বিভাগ উক্ত আদালত হইতে মামলাটি প্রত্যাহার করিয়া লইবেন এবং

(ক) স্বয়ং মামলাটির মীমাংসা করিবেন; অথবা

(খ) উক্ত আইনের প্রশ্নটির নিষ্পত্তি করিবেন এবং উক্ত প্রশ্ন সম্বন্ধে হাইকোর্ট বিভাগের রায়ের নকলসহ যে আদালত হইতে মামলাটি প্রত্যাহার করা হইয়াছিল, সেই আদালতে (বা অন্য কোন অধঃস্তন আদালতে) মামলাটি ফেরত পাঠাইবেন এবং তাহা প্রাপ্ত হইবার পর সেই আদালত উক্ত রায়ের সহিত সঙ্গতি রক্ষা করিয়া মামলাটির মীমাংসা করিতে প্রবৃত্ত হইবেন।

সুপ্রীম কোর্টের রায়ের
বাধ্যতামূলক
কার্যকরতা।

১১১। আপীল বিভাগ কর্তৃক ঘোষিত আইন হাইকোর্ট বিভাগের জন্য এবং সুপ্রীম কোর্টের যে কোন বিভাগ কর্তৃক ঘোষিত আইন অধঃস্তন সকল আদালতের জন্য অবশ্যপালনীয় হইবে।

^১"কোন্ বিভাগের কোন্ বেঞ্চ গঠিত হইবে" শব্দসমূহ পুনর্বিধান করা হইয়াছে; কেননা সংবিধান (অষ্টম সংশোধন) আইন, ১৯৮৮ (১৯৮৮ সনের ৩০ নং আইন) বলে "কোন্ বিভাগের কোন্ বেঞ্চ গঠিত হইবে" শব্দসমূহের পরিবর্তে "সুপ্রীম কোর্টের কোন্ বিভাগের কোন্ বেঞ্চ গঠিত হইবে বা ১০০ অনুচ্ছেদের (৩) দফায় উল্লিখিত হাইকোর্ট বিভাগের কোন্ স্থায়ী বেঞ্চের কোন্ বেঞ্চ গঠিত হইবে" শব্দসমূহ, সংখ্যাসমূহ এবং বঙ্গবীজসমূহ প্রতিস্থাপিত হইয়াছিল, যাহা মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগ কর্তৃক এফিত্যার পরিসূত্র ও অকার্যকর ঘোষণা করা হইয়াছে। [৪১ তি.এল. আর, ১৯৮৯ (এ, ডি.) পৃঃ ১৩৫]।

^২সংবিধান (দ্বাদশ সংশোধন) আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২৮ নং আইন)-এর ১১ ধারাবলে "আদালতের" শব্দটির পরিবর্তে "আদালত ও ট্রাইব্যুনালের" শব্দগুলি প্রতিস্থাপিত।

(3) Subject to any rules made under this article the Chief Justice shall determine which judges are to constitute any Bench of a division of the Supreme Court ¹ * * * * and which judges are to sit for any purpose.

(4) The Chief Justice may authorise the next most senior judge of either division of the Supreme Court to exercise in that division any of the powers conferred by clause (3) or by rules made under this article.

108. The Supreme Court shall be a court of record and shall have all the powers of such a court including the power subject to law to make an order for the investigation of or punishment for any contempt of itself.

Supreme Court as court of record.

109. The High Court Division shall have superintendence and control over all courts ²[and tribunals] subordinate to it.

Superintendence and control over courts.

110. If the High Court Division is satisfied that a case pending in a court subordinate to it involves a substantial question of law as to the interpretation of this Constitution, or on a point of general public importance, the determination of which is necessary for the disposal of the case, it shall withdraw the case from that court and may—

Transfer of cases from subordinate courts to High Court Division.

- (a) either dispose of the case itself ; or
- (b) determine the question of law and return the case to the court from which it has been so withdrawn (or transfer it to another subordinate court) together with a copy of the judgment of the division on such question, and the court to which the case is so returned or transferred shall, on receipt thereof, proceed to dispose of the case in conformity with such judgment.

111. The law declared by the Appellate Division shall be binding on the High Court Division and the law declared by either division of the Supreme Court shall be binding on all courts subordinate to it.

Binding effect of Supreme Court judgments.

¹Inserted by the Constitution (Eighth Amendment) Act, 1988 (Act XXX of 1988), omitted in consequence of the amendment of article 100 by the said Act being declared invalid and held *ultravires* by the Appellate Division of the Supreme Court (41 D : L.R., 1989 (AD), p. 165.

²Inserted by the Constitution (Twelfth Amendment) Act, 1991 (Act XXVIII of 1991), s. 11.

সুপ্রীম কোর্টের
সহায়তা।

১১২। প্রজাতন্ত্রের রাষ্ট্রীয় সীমানার অন্তর্ভুক্ত সকল নির্বাহী ও বিচার বিভাগীয় কর্তৃপক্ষ সুপ্রীম কোর্টের সহায়তা করিবেন।

সুপ্রীম কোর্টের
কর্মচারীগণ।

১১৩। (১) প্রধান বিচারপতি কিংবা তাঁহার নির্দেশক্রমে অন্য কোন বিচারক বা কর্মচারী সুপ্রীম কোর্টের কর্মচারীদেরকে নিযুক্ত করিবেন এবং রাষ্ট্রপতির পূর্বনুমোদনক্রমে সুপ্রীম কোর্ট কর্তৃক প্রণীত বিধিসমূহ-অনুযায়ী এই নিয়োগদান করা হইবে।

(২) সংসদের যে কোন আইনের বিধানাবলী-সাপেক্ষে সুপ্রীম কোর্ট কর্তৃক প্রণীত বিধিসমূহে যেরূপ নির্ধারিত হইবে, সুপ্রীম কোর্টের কর্মচারীদের কর্মের শর্তাবলী সেইরূপ হইবে।

২য় পরিচ্ছেদ — অধস্তন আদালত

অধস্তন আদালত-
সমূহ প্রতিষ্ঠা।

১১৪। আইনের দ্বারা যেরূপ প্রতিষ্ঠিত হইবে, সুপ্রীম কোর্ট ব্যতীত সেইরূপ অন্যান্য অধস্তন আদালত থাকিবে।

অধস্তন আদালতে
নিয়োগ।

¶[১১৫। বিচারবিভাগীয় পদে বা বিচারবিভাগীয় দায়িত্বপালনকারী ম্যাজিস্ট্রেট পদে রাষ্ট্রপতি কর্তৃক উক্ত উদ্দেশ্যে প্রণীত বিধিসমূহ অনুযায়ী রাষ্ট্রপতি নিয়োগদান করিবেন।]

অধস্তন
আদালতসমূহের
নিয়ন্ত্রণ ও শৃঙ্খলা।

১১৬। বিচার-কর্মবিভাগে নিযুক্ত ব্যক্তিদের এবং বিচারবিভাগীয় দায়িত্বপালনে রত ম্যাজিস্ট্রেটদের নিয়ন্ত্রণ (কর্মস্থল-নির্ধারণ, পদোন্নতিদান ও ছুটি-মঞ্জুরীসহ) ও শৃঙ্খলাবিধান [রাষ্ট্রপতির] উপর ন্যস্ত থাকিবে [এবং সুপ্রীম কোর্টের সহিত পরামর্শক্রমে রাষ্ট্রপতি কর্তৃক তাহা প্রযুক্ত হইবে]।

বিচারবিভাগীয়
কর্মচারীগণ
বিচারকার্য পালনের
ক্ষেত্রে স্বাধীন।

¶[১১৬ক। এই সংবিধানের বিধানাবলী সাপেক্ষে বিচার-কর্মবিভাগে নিযুক্ত ব্যক্তিগণ এবং ম্যাজিস্ট্রেটগণ বিচারকার্য পালনের ক্ষেত্রে স্বাধীন থাকিবেন।]

৩য় পরিচ্ছেদ—প্রশাসনিক ট্রাইব্যুনাল

প্রশাসনিক
ট্রাইব্যুনালসমূহ।

১১৭। (১) ইতঃপূর্বে যাহা বলা হইয়াছে, তাহা সত্ত্বেও নিম্নলিখিত ক্ষেত্রসমূহ সম্পর্কে বা ক্ষেত্রসমূহ হইতে উদ্ভূত বিষয়াদির উপর এখতিয়ার-প্রয়োগের জন্য সংসদ আইনের দ্বারা এক বা একাধিক প্রশাসনিক ট্রাইব্যুনাল প্রতিষ্ঠিত করিতে পারিবেন :

^১ সংবিধান (চতুর্থ সংশোধন) আইন, ১৯৭৫ (১৯৭৫ সনের ২নং আইন)-এর ১৮ ধারাবলে ১১৫ অনুচ্ছেদের পরিবর্তে প্রতিস্থাপিত।

^২ উপরোক্ত আইনের ১৯ ধারাবলে "সুপ্রীম কোর্টের" শব্দগুলির পরিবর্তে শব্দটি প্রতিস্থাপিত।

^৩ The Second Proclamation (Fifteenth Amendment) Order, 1978 (Second Proclamation Order No. IV of 1978) এর 2nd Schedule-তে সন্নিবেশিত।

^৪ সংবিধান (চতুর্থ সংশোধন) আইন, ১৯৭৫ (১৯৭৫ সনের ২নং আইন)-এর ২০ ধারাবলে সন্নিবেশিত।

112. All authorities, executive and judicial, in the Republic shall act in aid of the Supreme Court. Action in aid of Supreme Court.

113. (1) Appointments to the staff of the Supreme Court shall be made by the Chief Justice or such other judge or officer of that court as he may direct, and shall be made in accordance with rules made with the previous approval of the President by the Supreme Court. Staff of Supreme Court.

(2) Subject to the provisions of any Act of Parliament the conditions of service of members of the staff of the Supreme Court shall be such as may be prescribed by rules made by that court.]

CHAPTER II—SUBORDINATE COURTS

114. There shall be in addition to the Supreme Court ¹* * such courts subordinate thereto as may be established by law. Establishment of subordinate courts.

²[115. Appointments of persons to offices in the judicial service or as magistrates exercising judicial functions shall be made by the President in accordance with rules made by him in that behalf.] Appointments to subordinate courts.

116. The control (including the power of posting, promotion and grant of leave) and discipline of persons employed in the judicial service and magistrates exercising judicial functions shall vest in the ³[President] ⁴[and shall be exercised by him in consultation with the Supreme Court]. Control and discipline of subordinate courts.

⁵[116A. Subject to provisions of the Constitution, all persons employed in the judicial service and all magistrates shall be independent in the exercise of their judicial functions.] Judicial officers to be independent in the exercise of their functions.

CHAPTER III—ADMINISTRATIVE TRIBUNALS

117. (1) Notwithstanding anything hereinbefore contained, Parliament may by law establish one or more administrative tribunals to exercise jurisdiction in respect of matters relating to or arising out of— Administrative tribunals.

¹The words "and the High Court" were omitted by the Second Proclamation (Tenth Amendment) Order, 1977 (Second Proclamation Order No. 1 of 1977).

²Substituted for the former article 115 by the Constitution (Fourth Amendment) Act, 1975 (Act II of 1975), s.19.

³Substituted for the words "Supreme Court", *ibid.*, s. 20.

⁴Inserted by the Second Proclamation (Fifteenth Amendment) Order, 1978 (Second Proclamation Order No. IV of 1978).

⁵Inserted by the Constitution (Fourth Amendment) Act, 1975 (Act II of 1975), s. 21.

- (ক) নবম ভাগে বর্ণিত বিষয়াদি এবং অর্ধদস্ত বা অন্য দস্তসহ প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত ব্যক্তিদের কর্মের শর্তাবলী ;
- (খ) যে কোন রাষ্ট্রায়ত্ত্ব উদ্যোগ বা সংবিধিবদ্ধ সরকারী কর্তৃপক্ষের চালনা ও ব্যবস্থাপনা এবং অনুরূপ উদ্যোগ বা সংবিধিবদ্ধ সরকারী কর্তৃপক্ষে কর্মসহ কোন আইনের দ্বারা বা অধীন সরকারের উপর ন্যস্ত বা সরকারের দ্বারা পরিচালিত কোন সম্পত্তির অর্জন, প্রশাসন, ব্যবস্থাপনা ও বিলি-ব্যবস্থা ;
- (গ) যে আইনের উপর এই সংবিধানের ১০২ অনুচ্ছেদের ১(৩) দফা প্রযোজ্য হয়, সেইরূপ কোন আইন।

(২) কোন ক্ষেত্রে এই অনুচ্ছেদের অধীন কোন প্রশাসনিক ট্রাইব্যুনাল প্রতিষ্ঠিত হইলে অনুরূপ ট্রাইব্যুনালের এখতিয়ারের অন্তর্গত কোন বিষয়ে অন্য কোন আদালত কোনরূপ কার্যধারা গ্রহণ করিবেন না বা কোন আদেশ প্রদান করিবেন না :

তবে শর্ত থাকে যে, সংসদ আইনের দ্বারা অনুরূপ কোন ট্রাইব্যুনালের সিদ্ধান্ত পুনর্বিবেচনা বা অনুরূপ সিদ্ধান্তের বিরুদ্ধে আপীলের বিধান করিতে পারিবেন।

* * * * *

²The Second Proclamation (Fifteenth Amendment) Order, 1978 (Second Proclamation Order No. IV of 1978) এর 2nd Schedule-বলে "(২)" সংখ্যা ও বন্ধনীসমূহের পরিবর্তে প্রতিস্থাপিত।

³উপরোক্ত আদেশ-বলে "মন্ত্র-ক ভাগ-জাতীয় দল" বিলুপ্ত।

- (a) the terms and conditions of persons in the service of the Republic, including the matters provided for in Part IX and the award of penalties or punishments ;
- (b) the acquisition, administration, management and disposal of any property vested in or managed by the Government by or under any law, including the operation and management of, and service in any nationalised enterprise or statutory public authority ;
- ¹(c) any law to which clause (3) of article 102 applies.]

(2) Where any administrative tribunal is established under this article, no court shall entertain any proceedings or make any order in respect of any matter falling within the jurisdiction of such tribunal :

* Provided that Parliament may, by law, provide for appeals from, or the review of, decisions of any such tribunal.

2* * * * *

¹Substituted for the former sub-clause (c) by the Second Proclamation (Tenth Amendment) Order, 1977 (Second Proclamation Order No. 1 of 1977).

²*PART VIA-THE NATIONAL PARTY* omitted by the Proclamation, dated the 8th November, 1975.

সপ্তম ভাগ

নির্বাচন

নির্বাচন কমিশন
প্রতিষ্ঠা।

১১৮। (১) প্রধান নির্বাচন কমিশনারকে লইয়া এবং রষ্ট্রেপতি সময়ে সময়ে যেরূপ নির্দেশ করিবেন, সেইরূপ সংখ্যক অন্যান্য নির্বাচন কমিশনারকে লইয়া বাংলাদেশের একটি নির্বাচন কমিশন থাকিবে এবং উক্ত বিষয়ে প্রণীত কোন আইনের বিধানাবলী-সাপেক্ষে রষ্ট্রেপতি প্রধান নির্বাচন কমিশনারকে ও অন্যান্য নির্বাচন কমিশনারকে নিয়োগদান করিবেন।

(২) একাধিক নির্বাচন কমিশনারকে লইয়া নির্বাচন কমিশন গঠিত হইলে প্রধান নির্বাচন কমিশনার তাহার সভাপতিরূপে কার্য করিবেন।

(৩) এই সংবিধানের বিধানাবলী-সাপেক্ষে কোন নির্বাচন কমিশনারের পদের মেয়াদ তাঁহার কার্যভার গ্রহণের তারিখ হইতে পাঁচ বৎসরকাল হইবে এবং

(ক) প্রধান নির্বাচন কমিশনার-পদে অধিষ্ঠিত ছিলেন, এমন কোন ব্যক্তি প্রজাতন্ত্রের কর্মে নিয়োগলাভের যোগ্য হইবেন না ;

(খ) অন্য কোন নির্বাচন কমিশনার অনুরূপ পদে কর্মাবসানের পর প্রধান নির্বাচন কমিশনাররূপে নিয়োগলাভের যোগ্য হইবেন, তবে অন্য কোনভাবে প্রজাতন্ত্রের কর্মে নিয়োগলাভের যোগ্য হইবেন না।

(৪) নির্বাচন কমিশন দায়িত্বপালনের ক্ষেত্রে স্বাধীন থাকিবেন এবং কেবল এই সংবিধান ও আইনের অধীন হইবেন।

(৫) সংসদ কর্তৃক প্রণীত যে কোন আইনের বিধানাবলী-সাপেক্ষে নির্বাচন কমিশনারদের কর্মের শর্তাবলী রষ্ট্রেপতি আদেশের দ্বারা যেরূপ নির্ধারণ করিবেন, সেইরূপ হইবে :

তবে শর্ত থাকে যে, সুপ্রীম কোর্টের বিচারক যেরূপ পদ্ধতি ও কারণে অপসারিত হইতে পারেন, সেইরূপ পদ্ধতি ও কারণ ব্যতীত কোন নির্বাচন কমিশনার অপসারিত হইবেন না।

(৬) কোন নির্বাচন কমিশনার রষ্ট্রেপতিকে উদ্দেশ্য করিয়া স্বাক্ষরযুক্ত পত্রযোগে স্বীয় পদ ত্যাগ করিতে পারিবেন।

নির্বাচন কমিশনের
দায়িত্ব।

১১৯। ^১(১) রষ্ট্রেপতি পদের ও সংসদের নির্বাচনের জন্য ভোটার-তালিকা প্রস্তুতকরণের তত্ত্বাবধান, নির্দেশ ও নিয়ন্ত্রণ এবং অনুরূপ নির্বাচন পরিচালনার দায়িত্ব নির্বাচন কমিশনের উপর ন্যস্ত থাকিবে এবং নির্বাচন কমিশন এই সংবিধান ও আইনানুযায়ী

(ক) রষ্ট্রেপতি পদের নির্বাচন অনুষ্ঠান করিবেন :

^১ নির্বাচন (দ্বন্দ্ব সংশোধন) আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২৮ নং আইন)-এর ১২ ধারাবলে
(১) সকল পরিবারে প্রতিস্থাপিত।

PART VII
ELECTIONS

118. (1) There shall be an Election Commission for Bangladesh consisting of a Chief Election Commissioner and such number of other Election Commissioners, if any, as the President may from time to time direct, and the appointment of the Chief Election Commissioner and other Election Commissioners (if any) shall, subject to the provisions of any law made in that behalf, be made by the President.

Establishment of
Election
Commission.

(2) When the Election Commission consists of more than one person, the Chief Election Commissioner shall act as the chairman thereof.

(3) Subject to the provisions of this Constitution the term of office of an Election Commissioner shall be five years from the date on which he enters upon his office, and—

- (a) a person who has held office as Chief Election Commissioner shall not be eligible for appointment in the service of the Republic ;
- (b) any other Election Commissioner shall, on ceasing to hold office as such, be eligible for appointment as Chief Election Commissioner but shall not be otherwise eligible for appointment in the service of the Republic.

(4) The Election Commission shall be independent in the exercise of its functions and subject only to this Constitution and any other law.

(5) Subject to the provisions of any law made by Parliament, the conditions of service of Election Commissioners shall be such as the President may, by order, determine :

Provided that an Election Commissioner shall not be removed from his office except in like manner and on the like grounds as a judge of the ¹[Supreme Court].

(6) An Election Commissioner may resign his office by writing under his hand addressed to the President.

119. ²{(1) The superintendence, direction and control of the preparation of the electoral rolls for elections to the office of President and to Parliament and the conduct of such elections shall vest in the Election Commission which shall, in accordance with this Constitution and any other law—

Functions of
Election
Commission.

- (a) hold elections to the office of President ;

¹Substituted for the words "High Court" by the Second Proclamation (Tenth Amendment) Order, 1977 (Second Proclamation Order No. I of 1977).

²Substituted for the former clause (1) by the Constitution (Twelfth Amendment) Act, 1991 (Act XXVIII of 1991), s. 12.

- (খ) সংসদ-সদস্যদের নির্বাচন অনুষ্ঠান করিবেন ;
- (গ) সংসদে নির্বাচনের জন্য নির্বাচনী এলাকার সীমানা নির্ধারণ করিবেন ; এবং
- (ঘ) র‍াষ্ট্রপতির পদের এবং সংসদের নির্বাচনের জন্য ভোটার-তালিকা প্রস্তুত করিবেন।]

(২) উপরি-উক্ত দফাসমূহে নির্ধারিত দায়িত্বসমূহের অতিরিক্ত যেরূপ দায়িত্ব এই সংবিধান বা অন্য কোন আইনের দ্বারা নির্ধারিত হইবে, নির্বাচন কমিশন সেইরূপ দায়িত্ব পালন করিবেন।

নির্বাচন কমিশনের কর্মচারীগণ।

১২০। এই ভাগের অধীন নির্বাচন কমিশনের উপর ন্যস্ত দায়িত্ব পালনের জন্য যেরূপ কর্মচারীর প্রয়োজন হইবে, নির্বাচন কমিশন অনুরোধ করিলে র‍াষ্ট্রপতি নির্বাচন কমিশনকে সেইরূপ কর্মচারী প্রদানের ব্যবস্থা করিবেন।

প্রতি এলাকার জন্য একটামাত্র ভোটার তালিকা।

১২১। সংসদের নির্বাচনের জন্য প্রত্যেক আঞ্চলিক নির্বাচনী এলাকার একটি করিয়া ভোটার-তালিকা থাকিবে এবং ধর্ম, জাত, বর্ণ ও নারী-পুরুষভেদের ভিত্তিতে ভোটারদের বিন্যস্ত করিয়া কোন বিশেষ ভোটার-তালিকা প্রণয়ন করা যাইবে না।

ভোটার-তালিকায় নামভুক্তির যোগ্যতা।

১২২। (১) প্রাপ্ত বয়স্কের ভোটাধিকার-ভিত্তিতে * * * সংসদের নির্বাচন অনুষ্ঠিত হইবে।

(২) কোন ব্যক্তি সংসদের নির্বাচনের জন্য নির্ধারিত কোন নির্বাচনী এলাকায় ভোটার-তালিকাত্ত হইবার অধিকারী হইবেন, যদি

- (ক) তিনি বাংলাদেশের নাগরিক হন ;
- (খ) তাহার বয়স আঠার বৎসরের কম না হয় ;
- (গ) কোন যোগ্য আদালত কর্তৃক তাহার সম্পর্কে অপ্রকৃতিস্থ বলিয়া ঘোষণা বহাল না থাকিয়া থাকে ;^১[এবং]
- (ঘ) তিনি ঐ নির্বাচনী এলাকার অধিবাসী বা আইনের দ্বারা ঐ নির্বাচনী এলাকার অধিবাসী বিবেচিত হন^২।]

* * * * *

* * * * *

^১ সংবিধান (দ্বাদশ সংশোধন) আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২৮নং আইন)-এর ১৩(ক) ধারাবলে "রাষ্ট্রপতি ও উপ-রাষ্ট্রপতি পদের ও" শব্দগুলি বিলুপ্ত।

^২ The Second Proclamation (Fifteenth Amendment) Order, 1978 (Second Proclamation Order No. IV of 1978) এর 2nd Schedule বলে শব্দটি সংযোজিত।

^৩ উপরোক্ত আদেশবলে " : এবং " সেমিকোলন ও শব্দটির পরিবর্তে প্রতিস্থাপিত।

^৪ উপরোক্ত আদেশবলে (৩) উপ-দফা বিলুপ্ত।

^৫ সংবিধান (দ্বাদশ সংশোধন) আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২৮নং আইন)-এর ১৩(ঘ) ধারাবলে (৩) দফা বিলুপ্ত।

- (b) hold elections of members of Parliament ;
- (c) delimit the constituencies for the purpose of elections to Parliament ; and
- (d) prepare electoral rolls for the purpose of elections to the office of President and to Parliament.]

(2) The Election Commission shall perform such functions, in addition to those specified in the foregoing clauses, as may be prescribed by this Constitution or by any other law.

120. The President shall, when so requested by the Election Commission, make available to it such staff as may be necessary for the discharge of its functions under this Part. Staff of Election Commission.

121. There shall be one electoral roll for each constituency for the purposes of elections to Parliament, and no special electoral roll shall be prepared so as to classify electors according to religion, race, caste or sex. Single electoral roll for each constituency.

122. (1) The elections ¹ * * * to Parliament shall be on the basis of adult franchise. Qualifications for registration as voter.

(2) A person shall be entitled to be enrolled on the electoral roll for a constituency delimited for the purpose of election to the Parliament, if he—

- (a) is a citizen of Bangladesh ;
- (b) is not less than eighteen years of age ;
- (c) does not stand declared by a competent court to be of unsound mind ; ²[and]
- (d) is or is deemed by law to be a resident of that constituency ³[.]

4. * * * * *

5. * * * * *

¹The words "to the offices of President and Vice-President and" were omitted by the Constitution (Twelfth Amendment) Act, 1991 (Act XXVIII of 1991), s. 13(a).

²Added by the Second Proclamation (Third Amendment) Order, 1975 (Second Proclamation Order No. III of 1975).

³Substituted for the semi-colon and word " ; and", *ibid.*

⁴Sub-clause (e) was omitted, *ibid.*

⁵Clause (3) was omitted by the Constitution (Twelfth Amendment) Act, 1991 (Act XXVIII of 1991), s. 13(b).

নির্বাচন-অনুষ্ঠানের
সময়।

১২৩।^১ (১) রাষ্ট্রপতি-পদের মেয়াদ অবসানের কারণে উক্ত পদ শূন্য হইলে মেয়াদ-সমাপ্তির তারিখের পূর্ববর্তী নব্বই হইতে ষাট দিনের মধ্যে শূন্য পদ পূরণের জন্য নির্বাচন অনুষ্ঠিত হইবে :

তবে শর্ত থাকে যে, যে সংসদের দ্বারা তিনি নির্বাচিত হইয়াছেন সেই সংসদের মেয়াদকালে রাষ্ট্রপতির কার্যকাল শেষ হইলে সংসদের পরবর্তী সাধারণ নির্বাচন না হওয়া পর্যন্ত অনুরূপ শূন্য পদ পূর্ণ করিবার জন্য নির্বাচন অনুষ্ঠিত হইবে না, এবং অনুরূপ সাধারণ নির্বাচনের পর সংসদের প্রথম বৈঠকের দিন হইতে ত্রিশ দিনের মধ্যে রাষ্ট্রপতির শূন্য পদ পূর্ণ করিবার জন্য নির্বাচন অনুষ্ঠিত হইবে।

(২) মৃত্যু, পদত্যাগ বা অপসারণের ফলে রাষ্ট্রপতির পদ শূন্য হইলে পদটি শূন্য হইবার পর নব্বই দিনের মধ্যে, তাহা পূর্ণ করিবার জন্য নির্বাচন অনুষ্ঠিত হইবে।]

^২ [(৩) মেয়াদ অবসানের কারণে অথবা মেয়াদ অবসান ব্যতীত অন্য কোন কারণে সংসদ ভাঙিয়া যাইবার পরবর্তী নব্বই দিনের মধ্যে সংসদ-সদস্যদের সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হইবে।]

(৪) সংসদ ভাঙিয়া যাওয়া ব্যতীত অন্য কোন কারণে সংসদের কোন সদস্যপদ শূন্য হইলে পদটি শূন্য হইবার নব্বই দিনের মধ্যে উক্ত শূন্যপদ পূর্ণ করিবার জন্য নির্বাচন অনুষ্ঠিত হইবে।] :

তবে শর্ত থাকে যে, যদি প্রধান নির্বাচন কমিশনারের মতে, কোন দৈব-দুর্বিপাকের কারণে এই দফার নির্ধারিত মেয়াদের মধ্যে উক্ত নির্বাচন অনুষ্ঠান সম্ভব না হয়, তাহা হইলে উক্ত মেয়াদের শেষ দিনের পরবর্তী নব্বই দিনের মধ্যে উক্ত নির্বাচন অনুষ্ঠিত হইবে।]

নির্বাচন সম্পর্কে
সংসদের বিধান
প্রণয়নের ক্ষমতা।

^৩ [১২৪। এই সংবিধানের বিধানাবলী সাপেক্ষে সংসদ আইনের দ্বারা নির্বাচনী এলাকার সীমা নির্ধারণ, ভোটার-তালিকা প্রস্তুতকরণ, নির্বাচন অনুষ্ঠান এবং সংসদের যথাযথ গঠনের জন্য প্রয়োজনীয় অন্যান্য বিষয়সহ সংসদের নির্বাচন সংক্রান্ত বা নির্বাচনের সহিত সম্পর্কিত সকল বিষয়ে বিধান প্রণয়ন করিতে পারিবেন।]

^১ সংবিধান (দ্বাদশ সংশোধন) আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২৮নং আইন)-এর ১৪(ক) ধারাবলে (১), (২), (২ক) এবং (২খ) দফার পরিবর্তে প্রতিস্থাপিত।

^২ সংবিধান (এয়োদশ সংশোধন) আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ১নং আইন)-এর ৬ ধারাবলে (৩) দফার পরিবর্তে প্রতিস্থাপিত।

^৩ সংবিধান (দ্বাদশ সংশোধন) আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২৮নং আইন)-এর ১৪(খ) ধারাবলে (৪) দফার শেষে "।" দাঁড়ির পরিবর্তে "ঃ" কোলন প্রতিস্থাপিত এবং তৎপর শর্তাংশটি সংযোজিত।

^৪ উপরোক্ত আইনের ১৫ ধারাবলে ১২৪ অনুচ্ছেদের পরিবর্তে প্রতিস্থাপিত।

123. ¹[(1) In the case of a vacancy in the office of President occurring by reason of the expiration of his term of office an election to fill the vacancy shall be held within the period of ninety to sixty days prior to the date of expiration of the term : Time for holding elections.

Provided that if the term expires before the dissolution of the Parliament by members of which he was elected the election to fill the vacancy shall not be held until after the next general election of members of Parliament, but shall be held within thirty days after the first sitting of Parliament following such general election.

(2) In the case of a vacancy in the office of President occurring by reason of the death, resignation or removal of the President, an election to fill the vacancy shall be held within the period of ninety days after the occurrence of the vacancy.]

²[(3) A general election of members of Parliament shall be held within ninety days after Parliament is dissolved, whether by reason of the expiration of its term or otherwise than by reason of such expiration.]

(4) An election to fill the seat of a member of Parliament which falls vacant otherwise than by reason of the dissolution of Parliament shall be held within ninety days of the occurrence of the vacancy [:]³

³[Provided that in a case where, in the opinion of the Chief Election Commissioner, it is not possible, for reasons of an act of God, to hold such election within the period specified in this clause, such election shall be held within ninety days following next after the last day of such period.]

⁴[124. Subject to the provisions of this Constitution, Parliament may by law make provision with respect to all matters relating to or in connection with elections to Parliament, including the delimitation of constituencies, the preparation of electoral rolls, the holding of elections, and all other matters necessary for securing the due Constitution of Parliament.] Parliament may make provision as to elections.

¹ Substituted for clauses (1), (2), (2A) and (2B) by the Constitution (Twelfth Amendment) Act, 1991 (Act XXVIII of 1991), s. 14(a).

² Substituted for the former clause (3) by the Constitution (Thirteenth Amendment) Act, 1996 (Act I of 1996), s. 6.

³ The colon was substituted for the full-stop at the end of clause (4) and thereafter the proviso was added by the Constitution (Twelfth Amendment) Act, 1991 (Act XXVIII of 1991), s. 14(b).

⁴ Article 124 was substituted for the former article 124, *ibid.*, s. 15.

নির্বাচনী আইন ও
নির্বাচনের বৈধতা।

১২৫। এই সংবিধানে যাহা বলা হইয়াছে, তাহা সত্ত্বেও

- (ক) এই সংবিধানের ১২৪ অনুচ্ছেদের অধীন প্রণীত বা প্রণীত বলিয়া বিবেচিত নির্বাচনী এলাকার সীমা নির্ধারণ, কিংবা অনুরূপ নির্বাচনী এলাকার জন্য আসন-বন্টন সম্পর্কিত যে কোন আইনের বৈধতা সম্পর্কে কোন আদালতে প্রশ্ন উত্থাপন করা যাইবে না ;
- (খ) সংসদ কর্তৃক প্রণীত কোন আইনের দ্বারা বা অধীন বিধান-অনুযায়ী কর্তৃপক্ষের নিকট এবং অনুরূপভাবে নির্ধারিত প্রণালীতে নির্বাচনী দরখাস্ত ব্যতীত [রট্টেপতি * * পদে] নির্বাচন বা সংসদের কোন নির্বাচন সম্পর্কে কোন প্রশ্ন উত্থাপন করা যাইবে না।

নির্বাচন কমিশনকে
নির্বাচনী কর্তৃপক্ষের
সহায়তাদান।

১২৬। নির্বাচন কমিশনের দায়িত্বপালনে সহায়তা করা সকল নির্বাচনী কর্তৃপক্ষের কর্তব্য হইবে।

^১ সংবিধান (নবম সংশোধন) আইন, ১৯৮৯ (১৯৮৯ সনের ৩৮নং আইন)-এর ১৩ ধারাবলে "রট্টেপতি-পদে" শব্দটির পরিবর্তে শব্দগুলি প্রতিস্থাপিত।

^২ সংবিধান (দ্বাদশ সংশোধন) আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২৮নং আইন)-এর ১৬ ধারাবলে "ও উপ-রট্টেপতি" শব্দগুলি বিলুপ্ত।

125. Notwithstanding anything in this Constitution—

Validity of election
law and elections.

- (a) the validity of any law relating to the delimitation of constituencies, or the allotment of seats to such constituencies, made or purporting to be made under article 124, shall not be called in question in any court;
- (b) no election to the ¹[offices of President ²* *] or to Parliament shall be called in question except by an election petition presented to such authority and in such manner as may be provided for by or under any law made by Parliament.

126. It shall be the duty of all executive authorities to assist the Election Commission in the discharge of its functions.

Executive
authorities to assist
Election
Commission.

¹Substituted for the words "office of President" by the Constitution (Ninth Amendment) Act, 1989 (Act XXXVIII of 1989), s. 14.

²The words "and Vice-President" were omitted by the Constitution (Twelfth Amendment) Act, 1991 (Act XXVIII of 1991), s. 16.

অষ্টম ভাগ

মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক

মহা হিসাব-নিরীক্ষক
পদের প্রতিষ্ঠা।

১২৭। (১) বাংলাদেশের একজন মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক (অতঃপর "মহা হিসাব-নিরীক্ষক" নামে অভিহিত) থাকিবেন এবং তাঁহাকে রাষ্ট্রপতি নিয়োগদান করিবেন।

(২) এই সংবিধান ও সংসদ কর্তৃক প্রণীত যে কোন আইনের বিধানাবলী সাপেক্ষে মহা হিসাব-নিরীক্ষকের কর্মের শর্তাবলী রাষ্ট্রপতি আদেশের দ্বারা যেরূপ নির্ধারণ করিবেন, সেইরূপ হইবে।

মহা হিসাব-
নিরীক্ষকের দায়িত্ব।

১২৮। (১) মহা হিসাব-নিরীক্ষক প্রজাতন্ত্রের সরকারী হিসাব এবং সকল আদালত, সরকারী কর্তৃপক্ষ ও কর্মচারীর সরকারী হিসাব নিরীক্ষা করিবেন ও অনুরূপ হিসাব সম্পর্কে রিপোর্ট দান করিবেন এবং সেই উদ্দেশ্যে তিনি কিংবা সেই প্রয়োজনে তাঁহার দ্বারা ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত যে কোন ব্যক্তির দখলভুক্ত সকল নথি, বহি, রসিদ, দলিল, নগদ অর্থ, স্ট্যাম্প, জামিন, ভান্ডার বা অন্য প্রকার সরকারী সম্পত্তি পরীক্ষার অধিকারী হইবেন।

(২) এই অনুচ্ছেদের (১) দফায় বর্ণিত বিধানাবলীর হানি না করিয়া বিধান করা হইতেছে যে, আইনের দ্বারা প্রত্যক্ষভাবে প্রতিষ্ঠিত কোন যৌথ সংস্থার ক্ষেত্রে আইনের দ্বারা যেরূপ ব্যক্তি কর্তৃক উক্ত সংস্থার হিসাব নিরীক্ষার ও অনুরূপ হিসাব সম্পর্কে রিপোর্ট দানের ব্যবস্থা করা হইয়া থাকে, সেইরূপ ব্যক্তি কর্তৃক অনুরূপ হিসাব নিরীক্ষা ও অনুরূপ হিসাব সম্পর্কে রিপোর্ট দান করা যাইবে।

(৩) এই অনুচ্ছেদের (১) দফায় নির্ধারিত দায়িত্বসমূহ ব্যতীত সংসদ আইনের দ্বারা যেরূপ নির্ধারণ করিবেন, মহা হিসাব-নিরীক্ষককে সেইরূপ দায়িত্বভার অর্পণ করিতে পারিবেন এবং এই দফার অধীন বিধানাবলী প্রণীত না হওয়া পর্যন্ত রাষ্ট্রপতি আদেশের দ্বারা অনুরূপ বিধানাবলী প্রণয়ন করিতে পারিবেন।

(৪) এই অনুচ্ছেদের (১) দফার অধীন দায়িত্বপালনের ক্ষেত্রে মহা হিসাব-নিরীক্ষককে অন্য কোন ব্যক্তি বা কর্তৃপক্ষের পরিচালনা বা নিয়ন্ত্রণের অধীন করা হইবে না।

মহা হিসাব-
নিরীক্ষকের কর্মের
মেয়াদ।

১২৯। (১) এই অনুচ্ছেদ-সাপেক্ষে মহা হিসাব-নিরীক্ষক ষাট বৎসর বয়স পূর্ণ হওয়া পর্যন্ত তাঁহার পদে বহাল থাকিবেন।

(২) সুপ্রীম কোর্টের কোন বিচারক যেরূপ পদ্ধতি ও কারণে অপসারিত হইতে পারেন, সেইরূপ পদ্ধতি ও কারণ ব্যতীত মহা হিসাব-নিরীক্ষক অপসারিত হইবেন না।

PART VIII

THE COMPTROLLER AND AUDITOR-GENERAL

127. (1) There shall be a Comptroller and Auditor-General of Bangladesh (hereinafter referred to as the Auditor-General) who shall be appointed by the President. **Establishment of office of Auditor-General.**

(2) Subject to the provisions of this Constitution and of any law made by Parliament, the conditions of service of the Auditor-General shall be such as the President may, by order, determine.

128. (1) The public accounts of the Republic and of all courts of law and all authorities and officers of the Government shall be audited and reported on by the Auditor-General and for that purpose he or any person authorised by him in that behalf shall have access to all records, books, vouchers, documents, cash, stamps, securities, stores or other government property in the possession of any person in the service of the Republic. **Functions of Auditor-General.**

(2) Without prejudice to the provisions of clause (1), if it is prescribed by law in the case of any body corporate directly established by law, the accounts of that body corporate shall be audited and reported on by such person as may be so prescribed.

(3) Parliament may by law require the Auditor-General to exercise such functions, in addition to those specified in clause (1), as such law may prescribe, and until provision is made by law under this clause the President may, by order, make such provision.

(4) The Auditor-General, in the exercise of his functions under clause (1), shall not be subject to the direction or control of any other person or authority.

129. (1) The Auditor-General shall, subject to this article, hold office until he attains the age of sixty years. **Term of office of Auditor-General.**

(2) The Auditor-General shall not be removed from his office except in like manner and on the like ground as a judge of the ¹[Supreme Court].

¹Substituted for the words "High Court" by the Second Proclamation (Tenth Amendment) Order, 1977 (Second Proclamation Order No. 1 of 1977).

(৩) মহা হিসাব-নিরীক্ষক রাষ্ট্রপতিকে উদ্দেশ্য করিয়া স্বাক্ষরযুক্ত পত্রযোগে স্থায়ী পদ ত্যাগ করিতে পারিবেন।

(৪) কর্মাবসানের পর মহা হিসাব-নিরীক্ষক প্রজাতন্ত্রের কর্মে অন্য কোন পদে নিযুক্ত হইবার যোগ্য হইবেন না।

অস্থায়ী মহা হিসাব-
নিরীক্ষক।

১৩০। কোন সময়ে মহা হিসাব-নিরীক্ষকের পদ শূন্য থাকিলে কিংবা অনুপস্থিতি, অসুস্থতা বা অন্য কোন কারণে তিনি কার্যভার পালনে অক্ষম বলিয়া রাষ্ট্রপতির নিকট সন্তোষজনকভাবে প্রতীয়মান হইলে ক্ষেত্রমত এই সংবিধানের ১২৭ অনুচ্ছেদের অধীন কোন নিয়োগদান না করা পর্যন্ত কিংবা মহা হিসাব-নিরীক্ষক পুনরায় স্থায়ী দায়িত্ব গ্রহণ না করা পর্যন্ত রাষ্ট্রপতি কোন ব্যক্তিকে মহা হিসাব-নিরীক্ষকরূপে কার্য করিবার জন্য এবং উক্ত পদের দায়িত্বভার পালনের জন্য নিয়োগদান করিতে পারিবেন।

প্রজাতন্ত্রের হিসাব-
রক্ষার আকার ও
পদ্ধতি।

১৩১। রাষ্ট্রপতির অনুমোদনক্রমে মহা হিসাব-নিরীক্ষক যেরূপ নির্ধারণ করিবেন, সেইরূপ আকার ও পদ্ধতিতে প্রজাতন্ত্রের হিসাব রক্ষিত হইবে।

সংসদে মহা হিসাব-
নিরীক্ষকের রিপোর্ট
উপস্থাপন।

১৩২। প্রজাতন্ত্রের হিসাব সম্পর্কিত মহা হিসাব-নিরীক্ষকের রিপোর্টসমূহ রাষ্ট্রপতির নিকট পেশ করা হইবে এবং রাষ্ট্রপতি তাহা সংসদে পেশ করিবার ব্যবস্থা করিবেন।

(3) The Auditor-General may resign his office by writing under his hand addressed to the President.

(4) On ceasing to hold office the Auditor-General shall not be eligible for further office in the service of the Republic.

130. At any time when the office of Auditor-General is vacant, or the President is satisfied that the Auditor-General is unable to perform his functions on account of absence, illness or any other cause, the President may appoint a person to act as Auditor-General and to perform the functions of that office until an appointment is made under article 127 or, as the case may be, until the Auditor-General resumes the functions of his office.

Acting Auditor-General.

131. The public accounts of the Republic shall be kept in such form and in such manner as the Auditor-General may, with the approval of the President, prescribe.

Form and manner of keeping public accounts.

132. The reports of the Auditor-General relating to the public accounts of the Republic shall be submitted to the President, who shall cause them to be laid before Parliament.

Reports of Auditor-General to be laid before Parliament.

নবম ভাগ

বাংলাদেশের কর্মবিভাগ

১ম পরিচ্ছেদ কর্মবিভাগ

নিয়োগ ও কর্মের
শর্তাবলী।

১৩৩। এই সংবিধানের বিধানাবলী-সাপেক্ষে সংসদ আইনের দ্বারা প্রজাতন্ত্রের কর্মে কর্মচারীদের নিয়োগ ও কর্মের শর্তাবলী নিয়ন্ত্রণ করিতে পরিবেন :

তবে শর্ত থাকে যে, এই উদ্দেশ্যে আইনের দ্বারা বা অধীন বিধান প্রণীত না হওয়া পর্যন্ত অনুরূপ কর্মচারীদের নিয়োগ ও কর্মের শর্তাবলী নিয়ন্ত্রণ করিয়া বিধিসমূহ-প্রণয়নের ক্ষমতা রাষ্ট্রপতির থাকিবে এবং অনুরূপ যে কোন আইনের বিধানাবলী- সাপেক্ষে অনুরূপ বিধিসমূহ কার্যকর হইবে।

কর্মের মেয়াদ।

১৩৪। এই সংবিধানের দ্বারা অন্যান্য বিধান না করা হইয়া থাকিলে প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত প্রত্যেক ব্যক্তি রাষ্ট্রপতির সন্তোষানুযায়ী সময়সীমা পর্যন্ত স্থায়ী পদে বহাল থাকিবেন।

অসামরিক সরকারী
কর্মচারীদের বরখাস্ত
প্রভৃতি।

১৩৫। (১) প্রজাতন্ত্রের কর্মে অসামরিক পদে নিযুক্ত কোন ব্যক্তি তাহার নিয়োগকারী কর্তৃপক্ষ-অপেক্ষা অধিক্ত কোন কর্তৃপক্ষের দ্বারা বরখাস্ত বা অপসারিত বা পদাবনমিত হইবেন না।

(২) অনুরূপ পদে নিযুক্ত কোন ব্যক্তিকে তাহার সম্পর্কে প্রস্তাবিত ব্যবস্থা গ্রহণের বিরুদ্ধে কারণ দর্শাইবার যুক্তিসঙ্গত সুযোগদান না করা পর্যন্ত তাহাকে বরখাস্ত বা অপসারিত বা পদাবনমিত করা যাইবে না :

তবে শর্ত থাকে যে, এই দফা সেই সকল ক্ষেত্রে প্রযোজ্য হইবে না, যেখানে

(অ) কোন ব্যক্তি যে আচরণের ফলে ফৌজদারী অপরাধে দণ্ডিত হইয়াছেন, সেই আচরণের জন্য তাহাকে বরখাস্ত, অপসারিত বা পদাবনমিত করা হইয়াছে; অথবা

(আ). কোন ব্যক্তিকে বরখাস্ত, অপসারিত বা পদাবনমিত করিবার ক্ষমতাসম্পন্ন কর্তৃপক্ষের নিকট সন্তোষজনকভাবে প্রতীয়মান হয় যে, কোন কারণে যাহা উক্ত কর্তৃপক্ষ লিপিবদ্ধ করিবেন উক্ত ব্যক্তিকে কারণ দর্শাইবার সুযোগদান করা যুক্তিসঙ্গতভাবে সম্ভব নহে; অথবা

(ই) রাষ্ট্রপতির নিকট সন্তোষজনকভাবে প্রতীয়মান হয় যে, রাষ্ট্রের নিরাপত্তার স্বার্থে উক্ত ব্যক্তিকে অনুরূপ সুযোগদান সমীচীন নহে।

PART IX

THE SERVICES OF BANGLADESH

CHAPTER I—SERVICES

133. Subject to the provisions of this Constitution Parliament may by law regulate the appointment and conditions of service of persons in the service of the Republic :

Appointment and conditions of service.

Provided that it shall be competent for the President to make rules regulating the appointment and the conditions of service of such persons until provision in that behalf is made by or under any law, and rules so made shall have effect subject to the provisions of any such law.

134. Except as otherwise provided by this Constitution every person in the service of the Republic shall hold office during the pleasure of the President.

Tenure of office.

135. (1) No person who holds any civil post in the service of the Republic shall be dismissed or removed or reduced in rank by an authority subordinate to that by which he was appointed.

Dismissal, etc. of civilian public officers.

(2) No such person shall be dismissed or removed or reduced in rank until he has been given a reasonable opportunity of showing cause why that action should not be taken :

Provided that this clause shall not apply—

- (i) where a person is dismissed or removed or reduced in rank on the ground of conduct which has led to his conviction of a criminal offence ; or
- (ii) where the authority empowered to dismiss or remove a person or to reduce him in rank is satisfied that, for a reason recorded by that authority in writing, it is not reasonably practicable to give that person an opportunity of showing cause ; or
- (iii) where the President is satisfied that in the interests of the security of the State it is not expedient to give that person such an opportunity.

(৩) অনুরূপ কোন ব্যক্তিকে এই অনুচ্ছেদের (২) দফায় বর্ণিত কারণ দর্শাইবার সুযোগদান করা যুক্তিসঙ্গতভাবে সম্ভব কি না, এইরূপ প্রশ্ন উত্থাপিত হইলে সেই সম্পর্কে তাঁহাকে বরখাস্ত, অপসারিত বা পদাবনমিত করিবার ক্ষমতাসম্পন্ন কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত হইবে।

(৪) যে ক্ষেত্রে কোন ব্যক্তি কোন লিখিত চুক্তির অধীন প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত হইয়াছেন এবং উক্ত চুক্তির শর্তাবলী-অনুযায়ী যথাযথ নোটিশের দ্বারা চুক্তিটির অবসান ঘটান হইয়াছে, সেই ক্ষেত্রে চুক্তিটির অনুরূপ অবসানের জন্য তিনি এই অনুচ্ছেদের উদ্দেশ্যসাধনকল্পে পদ হইতে অপসারিত হইয়াছেন বলিয়া গণ্য হইবে না।

কর্মবিভাগ-পুনর্গঠন।

১৩৬। আইনের দ্বারা প্রজাতন্ত্রের কর্মবিভাগসমূহের সৃষ্টি, সংযুক্তকরণ ও একীকরণসহ পুনর্গঠনের বিধান করা যাইবে এবং অনুরূপ আইন প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত কোন ব্যক্তির কর্মের শর্তাবলীর তারতম্য করিতে ও তাহা রদ করিতে পারিবে।

২য় পরিচ্ছেদ—সরকারী কর্ম কমিশন

কমিশন-প্রতিষ্ঠা।

১৩৭। আইনের দ্বারা বাংলাদেশের জন্য এক বা একাধিক সরকারী কর্ম কমিশন প্রতিষ্ঠার বিধান করা যাইবে এবং একজন সভাপতিকে ও আইনের দ্বারা যেরূপ নির্ধারিত হইবে, সেইরূপ অন্যান্য সদস্যকে লইয়া প্রত্যেক কমিশন গঠিত হইবে।

সদস্য-নিয়োগ।

১৩৮। (১) প্রত্যেক সরকারী কর্ম কমিশনের সভাপতি ও অন্যান্য সদস্য রাষ্ট্রপতি কর্তৃক নিযুক্ত হইবেন :

তবে শর্ত থাকে যে, প্রত্যেক কমিশনের যতদূর সম্ভব অর্ধেক (তবে অর্ধেকের কম নহে) সংখ্যক সদস্য এমন ব্যক্তিগণ হইবেন, যাহারা কুড়ি বৎসর বা ততোধিককাল বাংলাদেশের রাষ্ট্রীয় সীমানার মধ্যে যে কোন সময়ে কার্যরত কোন সরকারের কর্মে কোন পদে অধিষ্ঠিত ছিলেন।

(২) সংসদ কর্তৃক প্রণীত যে কোন আইন-সাপেক্ষে কোন সরকারী কর্ম কমিশনের সভাপতি ও অন্যান্য সদস্যের কর্মের শর্তাবলী রাষ্ট্রপতি আদেশের দ্বারা যেরূপ নির্ধারণ করিবেন, সেইরূপ হইবে।

পদের মেয়াদ।

১৩৯। (১) এই অনুচ্ছেদের বিধানাবলী-সাপেক্ষে কোন সরকারী কর্ম কমিশনের সভাপতি বা অন্য কোন সদস্য তাঁহার দায়িত্ব গ্রহণের তারিখ হইতে পাঁচ বৎসর বা তাঁহার বায়ক্তি বৎসর বয়স পূর্ণ হওয়া ইহার মধ্যে যাহা অগ্রে ঘটে, সেই কাল পর্যন্ত স্থায়ী পদে বহাল থাকিবেন।

(২) সুপ্রীম কোর্টের কোন বিচারক যেরূপ পদ্ধতি ও কারণে অপসারিত হইতে পারেন, সেইরূপ পদ্ধতি ও কারণে ব্যতীত কোন সরকারী কর্ম কমিশনের সভাপতি বা অন্য কোন সদস্য অপসারিত হইবেন না।

(3) If in respect of such a person the question arises whether it is reasonably practicable to give him an opportunity to show cause in accordance with clause (2), the decision thereon of the authority empowered to dismiss or remove such person or to reduce him in rank shall be final.

(4) Where a person is employed in the service of the Republic under a written contract and that contract is terminated by due notice in accordance with its terms, he shall not, by reason thereof, be regarded as removed from office for the purposes of this article.

136. Provision may be made by law for the reorganisation of the service of the Republic by the creation, amalgamation or unification of services and such law may vary or revoke any condition of service of a person employed in the service of the Republic. Reorganisation of service.

CHAPTER II—PUBLIC SERVICE COMMISSIONS

137. Provision shall be made by law for establishing one or more public service commissions for Bangladesh, each of which shall consist of a chairman and such other members as shall be prescribed by law. Establishment of commissions.

138. (1) The chairman and other members of each public service commission shall be appointed by the President : Appointment of members.

Provided that not less than one-half of the members of a commission shall be persons who have held office for twenty years or more in the service of any government which has at any time functioned within the territory of Bangladesh.

(2) Subject to any law made by Parliament the conditions of service of the chairman and other members of a public service commission shall be such as the President may, by order, determine.

139. (1) The term of office of the chairman and other members of a public service commission shall, subject to the provisions of this article, expire five years after the date on which he entered upon his office, or when he attains the age of sixty-two years, whichever is earlier. Term of office.

(2) The chairman and other members of such a commission shall not be removed from office except in like manner and on the like grounds as a judge of the ¹[Supreme Court].

¹Substituted for the words "High Court" by the Second Proclamation (Tenth Amendment) Order, 1977 (Second Proclamation Order No. 1 of 1977).

(৩) কোন সরকারী কর্ম কমিশনের সভাপতি বা অন্য কোন সদস্য রাষ্ট্রপতিকে উদ্দেশ্য করিয়া স্বাক্ষরযুক্ত পত্রযোগে স্থায়ী পদ ত্যাগ করিতে পারিবেন।

(৪) কর্মাবসানের পর কোন সরকারী কর্ম কমিশনের সদস্য প্রজাতন্ত্রের কর্মে পুনরায় নিযুক্ত হইবার যোগ্য থাকিবেন না, তবে এই অনুচ্ছেদের (১) দফা-সাপেক্ষে

- (ক) কর্মাবসানের পর কোন সভাপতি এক মেয়াদের জন্য পুনর্নিয়োগলাভের যোগ্য থাকিবেন : এবং
- (খ) কর্মাবসানের পর কোন সদস্য (সভাপতি ব্যতীত) এক মেয়াদের জন্য কিংবা কোন সরকারী কর্ম কমিশনের সভাপতিরূপে নিয়োগলাভের যোগ্য থাকিবেন।

কমিশনের দায়িত্ব।

১৪০। (১) কোন সরকারী কর্ম কমিশনের দায়িত্ব হইবে

- (ক) প্রজাতন্ত্রের কর্মে নিয়োগদানের জন্য উপযুক্ত ব্যক্তিদিগকে মনোনয়নের উদ্দেশ্যে যাচাই ও পরীক্ষা-পরিচালনা ;
- (খ) এই অনুচ্ছেদের (২) দফা-অনুযায়ী রাষ্ট্রপতি কর্তৃক কোন বিষয় সম্পর্কে কমিশনের পরামর্শ চাওয়া হইলে কিংবা কমিশনের দায়িত্ব-সংক্রান্ত কোন বিষয় কমিশনের নিকট প্রেরণ করা হইলে সেই সম্বন্ধে রাষ্ট্রপতিকে উপদেশদান ; এবং
- (গ) আইনের দ্বারা নির্ধারিত অন্যান্য দায়িত্ব পালন।

(২) সংসদ কর্তৃক প্রণীত কোন আইন এবং কোন কমিশনের সহিত পরামর্শক্রমে রাষ্ট্রপতি কর্তৃক প্রণীত কোন প্রবিধানের (যাহা অনুরূপ আইনের সহিত অসমঞ্জস নহে) বিধানাবলী-সাপেক্ষে রাষ্ট্রপতি নিম্নলিখিত ক্ষেত্রসমূহে কোন কমিশনের সহিত পরামর্শ করিবেন :

- (ক) প্রজাতন্ত্রের কর্মের জন্য যোগ্যতা ও তাহাতে নিয়োগের পদ্ধতি সম্পর্কিত বিষয়াদি ;
- (খ) প্রজাতন্ত্রের কর্মে নিয়োগদান, উক্ত কর্মের এক শাখা হইতে অন্য শাখায় পদোন্নতিদান ও বদলিকরণ এবং অনুরূপ নিয়োগদান, পদোন্নতিদান বা বদলিকরণের জন্য প্রার্থীর উপযোগিতা-নির্ণয় সম্পর্কে অনুসরণীয় নীতিসমূহ ;
- (গ) অবসর-ছাড়ার অধিকারসহ প্রজাতন্ত্রের কর্মের শর্তাবলীকে প্রভাবিত করে, এইরূপ বিষয়াদি ; এবং
- (ঘ) প্রজাতন্ত্রের কর্মের শৃঙ্খলামূলক বিষয়াদি।

(3) A chairman or other member of a public service commission may resign his office by writing under his hand addressed to the President.

(4) On ceasing to hold office a member of a public service commission shall not be eligible for further employment in the service of the Republic, but, subject to the provisions of clause (1)—

- (a) a chairman so ceasing shall be eligible for re-appointment for one further term ; and
- (b) a member (other than the chairman) so ceasing shall be eligible for re-appointment for one further term or for appointment as chairman of a public service commission.

140. (1) The functions of a public service commission shall be—

Functions of
commissions.

- (a) to conduct tests and examinations for the selection of suitable persons for appointment to the service of the Republic ;
- (b) to advise the President on any matter on which the commission is consulted under clause (2) or on any matter connected with its functions which is referred to the commission by the President ; and
- (c) such other functions as may be prescribed by law.

(2) Subject to the provisions of any law made by Parliament, and any regulation (not inconsistent with such law) which may be made by the President after consultation with a commission, the President shall consult a commission with respect to—

- (a) matters relating to qualifications for, and methods of recruitment to, the service of the Republic ;
- (b) the principles to be followed in making appointments to that service and promotions and transfers from one branch of the service to another, and the suitability of candidates for such appointment, promotions and transfers ;
- (c) matters affecting the terms and conditions (including pension rights) of that service ; and
- (d) the discipline of the service.

বার্ষিক রিপোর্ট।

১৪১। (১) প্রত্যেক কমিশন প্রতি বৎসর মার্চ মাসের প্রথম দিবসে বা তাহার পূর্বে পূর্ববর্তী একত্রিশে ডিসেম্বরে সমাপ্ত এক বৎসরে স্বীয় কার্যাবলী সম্বন্ধে রিপোর্ট প্রস্তুত করিবেন এবং তাহা রাষ্ট্রপতির নিকট পেশ করিবেন।

(২) রিপোর্টের সহিত একটি স্মারকলিপি থাকিবে, যাহাতে

(ক) কোন ক্ষেত্রে কমিশনের কোন পরামর্শ গৃহীত না হইয়া থাকিলে সেই ক্ষেত্র এবং পরামর্শ গৃহীত না হইবার কারণ ; এবং

(খ) যে সকল ক্ষেত্রে কমিশনের সহিত পরামর্শ করা উচিত ছিল অথচ পরামর্শ করা হয় নাই, সেই সকল ক্ষেত্র এবং পরামর্শ না করিবার কারণ

সম্বন্ধে কমিশন যতদূর অবগত, ততদূর লিপিবদ্ধ করিবেন।

(৩) যে বৎসর রিপোর্ট পেশ করা হইয়াছে, সেই বৎসর একত্রিশে মার্চের পর অনুষ্ঠিত সংসদের প্রথম বৈঠকে রাষ্ট্রপতি উক্ত রিপোর্ট ও স্মারকলিপি সংসদে উপস্থাপনের ব্যবস্থা করিবেন।

141. (1) Each commission shall, not later than the first day of March **Annual report.** each year, prepare and submit to the President a report on the performance of its functions during the period ended on the previous 31st day of December.

(2) The report shall be accompanied by a memorandum setting out, so far as is known to the commission—

- (a) the cases, if any, in which its advise was not accepted and the reasons why it was not accepted ;
- (b) the cases where the commission ought to have been consulted and was not consulted, and the reasons why it was not consulted.

(3) The President shall cause the report and memorandum to be laid before Parliament at its first meeting held after 31st March in the year in which the report was submitted.

নবম-ক ভাগ

জরুরী বিধানাবলী

জরুরী-অবস্থা-
ঘোষণা।

১৪১ক। (১) রাষ্ট্রপতির নিকট যদি সন্তোষজনকভাবে প্রতীয়মান হয় যে, এমন জরুরী-অবস্থা বিদ্যমান রহিয়াছে, যাহাতে যুদ্ধ বা বহিরাক্রমণ বা অভ্যন্তরীণ গোল-যোগের দ্বারা বাংলাদেশ বা উহার যে কোন অংশের নিরাপত্তা বা অর্থনৈতিক জীবন বিপদের সম্মুখীন, তাহা হইলে তিনি জরুরী-অবস্থা ঘোষণা করিতে পারিবেন।^১

তবে শর্ত থাকে যে, অনুরূপ ঘোষণার বৈধতার জন্য ঘোষণার পূর্বেই প্রধানমন্ত্রীর প্রতি-স্বাক্ষর প্রয়োজন হইবে।

* * * * *

(২) জরুরী-অবস্থার ঘোষণা

- (ক) পরবর্তী কোন ঘোষণার দ্বারা প্রত্যাহার করা যাইবে ;
- (খ) সংসদে উপস্থাপিত হইবে ;
- (গ) একশত কুড়ি দিন অতিবাহিত হইবার পূর্বে সংসদের প্রস্তাব-দ্বারা অনুমোদিত না হইলে উক্ত সময়ের অবসানে কার্যকর থাকিবে না।^২

তবে শর্ত থাকে যে, যদি সংসদ ভাঙ্গিয়া যাওয়া অবস্থায় অনুরূপ কোন ঘোষণা জারী করা হয় কিংবা এই দফার (গ) উপ-দফায় বর্ণিত এক শত কুড়ি দিনের মধ্যে সংসদ ভাঙ্গিয়া যায়, তাহা হইলে তাহা পুনর্গঠিত হইবার পর সংসদের প্রথম বৈঠকের তারিখ হইতে ত্রিশ দিন অতিবাহিত হইবার পূর্বে ঘোষণাটি অনুমোদন করিয়া সংসদে প্রস্তাব গৃহীত না হওয়া পর্যন্ত উক্ত ত্রিশ দিনের অবসানে অনুরূপ ঘোষণা কার্যকর থাকিবে না।

(৩) যুদ্ধ বা বহিরাক্রমণ বা অভ্যন্তরীণ গোলযোগের বিপদ আসন্ন বলিয়া রাষ্ট্রপতির নিকট সন্তোষজনকভাবে প্রতীয়মান হইলে প্রকৃত যুদ্ধ বা বহিরাক্রমণ বা অভ্যন্তরীণ গোলযোগ সংঘটিত হইবার পূর্বে তিনি অনুরূপ যুদ্ধ বা বহিরাক্রমণ বা অভ্যন্তরীণ গোলযোগের জন্য বাংলাদেশ বা উহার যে কোন অংশের নিরাপত্তা বিপন্ন বলিয়া জরুরী-অবস্থা ঘোষণা করিতে পারিবেন।

^১ সংবিধান (দ্বিতীয় সংশোধন) আইন, ১৯৭৩ (১৯৭৩ সনের ২৪নং আইন)-এর ৬ ধারাবলে সংযোজিত।

^২ সংবিধান (দ্বাদশ সংশোধন) আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২৮নং আইন)-এর ১৭ ধারাবলে (১) দফার শেষে "।" চিহ্নের পরিবর্তে "ঃ" কোলন প্রতিস্থাপিত এবং তৎপর শর্তাংশটি সংযোজিত।

^৩ সংবিধান (চতুর্থ সংশোধন) আইন, ১৯৭৫ (১৯৭৫ সনের ২নং আইন)-এর ২৭ ধারাবলে শর্তাংশটি বিলুপ্ত।

¹[PART IXA

EMERGENCY PROVISIONS

141A. (1) If the President is satisfied that a grave emergency exists in which the security or economic life of Bangladesh, or any part thereof, is threatened by war or external aggression or internal disturbance, he may issue a Proclamation of Emergency :

Proclamation of
emergency.

2. * * * * *

³[Provided that such Proclamation shall require for its validity the prior counter signature of the Prime Minister.]

(2) A Proclamation of Emergency—

- (a) may be revoked by a subsequent Proclamation ;
- (b) shall be laid before Parliament ;
- (c) shall cease to operate at the expiration of one hundred and twenty days, unless before the expiration of that period it has been approved by a resolution of Parliament :

Provided that if any such Proclamation is issued at a time when Parliament stands dissolved or the dissolution of Parliament takes place during the period of one hundred and twenty days referred to in sub-clause (c), the Proclamation shall cease to operate at the expiration of thirty days from the date on which Parliament first meets after its re-constitution, unless before that expiration of the said period of thirty days a resolution approving the Proclamation has been passed by Parliament.

(3) A Proclamation of Emergency declaring that the security of Bangladesh, or any part thereof, is threatened by war or external aggression or by internal disturbance may be made before the actual occurrence of war or any such aggression or disturbance if the President is satisfied that there is imminent danger thereof.

¹Inserted by the Constitution (Second Amendment) Act, 1973 (Act XXIV of 1973), s. 6.

²The proviso was omitted by the Constitution (Fourth Amendment) Act, 1975 (Act II of 1975), s. 28.

³Added by the Constitution (Twelfth Amendment) Act, 1991 (Act XXVIII of 1991), s. 17.

জরুরী-অবস্থার সময়
সংবিধানের কতিপয়
অনুচ্ছেদের বিধান
স্থগিতকরণ।

১৪১খ। এই সংবিধানের তৃতীয় ভাগের অন্তর্গত বিধানাবলীর কারণে রাষ্ট্রে যে আইন প্রণয়ন করিতে ও নির্বাহী ব্যবস্থা গ্রহণ করিতে সক্ষম নহেন, জরুরী-অবস্থা ঘোষণার কার্যকরতা-কালে এই সংবিধানের ৩৬, ৩৭, ৩৮, ৩৯, ৪০ ও ৪২ অনুচ্ছেদ-সমূহের কোন কিছুই সেইরূপ আইন-প্রণয়ন ও নির্বাহী ব্যবস্থা গ্রহণ সম্পর্কিত রাষ্ট্রের ক্ষমতাকে সীমাবদ্ধ করিবে না : তবে অনুরূপভাবে প্রণীত কোন আইনের কর্তৃত্বে যথা করা হইয়াছে বা করা হয় নাই, তাহা ব্যতীত অনুরূপ আইন যে পরিমাণে কর্তৃত্বহীন, জরুরী-অবস্থার ঘোষণা অকার্যকর হইবার অব্যবহিত পরে তাহা সেই পরিমাণে অকার্যকর হইবে।

জরুরী-অবস্থার সময়
মৌলিক অধিকারসমূহ
স্থগিতকরণ।

১৪১গ। (১) জরুরী-অবস্থা-ঘোষণার^১ [কার্যকরতা-কালে প্রধানমন্ত্রীর লিখিত পরামর্শ অনুযায়ী রাষ্ট্রপতি] আদেশের দ্বারা ঘোষণা করিতে পারিবেন যে, আদেশে উল্লেখিত এবং সংবিধানের তৃতীয় ভাগের অন্তর্গত মৌলিক অধিকারসমূহ বলবৎকরণের জন্য আদালতে মামলা রুজু করিবার অধিকার এবং আদেশে অনুরূপভাবে উল্লেখিত কোন অধিকার বলবৎকরণের জন্য কোন আদালতে বিবেচনামূলক সকল মামলা জরুরী-অবস্থা-ঘোষণার কার্যকরতা-কালে কিংবা উক্ত আদেশের দ্বারা নির্ধারিত স্বল্পতর কালের জন্য স্থগিত থাকিবে।

(২) সমগ্র বাংলাদেশ বা উহার যে কোন অংশে এই অনুচ্ছেদের অধীন প্রণীত আদেশ প্রযোজ্য হইতে পারিবে।

(৩) এই অনুচ্ছেদের অধীন প্রণীত প্রত্যেক আদেশ যথাসম্ভব শীঘ্র সংসদে উপস্থাপিত হইবে।

^১ সংবিধান (ষোড়শ সংশোধন) আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২৮নং আইন)-এর ১৮ ধারাবলে "কার্যকরতা-কালে রাষ্ট্রপতি" শব্দটির পরিবর্তে প্রতিস্থাপিত।

141B. While a Proclamation of Emergency is in operation, nothing in articles 36, 37, 38, 39, 40 and 42 shall restrict the power of the State to make any law or to take any executive action which the State would, but for the provisions contained in Part III of this Constitution, be competent to make or to take, but any law so made shall, to the extent of the incompetency, cease to have effect as soon as the Proclamation ceases to operate, except as respects things done or omitted to be done before the law so ceases to have effect.

Suspension of provisions of certain articles during emergencies.

141C. (1) While a Proclamation of Emergency is in operation, the President may, ¹[on the written advice of the Prime Minister, by order], declare that the right to move any court for the enforcement of such of the rights conferred by Part III of this Constitution as may be specified in the order, and all proceedings pending in any court for the enforcement of the right so specified, shall remain suspended for the period during which the Proclamation is in force or for such shorter period as may be specified in the order.

Suspension of enforcement of fundamental rights during emergencies.

(2) An order made under this article may extend to the whole of Bangladesh or any part thereof.

(3) Every order made under this article shall, as soon as may be, be laid before Parliament.]

¹Substituted for the words "by order" by the Constitution (Twelfth Amendment) Act, 1991 (Act XXVIII of 1991), s. 18.

দশম ভাগ
সংবিধান-সংশোধন

সংবিধানের বিধান
[সংশোধনের]
কমত।

১৪২।^১(১) এই সংবিধানে যাহা বলা হইয়াছে, তাহা সত্ত্বেও

- (ক) সংসদের আইন-দ্বারা এই সংবিধানের কোন বিধান [সংযোজন, পরিবর্তন, প্রতিস্থাপন বা রহিতকরণের দ্বারা সংশোধিত] হইতে পারিবে :

তবে শর্ত থাকে যে,

- (অ) অনুরূপ [সংশোধনী]র জন্য আনীত কোন বিলের সম্পূর্ণ শিরনামায় এই সংবিধানের কোন বিধান সংশোধন ** * করা হইবে বলিয়া স্পষ্টরূপে উল্লেখ না থাকিলে বিলটি বিবেচনার জন্য গ্রহণ করা যাইবে না ;
- (আ) সংসদের মোট সদস্য-সংখ্যার অন্যান্য দুই-তৃতীয়াংশ ভোটে গৃহীত না হইলে অনুরূপ কোন বিলে সম্মতিদানের জন্য তাহা রাষ্ট্রপতির নিকট উপস্থাপিত হইবে না ;
- (খ) উপরি-উক্ত উপায়ে কোন বিল গৃহীত হইবার পর সম্মতির জন্য রাষ্ট্রপতির নিকট তাহা উপস্থাপিত হইলে উপস্থাপনের সাত দিনের মধ্যে তিনি বিলটিতে সম্মতিদান করিবেন, এবং তিনি তাহা করিতে অসমর্থ হইলে উক্ত মেয়াদের অবসানে তিনি বিলটিতে সম্মতিদান করিয়াছেন বলিয়া গণ্য হইবে।

¶(১ক) (১) দফায় যাহা বলা হইয়াছে, তাহা সত্ত্বেও এই সংবিধানের প্রস্তাবনার অথবা চ, ৪৮^১ [বা] ৫৬^২ * * * অনুচ্ছেদ অথবা এই অনুচ্ছেদের কোন বিধানাবলীর সংশোধনের ব্যবস্থা রহিয়াছে এইরূপ কোন বিল উপরি-উক্ত উপায়ে গৃহীত হইবার পর সম্মতির জন্য রাষ্ট্রপতির নিকট উপস্থাপিত হইলে উপস্থাপনের সাত দিনের মধ্যে তিনি বিলটিতে সম্মতিদান করিবেন কি করিবেন না এই প্রশ্নটি গণ-ভোটে প্রেরণের ব্যবস্থা করিবেন।

^১ সংবিধান (দ্বিতীয় সংশোধন) আইন, ১৯৭৩ (১৯৭৩ সনের ২৪নং আইন)-এর ৭ ধারাবলে ১৪২ অনুচ্ছেদকে উক্ত অনুচ্ছেদের (১) দফারূপে পুনঃসংখ্যাত করা হইল।

^২ উপরোক্ত আইনবলে "সংশোধন বা রহিতকরণের" শব্দগুলির পরিবর্তে প্রতিস্থাপিত।

^৩ উপরোক্ত আইনবলে "সংশোধিত বা রহিত" শব্দগুলির পরিবর্তে প্রতিস্থাপিত।

^৪ উপরোক্ত আইনবলে "সংশোধনী বা রহিতকরণের" শব্দগুলির পরিবর্তে "সংশোধনী" শব্দটি প্রতিস্থাপিত।

^৫ উপরোক্ত আইনবলে "বা রহিত" শব্দগুলি বিলুপ্ত।

^৬ The Second Proclamation (Fifteenth Amendment) Order, ১৯৭৮ (Second Proclamation Order No. IV of 1978) এর 2nd Schedule-বলে সন্নিবেশিত।

^৭ সংবিধান (দ্বাদশ সংশোধন) আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২৮ নং আইন)-এর ১৯(ক) ধারাবলে "ক" কমাটির পরিবর্তে "বা" শব্দটি প্রতিস্থাপিত এবং "৫৮, ৮০ বা ৯২ক" কমাৎসমূহ, সংখ্যাসমূহ এবং শব্দটি বিলুপ্ত।

PART X

AMENDMENT OF THE CONSTITUTION

142. ¹[(1)] Notwithstanding anything contained in this Constitution— Power to amend ²
any provision of
the Constitution.

(a) any provision thereof may be ³[amended by way of addition, alteration, substitution or repeal] by Act of Parliament :

Provided that—

(i) no Bill for such amendment ² * shall be allowed to proceed unless the long title thereof expressly states that it will amend ² * a provision of the Constitution ;

(ii) no such Bill shall be presented to the President for assent unless it is passed by the votes of not less than two-thirds of the total number of members of Parliament ;

(b) when a Bill passed as aforesaid is presented to the President for his assent he shall, within the period of seven days after the Bill is presented to him assent to the Bill, and if he fails so to do he shall be deemed to have assented to it on the expiration of that period.

⁴[(1A) Notwithstanding anything contained in clause (1), when a Bill, passed as aforesaid, which provides for the amendment of the Preamble or any provisions of articles 8, 48 ⁵[or] 56 ⁶ * * or this article, is presented to the President for assent, the President, shall, within the period of seven days after the Bill is presented to him, cause to be referred to a referendum the question whether the Bill should or should not be assented to.

¹Article 142 was re-numbered as clause (1) of that article by the Constitution (Second Amendment) Act, 1973 (Act XXIV of 1973), s. 7.

²The words "or repeal" were omitted, *ibid*.

³Substituted or repeal" were substituted for the words "amended or repealed". *ibid*

⁴Inserted by the Second Proclamation (Fifteenth Amendment) Order, 1978 (Second Proclamation Order No. IV of 1978.).

⁵Substituted for the comma ", " by the Constitution (Twelfth Amendment) Act, 1991 (Act XXVIII of 1991) s. 19 (a).

⁶The commas and figures ", 58, 80, 92A" were omitted, *ibid*.

(১খ) এই অনুচ্ছেদের অধীন গণ-ভোট^১ [সংসদ] নির্বাচনের জন্য প্রস্তুতকৃত ভোটেরতালিকাভুক্ত ব্যক্তিগণের মধ্যে নির্বাচন কমিশন কর্তৃক আইনের দ্বারা নির্ধারিত মেয়াদের মধ্যে ও পদ্ধতিতে পরিচালিত হইবে।

(১গ) এই অনুচ্ছেদের অধীন কোন বিল সম্পর্কে পরিচালিত গণ-ভোটের ফলাফল যেদিন ঘোষিত হয় সেইদিন—

(অ) প্রদত্ত সমুদয় ভোটের সংখ্যাগরিষ্ঠ ভোট উক্ত বিলে সম্মতিদানের পক্ষে প্রদান করা হইয়া থাকিলে, রাষ্ট্রপতি বিলটিতে সম্মতিদান করিয়াছেন বলিয়া গণ্য হইবে, অথবা

(আ) প্রদত্ত সমুদয় ভোটের সংখ্যাগরিষ্ঠ ভোট উক্ত বিলে সম্মতিদানের পক্ষে প্রদান করা না হইয়া থাকিলে, রাষ্ট্রপতি বিলটিতে সম্মতিদানে বিরত রহিয়াছেন বলিয়া গণ্য হইবে।

¶(১ঘ) (১গ) দফার কোন কিছুই মন্ত্রিসভা বা সংসদের উপর আস্থা বা অনাস্থা বলিয়া গণ্য হইবে না।

¶(২) এই অনুচ্ছেদের অধীন প্রণীত কোন সংশোধনের ক্ষেত্রে ২৬ অনুচ্ছেদের কোন কিছুই প্রযোজ্য হইবে না।

^১ সংবিধান (দ্বাদশ সংশোধন) আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২৮নং আইন)-এর ১৯(খ) ধারাবলে “রাষ্ট্রপতির পদে” শব্দগুলির পরিবর্তে প্রতিস্থাপিত।

^২ উপরোক্ত আইনের ১৯(গ) ধারাবলে সন্নিবেশিত।

^৩ সংবিধান (দ্বিতীয় সংশোধন) আইন, ১৯৭৩ (১৯৭৩ সনের ২৪নং আইন)-এর ৭ ধারাবলে সংযোজিত।

(1B) A referendum under this article shall be conducted by the Election Commission, within such period and in such manner as may be provided by law, amongst the persons enrolled on the electoral roll prepared for the purpose of election to ¹[Parliament].

(1C) On the day on which the result of the referendum conducted in relation to a Bill under this article is declared, the President shall be deemed to have—

- (a) assented to the Bill, if the majority of the total votes cast are in favour of the Bill being assented to ; or
- (b) withheld assent therefrom, if the majority of the total votes cast are not in favour of the Bill being assented to.]

²[(1D) Nothing in clause (1C) shall be deemed to be an expression of confidence or no-confidence in the Cabinet or Parliament.]

³[(2) Nothing in article 26 shall apply to any amendment made under this article.]

¹Substituted for the words "the office of President" by the Constitution (Twelfth Amendment) Act, 1991 (Act XXVIII of 1991), s. 19(b).

²Inserted *ibid.*, s. 19(c).

³Added by the Constitution (Second Amendment) Act, 1973 (Act XXIV of 1973), s. 7.

একাদশ ভাগ

বিবিধ

প্রজাতন্ত্রের সম্পত্তি।

১৪৩। (১) আইনসভাতভাবে প্রজাতন্ত্রের উপর ন্যস্ত যে কোন ভূমি বা সম্পত্তি ব্যতীত নিম্নলিখিত সম্পত্তিসমূহ প্রজাতন্ত্রের উপর ন্যস্ত হইবে :

- (ক) বাংলাদেশের যে কোন ভূমির অন্তঃস্থ সকল খনিজ ও অন্যান্য মূল্যসম্পন্ন সামগ্রী :
- (খ) বাংলাদেশের রাষ্ট্রীয় জলসীমার অন্তর্ভুক্ত মহাসাগরের অন্তঃস্থ কিংবা বাংলাদেশের মহীসোপানের উপরিস্থ মহাসাগরের অন্তঃস্থ সকল ভূমি, খনিজ ও অন্যান্য মূল্যসম্পন্ন সামগ্রী ; এবং
- (গ) বাংলাদেশে অবস্থিত প্রকৃত মালিকবিহীন যে কোন সম্পত্তি।

(২) সংসদ সময়ে সময়ে আইনের দ্বারা বাংলাদেশের রাষ্ট্রীয় সীমানার এবং বাংলাদেশের রাষ্ট্রীয় জলসীমা ও মহীসোপানের সীমা-নির্ধারণের বিধান করিতে পারিবেন।

সম্পত্তি ও কারবার
প্রভৃতি-গ্রসপে নির্বাহী
কর্তৃত্ব।

১৪৪। প্রজাতন্ত্রের নির্বাহী কর্তৃত্বে সম্পত্তি গ্রহণ, বিক্রয়, হস্তান্তর, বন্ধকদান ও বিলি-ব্যবস্থা, যে কোন কারবার বা ব্যবসায়-চালনা এবং যে কোন চুক্তি প্রণয়ন করা যাইবে।

চুক্তি ও দলিল।

১৪৫। (১) প্রজাতন্ত্রের নির্বাহী কর্তৃত্বে প্রণীত সকল চুক্তি ও দলিল রাষ্ট্রপতি কর্তৃক প্রণীত বলিয়া প্রকাশ করা হইবে এবং রাষ্ট্রপতি যেরূপ নির্দেশ বা ক্ষমতা প্রদান করিবেন, তাহার পক্ষে সেইরূপ ব্যক্তি কর্তৃক ও সেইরূপ প্রণালীতে তাহা সম্পাদিত হইবে।

(২) প্রজাতন্ত্রের নির্বাহী কর্তৃত্বে কোন চুক্তি বা দলিল প্রণয়ন বা সম্পাদন করা হইলে উক্ত কর্তৃত্বে অনুরূপ চুক্তি বা দলিল প্রণয়ন বা সম্পাদন করিবার জন্য রাষ্ট্রপতি কিংবা অন্য কোন ব্যক্তি ব্যক্তিগতভাবে দায়ী হইবেন না, তবে এই অনুচ্ছেদ সরকারের বিরুদ্ধে যথাযথ কার্যধারা আনয়নে কোন ব্যক্তির অধিকার ক্ষুণ্ণ করিবে না।

আন্তর্জাতিক চুক্তি।

১৪৫ক। বিদেশের সহিত সম্পাদিত সকল চুক্তি রাষ্ট্রপতির নিকট পেশ করা হইবে, এবং রাষ্ট্রপতি তাহা সংসদে পেশ করিবার ব্যবস্থা করিবেন :

‘‘তবে শর্ত থাকে যে, জাতীয় নিরাপত্তার সহিত সংশ্লিষ্ট অনুরূপ কোন চুক্তি কেবলমাত্র সংসদের গোপন বৈঠকে পেশ করা হইবে।’’

The Second Proclamation (Fifteenth Amendment) Order, 1978 (Second Proclamation Order No. IV of 1978) এর 2nd Schedule-তে সন্নিবেশিত।

সংবিধান (দ্বাদশ সংশোধন) আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২৮নং আইন)-এর ২০ ধারাবলে শর্তাংশের পরিবর্তে প্রতিস্থাপিত।

PART XI

MISCELLANEOUS

143. (1) There shall vest in the Republic, in addition to any other land or property lawfully vested— **Property of the Republic.**

- (a) all minerals and other things of value underlying any land of Bangladesh ;
- (b) all lands, minerals and other things of value underlying the ocean within the territorial waters, or the ocean over the continental shelf, of Bangladesh ; and
- (c) any property located in Bangladesh that has no rightful owner.

(2) Parliament may from time to time by law provide for the determination of the boundaries of the territory of Bangladesh and of the territorial waters and the continental shelf of Bangladesh.

144. The executive authority of the Republic shall extend to the acquisition, sale, transfer, mortgage and disposal of property, the carrying on of any trade or business and the making of any contract. **Executive authority in relation to property, trade, etc.**

145. (1) All contracts and deeds made in exercise of the executive authority of the Republic shall be expressed to be made by the President, and shall be executed on behalf of the President by such person and in such manner as he may direct or authorise. **Contracts and deeds.**

(2) Where a contract or deed is made or executed in exercise of the executive authority of the Republic, neither the President nor any other person making or executing the contract or deed in exercise of that authority shall be personally liable in respect thereof, but this article shall not prejudice the right of any person to take proceedings against the Government.

¹**145A.** All treaties with foreign countries shall be submitted to the President, who shall cause them to be laid before Parliament : **International treaties.**

²[Provided that any such treaty connected with national security shall be laid in a secret session of Parliament.]]

¹Inserted by the Second Proclamation (Fifteenth Amendment) Order, 1978 (Second Proclamation Order No. IV of 1978.).

²Substituted for the former proviso by the Constitution (Twelfth Amendment) Act, 1991 (Act XXVIII of 1991), s. 20.

বাংলাদেশের নামে
মামলা।

১৪৬। “বাংলাদেশ”—এই নামে বাংলাদেশ সরকার কর্তৃক বা বাংলাদেশ সরকারের বিরুদ্ধে মামলা দায়ের করা যাইতে পারিবে।

কতিপয় পদাধিকারীর
পারিশ্রমিক প্রভৃতি।

১৪৭। (১) এই অনুচ্ছেদ প্রযোজ্য হয়, এইরূপ কোন পদে অধিষ্ঠিত বা কর্মরত ব্যক্তির পারিশ্রমিক, বিশেষ-অধিকার ও কর্মের অন্যান্য শর্ত সংসদের আইনের দ্বারা বা অধীন নির্ধারিত হইবে, তবে অনুরূপভাবে নির্ধারিত না হওয়া পর্যন্ত

(ক) এই সংবিধান প্রবর্তনের অব্যবহিত পূর্বে ক্ষেত্রমত সংশ্লিষ্ট পদে অধিষ্ঠিত বা কর্মরত ব্যক্তির ক্ষেত্রে তাহা যেরূপ প্রযোজ্য ছিল, সেইরূপ হইবে; অথবা

(খ) অব্যবহিত পূর্ববর্তী উপ-দফা প্রযোজ্য না হইলে রাষ্ট্রপতি আদেশের দ্বারা যেরূপ নির্ণয় করিবেন, সেইরূপ হইবে।

(২) এই অনুচ্ছেদ প্রযোজ্য হয়, এইরূপ কোন পদে অধিষ্ঠিত বা কর্মরত ব্যক্তির কার্যভারকালে তাঁহার পারিশ্রমিক, বিশেষ-অধিকার ও কর্মের অন্যান্য শর্তের এমন তারতম্য করা যাইবে না, যাহা তাঁহার গক্ষে অসুবিধাজনক হইতে পারে।

(৩) এই অনুচ্ছেদ প্রযোজ্য হয়, এইরূপ কোন পদে নিযুক্ত বা কর্মরত ব্যক্তি কোন লাভজনক পদ কিংবা বেতনাদিযুক্ত পদ বা মর্যাদায় বহাল হইবেন না কিংবা মুনাফালাভের উদ্দেশ্যযুক্ত কোন কোম্পানী, সমিতি বা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনায় বা পরিচালনায় কোনরূপ অংশগ্রহণ করিবেন না :

তবে শর্ত থাকে যে, এই দফার উদ্দেশ্যসাধনকল্পে উপরের প্রথমোল্লিখিত পদে অধিষ্ঠিত বা কর্মরত রহিয়াছেন, কেবল এই কারণে কোন ব্যক্তি অনুরূপ লাভজনক পদ বা বেতনাদিযুক্ত পদ বা মর্যাদায় অধিষ্ঠিত বলিয়া গণ্য হইবেন না।

(৪) এই অনুচ্ছেদ নিম্নলিখিত পদসমূহে প্রযোজ্য হইবে :

(ক) রাষ্ট্রপতি,

১* * * * *

২(খ) প্রধানমন্ত্রী বা প্রধান উপদেষ্টা ;

(গ) স্পীকার বা ডেপুটি স্পীকার,

^১ সংবিধান (দ্বাদশ সংশোধন) আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২৮নং আইন)-এর ২১(ক) ধারাবলে (কক) উপ-দফা বিলুপ্ত।

^২ সংবিধান (ত্রয়োদশ সংশোধন) আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ১নং আইন)-এর ৭(ক) ধারাবলে (খ) উপ-দফার পরিবর্তে প্রতিস্থাপিত।

146. The Government of Bangladesh may sue or be sued by the name of Bangladesh.

Suits in name of Bangladesh.

147. (1) The remuneration, privileges and other terms and conditions of service of a person holding or acting in any office to which this article applies shall be determined by or under Act of Parliament, but until they are so determined—

Remuneration, etc., of certain officers.

- (a) they shall be those (if any) appertaining to the person holding or, as the case may be, acting in the office in question immediately before the commencement of this Constitution ; or
- (b) if the preceding sub-clause is not applicable, they shall be determined by order made by the President.

(2) The remuneration, privileges and other terms and conditions of service of a person holding or acting in any office to which this article applies shall not be varied to the disadvantage of any such person during his term of office.

(3) No person appointed to or acting in any office to which this article applies shall hold any office, post or position of profit or emolument or take any part whatsoever in the management or conduct of any company, association or body having profit or gain as its object :

Provided that such person shall not for the purposes of this clause be deemed to hold any such office, post or position by reason only that he holds or is acting in the office first above-mentioned.

(4) This article applies to the offices of—

(a) President ;

1. * * * * *

²[(b) Prime Minister or Chief Adviser ;]

(c) Speaker or Deputy Speaker ;

¹Sub-clause (aa) was omitted by the Constitution (Twelfth Amendment) Act, 1991 (Act XXVIII of 1991), s. 21(a).

²Substituted for the former sub-clause (b) by the Constitution (Thirteenth Amendment) Act, 1996 (Act 1 of 1996), s. 7 (a).

- ১(ঘ) মন্ত্রী, উপদেষ্টা, প্রতিমন্ত্রী বা উপ-মন্ত্রী ;]
- (ঙ) সুপ্রীম কোর্টের বিচারক,
- (চ) মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক,
- (ছ) নির্বাচন কমিশনার,
- (জ) সরকারী কর্ম কমিশনের সদস্য।

পদের শপথ।

১৪৮। (১) তৃতীয় তফসিলে উল্লিখিত যে কোন পদে নির্বাচিত বা নিযুক্ত ব্যক্তি কার্যভার গ্রহণের পূর্বে উক্ত তফসিল-অনুযায়ী শপথগ্রহণ বা ঘোষণা (এই অনুচ্ছেদে "শপথ" বলিয়া অভিহিত) করিবেন এবং অনুরূপ শপথপত্রে বা ঘোষণাপত্রে স্বাক্ষরদান করিবেন।

২* * * * *

(২) এই সংবিধানের অধীন নির্দিষ্ট কোন ব্যক্তির নিকট শপথগ্রহণ আবশ্যিক হইলে * * * অনুরূপ ব্যক্তি যেরূপ ব্যক্তি ও স্থান নির্ধারণ করিবেন, সেইরূপ ব্যক্তির নিকট সেইরূপ স্থানে শপথগ্রহণ করা যাইবে।

(৩) এই সংবিধানের অধীন যে ক্ষেত্রে কোন ব্যক্তির পক্ষে কার্যভার গ্রহণের পূর্বে শপথগ্রহণ আবশ্যিক, সেই ক্ষেত্রে শপথ গ্রহণের অব্যবহিত পর তিনি কার্যভার গ্রহণ করিয়াছেন বলিয়া গণ্য হইবে।

প্রচলিত আইনের
হেফাজত।

১৪৯। এই সংবিধানের বিধানাবলী-সাপেক্ষে সকল প্রচলিত আইনের কার্যকরতা অব্যাহত থাকিবে, তবে অনুরূপ আইন এই সংবিধানের অধীন প্রণীত আইনের দ্বারা সংশোধিত বা রহিত হইতে পারিবে।

ক্রান্তিকালীন ও
অস্থায়ী বিধানাবলী।

১৫০। এই সংবিধানের অন্য কোন বিধান সত্ত্বেও চতুর্থ তফসিলে বর্ণিত ক্রান্তিকালীন ও অস্থায়ী বিধানাবলী কার্যকর হইবে।

রহিতকরণ।

১৫১। রাষ্ট্রপতির নিম্নলিখিত আদেশসমূহ এতদ্বারা রহিত করা হইল :

- (ক) আইনের ধারাবাহিকতা বলবৎকরণ আদেশ (১৯৭১ সালের ১০ই এপ্রিল তারিখে প্রণীত) ;
- (খ) ১৯৭২ সালের বাংলাদেশ অস্থায়ী সংবিধান আদেশ ;
- (গ) ১৯৭২ সালের বাংলাদেশ হাইকোর্ট আদেশ (১৯৭২ সালের পি. ও. নং ৫) ;

^১ সংবিধান (ত্রয়োদশ সংশোধন) আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ১নং আইন)-এর ৭(খ) ধারাবলে (ঘ) উপ-দফার পরিবর্তে প্রতিস্থাপিত।

^২ সংবিধান (দ্বাদশ সংশোধন) আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২৮নং আইন)-এর ২২ ধারাবলে (১ক) দফা বিলুপ্ত।

^৩ সংবিধান (চতুর্থ সংশোধন) আইন, ১৯৭৫ (১৯৭৫ সনের ২নং আইন)-এর ২৯ ধারাবলে "এবং কোন কারণে সেই ব্যক্তির নিকট শপথ গ্রহণ দস্তুর না হইলে" শব্দগুলি বিলুপ্ত।

¹(d) Minister, Adviser, Minister of State or Deputy Minister ;]

(e) Judge of the Supreme Court ;

2. * * * * *

(f) Comptroller and Auditor-General ;

(g) Election Commissioner ;

(h) Member of a public service commission.

148. (1) A person elected or appointed to any office mentioned in the Third Schedule shall before entering upon the office make and subscribe an oath or affirmation (in this article referred to as "an oath") in accordance with that Schedule.

Oaths of office.

3. * * * * *

(2) Where under this Constitution an oath is required to be administered by a specified person ⁴* * *, it may be administered by such other person and at such place as may be designated by that person.

(3) Where under this Constitution a person is required to make an oath before he enters upon an office he shall be deemed to have entered upon the office immediately after he makes the oath.

149. Subject to the provisions of this Constitution all existing laws shall continue to have effect but may be amended or repealed by law made under this Constitution.

Saving for existing laws.

150. The transitional and temporary provision set out in the Fourth Schedule shall have effect notwithstanding any other provisions of this Constitution.

Transitional and temporary provisions.

151. The following President's Orders are hereby repealed—

Repeals.

(a) The Laws Continuance Enforcement Order, made on 10th April, 1971 ;

(b) The Provisional Constitution of Bangladesh Order, 1972 ;

(c) The High Court of Bangladesh Order, 1972 (P. O. No. 5 of 1972) ;

¹Substituted for the former sub-clause (d) by the Constitution (Thirteenth Amendment) Act, 1996 (Act 1 of 1996), s. 7 (b).

²Sub-clause (ee) was omitted by the Second Proclamation (Tenth Amendment) Order, 1977 (Second Proclamation Order No. 1 of 1977).

³Clause (1A) was omitted by the Constitution (Twelfth Amendment) Act, 1991 (Act XXVIII of 1991), s. 22.

⁴The words "and for any reason it is impracticable for the oath to be made before that person" were omitted by the Constitution (Fourth Amendment) Act, 1975 (Act II of 1975), s. 30.

- (ঘ) ১৯৭২ সালের বাংলাদেশ মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক আদেশ (১৯৭২ সালের পি. ও. নং ১৫) ;
- (ঙ) ১৯৭২ সালের বাংলাদেশ গণপরিষদ আদেশ (১৯৭২ সালের পি. ও. নং ২২) ;
- (চ) ১৯৭২ সালের বাংলাদেশ নির্বাচন কমিশন আদেশ (১৯৭২ সালের পি. ও. নং ২৫) ;
- (ছ) ১৯৭২ সালের বাংলাদেশ সরকারী কর্ম কমিশনসমূহ আদেশ (১৯৭২ সালের পি.ও.নং ৩৪) ;
- (জ) ১৯৭২ সালের বাংলাদেশ (সরকারী কর্ম সম্পাদন) আদেশ (১৯৭২ সালের পি. ও. নং ৫৮) ।

ব্যাখ্যা।

১৫২। (১) বিষয় বা প্রসঙ্গের প্রয়োজনে অন্যরূপ না হইলে এই সংবিধানে

“অধিবেশন” (সংসদ-প্রসঙ্গে) অর্থ এই সংবিধান-পূর্ববর্তনের পর কিংবা একবার স্থগিত হইবার বা ভাঙ্গিয়া যাইবার পর সংসদ যখন প্রথম মিলিত হয়, তখন হইতে সংসদ স্থগিত হওয়া বা ভাঙ্গিয়া যাওয়া পর্যন্ত বৈঠকসমূহ ;

“অনুচ্ছেদ” অর্থ এই সংবিধানের কোন অনুচ্ছেদ ;

“উপদেষ্টা” অর্থ ৫৮গ অনুচ্ছেদের অধীন উক্ত পদে নিযুক্ত কোন ব্যক্তি ;]

“অবসর-ভাতা” অর্থ আংশিকভাবে প্রদেয় হউক বা না হউক, যে কোন অবসর-ভাতা, যাহা কোন ব্যক্তিকে বা ব্যক্তির ক্ষেত্রে দেয় ; এবং কোন ভবিষ্য তহবিলের চাঁদা বা ইহার সহিত সংযোজিত অতিরিক্ত অর্থ প্রত্যর্পণ-ব্যপদেশে দেয় অবসরকালীন বেতন বা আনুতোয়িক ইহার অন্তর্ভুক্ত হইবে ;

“অর্থ-বৎসর” অর্থ জুলাই মাসের প্রথম দিবসে যে বৎসরের আরম্ভ ;

“আইন” অর্থ কোন আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি, প্রবিধান, উপ-আইন, বিজ্ঞপ্তি ও অন্যান্য আইনগত দলিল এবং বাংলাদেশে আইনের ক্ষমতাসম্পন্ন যে কোন প্রথা বা রীতি ;

“আদালত” অর্থ সুপ্রীম কোর্টসহ যে কোন আদালত ;]

^১ সংবিধান (ত্রয়োদশ সংশোধন) আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ১নং আইন)-এর ৮(ক) ধারাবলে সন্নিবেশিত।

^২ The Second Proclamation (Fifteenth Amendment) Order, 1978 (Second Proclamation Order No. IV of 1978) এর 2nd Schedule-বলে সন্নিবেশিত।

- (d) The Bangladesh Comptroller and Auditor-General Order, 1972 (P. O. No. 15 of 1972) ;
- (e) The Constituent Assembly of Bangladesh Order, 1972 (P. O. No. 22 of 1972) ;
- (f) The Bangladesh Election Commission Order, 1972 (P. O. No. 25 of 1972) ;
- (g) The Bangladesh Public Service Commissions Order, 1972 (P. O. No 34 of 1972) ;
- (h) The Bangladesh Transaction of Government Business Order, 1972 (P. O. No. 58 of 1972).

152. (1) In this Constitution, except where the subject or context otherwise requires— Interpretation.

"administrative unit" means a district or other area designated by law for the purposes of article 59 ;

¹["Adviser" means a person appointed to that office under article 58C ;]

²["the Appellate Division" means the Appellate Division of the Supreme Court ;]

"article" means an article of this Constitution ;

"borrowing" includes the raising of money by annuity, and "loan" shall be construed accordingly ;

"the capital" has the meaning assigned to that expression in article 5 ;

¹["Chief Adviser" means a person appointed to that office under article 58C ;]

"Chief Election Commissioner" means a person appointed to that office under article 118 ;

²["The Chief Justice" means the Chief Justice of Bangladesh ;]

¹Inserted by the Constitution (Thirteenth Amendment) Act, 1996 (Act I of 1996), Ss. 8(a) and 8(b).

²Inserted the Second Proclamation (Tenth Amendment) Order, 1977 (Second Proclamation Order No. I of 1977).

“আপীল বিভাগ” অর্থ সুপ্রীম কোর্টের আপীল বিভাগ ;

“উপ-দফা” অর্থ যে দফায় শব্দটি ব্যবহৃত, সেই দফার একটি উপ-দফা ;

* * * * *

“ঋণগ্রহণ” বলিতে বাৎসরিক কিস্তিতে পরিশোধযোগ্য অর্থসংগ্রহ অন্তর্ভুক্ত হইবে ;
এবং “ঋণ” বলিতে তদনুরূপ অর্থ বুঝাইবে ;

“করারোপ” বলিতে সাধারণ, স্থানীয় বা বিশেষ—যে কোন কর, খাজনা, শুল্ক বা বিশেষ
করের আরোপ অন্তর্ভুক্ত হইবে ; এবং “কর” বলিতে তদনুরূপ অর্থ বুঝাইবে ;

“গ্যারান্টি” বলিতে কোন উদ্যোগের মুনাফা নির্ধারিত পরিমাণের অপেক্ষা কম হইলে
তাহার জন্য অর্থ প্রদান করিবার বাধ্যবাধকতা—যাহা এই সংবিধান-প্রবর্তনের
পূর্বে গৃহীত হইয়াছে—অন্তর্ভুক্ত হইবে ;

“জেলা-বিচারক” বলিতে অতিরিক্ত জেলা-বিচারক অন্তর্ভুক্ত হইবেন ;

“তফসিল” অর্থ এই সংবিধানের কোন তফসিল ;

“দফা” অর্থ যে অনুচ্ছেদে শব্দটি ব্যবহৃত, সেই অনুচ্ছেদের একটি দফা ;

“দেনা” বলিতে বাৎসরিক কিস্তি হিসাবে মূলধন পরিশোধের জন্য যে কোন
বাধ্যবাধকতাজনিত দায় এবং যে কোন গ্যারান্টিযুক্ত দায় অন্তর্ভুক্ত হইবে ;
এবং “দেনার দায়” বলিতে তদনুরূপ অর্থ বুঝাইবে ;

“নাগরিক” অর্থ নাগরিকত্ব-সম্পর্কিত আইনানুযায়ী যে ব্যক্তি বাংলাদেশের নাগরিক ;

“প্রচলিত আইন” অর্থ এই সংবিধান-প্রবর্তনের অব্যবহিত পূর্বে বাংলাদেশের রাষ্ট্রীয়
সীমানায় বা উহার অংশবিশেষে আইনের ক্ষমতাসম্পন্ন কিন্তু কার্যক্ষেত্রে সক্রিয়
থাকুক বা না থাকুক, এমন যে কোন আইন ;

“প্রজাতন্ত্র” অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ ;

“প্রজাতন্ত্রের কর্ম” অর্থ অসামরিক বা সামরিক ক্ষমতায় বাংলাদেশ সরকার-সংক্রান্ত
যে কোন কর্ম, চাকুরী বা পদ এবং আইনের দ্বারা প্রজাতন্ত্রের কর্ম বলিয়া
ঘোষিত হইতে পারে, এইরূপ অন্য কোন কর্ম ;

২। “প্রধান উপদেষ্টা” অর্থ ৫৮গ অনুচ্ছেদের অধীন উক্ত পদে নিযুক্ত কোন ব্যক্তি ;

^১সংবিধান (ষাদশ সংশোধন) আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২৮নং আইন)-এর ২৩ ধারাবলে
“উপ-বল্লপতি” কথাটির ব্যাখ্যাটি বিলুপ্ত।

^২সংবিধানের (ত্রয়োদশ সংশোধন) আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ১নং আইন)-এর ৮(খ)
ধারাবলে সন্নিবেশিত।

"citizen" means a person who is a citizen of Bangladesh according to the law relating to citizenship ;

"clause" means a clause of the article in which the expression occurs ;

¹["court" means any court of law including Supreme Court ;]

"debt" includes any liability in respect of any obligation to repay capital sums by way of annuities and any liability under any guarantee, and "debt charge" shall be construed accordingly ;

"disciplinary law" means a law regulating the discipline of any disciplined force ;

"disciplined forc" means—

(a) the army, navy or air force ;

(b) the police force ;

(c) any other force declared by law to be a disciplined force within the meaning of this definition ;

"district judge" includes additional district judge ;

"existing law" means any law in force in, or in any part of, the territory of Bangladesh immediately before the commencement of this Constitution, whether or not it has been brought into operation ;

"financial year" means a year commencing of the first day of July ;

"guarantee" includes any obligation undertaken before the commencement of this Constitution to make payments in the event of the profits of an undertaking falling short of a specified amount ;

²["the High Court Division" means the High Court Division of the Supreme Court ;]

²["judge" means a judge of a division of the Supreme Court ;]

¹Inserted by the Second Proclamation (Fifteenth Amendment) Order, 1978 (Second Proclamation Order No. IV of 1978).

²Inserted by the Second Proclamation (Tenth Amendment) Order, 1977 (Second Proclamation Order No. I of 1977).

“প্রধান নির্বাচন কমিশনার” অর্থ এই সংবিধানের ১১৮ অনুচ্ছেদের অধীন উক্ত পদে নিযুক্ত কোন ব্যক্তি ;

“প্রধান বিচারপতি” অর্থ বাংলাদেশের প্রধান বিচারপতি ;

“প্রশাসনিক একাংশ” অর্থ জেলা কিংবা এই সংবিধানের ৫৯ অনুচ্ছেদের উদ্দেশ্য-সাধনকল্পে আইনের দ্বারা অভিহিত অন্য কোন এলাকা ;

“বিচারক” অর্থ সুপ্রীম কোর্টের কোন বিভাগের কোন বিচারক ;

“বিচার-কর্মবিভাগ” অর্থ জেলা-বিচারক-পদের অনূর্ধ্ব কোন বিচারবিভাগীয় পদে অধিষ্ঠিত ব্যক্তিদের লইয়া গঠিত কর্মবিভাগ ;

“বৈঠক” (সংসদ-প্রসঙ্গে) অর্থ মূলতবী না করিয়া সংসদ যতক্ষণ ধারাবাহিকভাবে বৈঠকরত থাকেন, সেইরূপ মেয়াদ ;

“ভাগ” অর্থ এই সংবিধানের কোন ভাগ ;

“রাজধানী” অর্থ এই সংবিধানের ৫ অনুচ্ছেদে রাজধানী বলিতে যে অর্থ করা হইয়াছে ;

“রাজনৈতিক দল” বলিতে এমন একটি অধিসঙ্ঘ বা ব্যক্তিসমষ্টি অন্তর্ভুক্ত, যে অধিসঙ্ঘ বা ব্যক্তিসমষ্টি সংসদের অভ্যন্তরে বা বাহিরে স্বাতন্ত্র্যসূচক কোন নামে কার্য করেন এবং কোন রাজনৈতিক মত প্রচারের বা কোন রাজনৈতিক তৎপরতা পরিচালনার উদ্দেশ্যে অন্যান্য অধিসঙ্ঘ হইতে পৃথক কোন অধিসঙ্ঘ হিসাবে নিজদিগকে প্রকাশ করেন ;

“রাষ্ট্র” বলিতে সংসদ, সরকার ও সংবিধিবদ্ধ সরকারী কর্তৃপক্ষ অন্তর্ভুক্ত ;

“রাষ্ট্রপতি” অর্থ এই সংবিধানের অধীন নির্বাচিত বাংলাদেশের রাষ্ট্রপতি কিংবা সাময়িকভাবে উক্ত পদে কর্মরত কোন ব্যক্তি ;

“শৃঙ্খলা-বাহিনী” অর্থ

(ক) স্থল, নৌ বা বিমান-বাহিনী ;

(খ) পুলিশ-বাহিনী ;

(গ) আইনের দ্বারা এই সংজ্ঞার অর্থের অন্তর্গত বলিয়া ঘোষিত যে কোন শৃঙ্খলা-বাহিনী ;

“শৃঙ্খলামূলক আইন” অর্থ শৃঙ্খলা-বাহিনীর শৃঙ্খলা নিয়ন্ত্রণকারী কোন আইন ;

“সংবিধিবদ্ধ সরকারী কর্তৃপক্ষ” অর্থ যে কোন কর্তৃপক্ষ, সংস্থা বা প্রতিষ্ঠান, যাহার কার্যাবলী বা প্রধান প্রধান কার্য কোন আইন, অধ্যাদেশ, আদেশ বা বাংলাদেশে আইনের ক্ষমতাসম্পন্ন চুক্তিপত্র-দ্বারা অর্পিত হয় ;

"judicial service" means a service comprising persons holding judicial posts not being posts superior to that of a district judge ;

"law" means any Act, ordinance, order, rule, regulation, bye-law, notification or other legal instrument, and any custom or usage, having the force of law in Bangladesh ;

"Parliament" means the Parliament for Bangladesh established by article 65 ;

"Part" means a Part of this Constitution ;

"pension" means a pension, whether contributory or not, of any kind whatsoever payable to or in respect of any person, and includes retired pay or gratuity so payable by way of the return or any addition thereto of subscriptions to a provident fund ;

"political party" includes a group or combination of persons who operate within or outside Parliament under a distinctive name and who hold themselves out for the purpose of propagating a political opinion or engaging in any other political activity ;

"the President" means the President of Bangladesh elected under this Constitution or any person for the time being acting in that office ;

"property" includes property of every description movable or immovable corporeal or incorporeal, and commercial and industrial undertakings, and any right or interest in any such property or undertaking ;

"public notification" means a notification in the Bangladesh Gazette ;

"public officer" means a person holding or acting in any office of emolument in the service of the Republic ;

"the Republic" means the People's Republic of Bangladesh ;

"Schedule" means a schedule to this Constitution ;

"securities" includes stock ;

"the service of the Republic" means any service, post or office whether in a civil or military capacity, in respect of the Government of Bangladesh, and any other service declared by law to be a service of the Republic ;

"session", in relation to Parliament, means the sittings of Parliament commencing when it first meets after the commencement of this Constitution or after a prorogation or dissolution of Parliament and terminating when Parliament is prorogued or dissolved ;

“সংসদ” অর্থ এই সংবিধানের ৬৫ অনুচ্ছেদ-দ্বারা প্রতিষ্ঠিত বাংলাদেশের সংসদ ;

“সম্পত্তি” বলিতে সকল স্থাবর ও অস্থাবর, বস্তুগত ও নির্বস্তুগত সকল প্রকার সম্পত্তি, বাণিজ্যিক ও শিল্পগত উদ্যোগ এবং অনুরূপ সম্পত্তি বা উদ্যোগের সহিত সংশ্লিষ্ট যে কোন স্বত্ব বা অংশ অন্তর্ভুক্ত হইবে ;

“সরকারী কর্মচারী” অর্থ প্রজাতন্ত্রের কর্মে বেতনাদিযুক্ত পদে অধিষ্ঠিত বা কর্মরত কোন ব্যক্তি ;

“সরকারী বিজ্ঞপ্তি” অর্থ বাংলাদেশ গেজেটে প্রকাশিত কোন বিজ্ঞপ্তি ;

“সিকিউরিটি” বলিতে স্টক অন্তর্ভুক্ত হইবে ;

“সুপ্রীম কোর্ট” অর্থ এই সংবিধানের ৯৪ অনুচ্ছেদ-দ্বারা গঠিত বাংলাদেশের সুপ্রীম কোর্ট ;

“স্পীকার” অর্থ এই সংবিধানের ৭৪ অনুচ্ছেদ-অনুসারে সাময়িকভাবে স্পীকারের পদে অধিষ্ঠিত ব্যক্তি ;

“হাইকোর্ট বিভাগ” অর্থ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ।

(২) ১৮৯৭ সালের জেনারেল ক্লজেন্স অ্যাক্ট

- (ক) সংসদের কোন আইনের ক্ষেত্রে যেরূপ প্রযোজ্য, এই সংবিধানের ক্ষেত্রে সেইরূপ প্রযোজ্য হইবে ;
- (খ) সংসদের কোন আইনের দ্বারা রহিত কোন আইনের ক্ষেত্রে যেরূপ প্রযোজ্য, এই সংবিধানের দ্বারা রহিত কিংবা এই সংবিধানের কারণে বাতিল বা কার্যকরতালুগু কোন আইনের ক্ষেত্রে সেইরূপ প্রযোজ্য হইবে।

প্রবর্তন, উল্লেখ ও
নির্ভরযোগ্য পাঠ।

১৫৩। (১) এই সংবিধানকে “গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান” বলিয়া উল্লেখ করা হইবে এবং ১৯৭২ সালের ডিসেম্বর মাসের ১৬ তারিখে ইহা বলবৎ হইবে, যাহাকে এই সংবিধানে “সংবিধান-প্রবর্তন” বলিয়া অভিহিত করা হইয়াছে।

(২) বাংলায় এই সংবিধানের একটি নির্ভরযোগ্য পাঠ ও ইংরাজীতে অনূদিত একটি নির্ভরযোগ্য অনুমোদিত পাঠ থাকিবে এবং উভয় পাঠ নির্ভরযোগ্য বলিয়া গণপরিষদের স্পীকার সার্টিফিকেট প্রদান করিবেন।

(৩) এই অনুচ্ছেদের (২) দফা-অনুযায়ী সার্টিফিকেটযুক্ত কোন পাঠ এই সংবিধানের বিধানাবলীর চূড়ান্ত প্রমাণ বলিয়া গণ্য হইবে :

তবে শর্ত থাকে যে, বাংলা ও ইংরাজী পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

"sitting" in relation to Parliament, means a period during which Parliament is sitting continuously without adjournment ;

"the Speaker" means the person for the time being holding the office of Speaker pursuant to article 74 ;

"the State" includes Parliament, the Government and statutory public authorities ;

"statutory public authority" means any authority, corporation or body the activities or the principal activities of which are authorised by any Act, ordinance, order or instrument having the force of law in Bangladesh ;

"sub-clause" means a sub-clause of the clause in which the expression occurs ;

¹["the Supreme Court" means the Supreme Court of Bangladesh constituted by article 94 ;]

"taxation" includes the imposition of any tax, rate, duty or impost, whether general, local or special, and "Tax" shall be construed accordingly ²[:]

3* * * * *

(2) The General Clauses Act, 1897 shall apply in relation to—

- (a) this Constitution as it applies in relation to an Act of Parliament ;
- (b) any enactment repealed by this Constitution, or which by virtue thereof becomes void or ceases to have, effect, as it applies in relation to any enactment repealed by Act of Parliament.

153. (1) This Constitution may be cited as the Constitution of the People's Republic of Bangladesh and shall come into force on the sixteenth day of December, 1972, in this Constitution referred to as the commencement of this Constitution.

**Commencement,
citation and
authenticity.**

(2) There shall be an authentic text of this Constitution in Bengali, and an authentic text of an authorised translation in English, both of which shall be certified as such by the Speaker of the Constituent Assembly.

(3) A text certified in accordance with clause (2) shall be conclusive evidence of the provisions of this Constitution :

Provided that in the event of conflict between the Bengali and the English text, the Bengali text shall prevail.

¹Inserted by the Second Proclamation (Tenth Amendment) Order, 1977 (Second Proclamation Order No. I of 1977).

²Substituted for the full-stop by the Constitution (Ninth Amendment) Act, 1989 (Act XXXVIII of 1989), s. 16.

³The expression "the vice-president" was omitted by the Constitution (Twelfth Amendment) Act, 1991 (Act. XXVIII of 1991), s. 23.

প্রথম তফসিল

[৪৭ অনুচ্ছেদ]

অন্যান্য বিধান সত্ত্বেও কার্যকর আইন

১৯৫০ সালের পূর্ববঙ্গ জমিদারী দখল ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সালের আইন নং ২৮)।

১৯৭২ সালের বাংলাদেশ (শিল্প ও বাণিজ্য প্রতিষ্ঠানসমূহের নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনার দায়িত্বগ্রহণ) আদেশ (অস্থায়ী র‍েট্রপতির ১৯৭২ সালের আদেশ নং ১)।

* * * * *

*১৯৭২ সালের বাংলাদেশ সরকার (কর্মবিভাগসমূহ) আদেশ (১৯৭২ সালের পি. ও. নং ৯)।

১৯৭২ সালের বাংলাদেশ শিপিং কর্পোরেশন আদেশ (১৯৭২ সালের পি. ও. নং ১০)।

#১৯৭২ সালের বাংলাদেশ (উচ্চস্তর সম্পত্তি পুনরুদ্ধার) আদেশ (১৯৭২ সালের পি. ও. নং ১৩)।

**১৯৭২ সালের বাংলাদেশ সরকারী কর্মচারী (অবসরগ্রহণ) আদেশ (১৯৭২ সালের পি. ও. নং ১৪)।

১৯৭২ সালের বাংলাদেশ পরিত্যক্ত সম্পত্তি (নিয়ন্ত্রণ, ব্যবস্থাপনা ও বিলি-ব্যবস্থা) আদেশ (১৯৭২ সালের পি. ও. নং ১৬)।

১৯৭২ সালের বাংলাদেশ ব্যাঙ্ক (র‍েট্রায়ত্তকরণ) আদেশ (১৯৭২ সালের পি. ও. নং ২৬)।

১৯৭২ সালের বাংলাদেশ শিল্পোদ্যোগ (র‍েট্রায়ত্তকরণ) আদেশ (১৯৭২ সালের পি. ও. নং ২৭)।

১৯৭২ সালের বাংলাদেশ অভ্যন্তরীণ জলযান কর্পোরেশন আদেশ (১৯৭২ সালের পি. ও. নং ২৮)।

১৯৭২ সালের বাংলাদেশ (সম্পত্তি ও পরিসম্পৎ ন্যস্তকরণ) আদেশ (১৯৭২ সালের পি. ও. নং ২৯)।

১৯৭২ সালের বাংলাদেশ বীমা (জরুরী বিধানাবলী) আদেশ (১৯৭২ সালের পি. ও. নং ৩০)।

***১৯৭২ সালের বাংলাদেশ নিত্যব্যবহার্য দ্রব্য সরবরাহ আদেশ (১৯৭২ সালের পি. ও. নং ৪৭)।

The Second Proclamation (Fifteenth Amendment) Order, 1978 (Second Proclamation Order No. IV of 1978) এর 2nd Schedule-বলে "১৯৭২ সালের বাংলাদেশ যোগসাজশকারী (বিশেষ ট্রাইবুনাল) আদেশ (১৯৭২ সালের পি. ও. নং ৮)" লিপিবদ্ধ বিষয়টি বিলুপ্ত।

*১৯৭৫ সালের ৪৪নং অধ্যাদেশবলে বাতিলকৃত।

২৬-৯-১৯৭৫ইং তারিখে অতিবাহিত।

**১৯৭৩ সালের ২৬নং অধ্যাদেশবলে বাতিলকৃত।

***১৯৮১ সালের ৩নং আইনবলে বাতিলকৃত।

FIRST SCHEDULE

[Article 47]

Laws effective notwithstanding other provisions

The State Acquisition and Tenancy Act, 1950 (E. B. Act XXVIII of 1951).

The Bangladesh (Taking over of Control and Management of Industrial and Commercial Concerns) Order, 1972 (A. P. O. No. 1 of 1972).

1. * * * * *

* The Government of Bangladesh (Services) Order, 1972 (P. O. No. 9 of 1972).

The Bangladesh Shipping Corporation Order, 1972 (P. O. No. 10 of 1972).

#The Bangladesh (Restoration of Evacuee Property) Order, 1972 (P. O. No. 13 of 1972).

**The Bangladesh Public Servants' (Retirement) Order, 1972 (P. O. No. 14 of 1972).

The Bangladesh Abandoned Property (Control, Management and Disposal) Order, 1972 (P. O. No. 16 of 1972).

* The Bangladesh Banks (Nationalisation) Order, 1972 (P. O. No. 26 of 1972).

The Bangladesh Industrial Enterprises (Nationalisation) Order, 1972 (P. O. No. 27 of 1972).

\The Bangladesh Inland Water Transport Corporation Order, 1972 (P. O. No. 28 of 1972).

The Bangladesh (Vesting of Property and Assets) Order, 1972 (P. O. No. 29 of 1972).

The Bangladesh Insurance (Emergency Provisions) Order, 1972 (P. O. No. 30 of 1972).

**The Bangladesh Consumer Supplies Corporation Order, 1972 (P. O. No. 47 of 1972).

¹ The entry "The Bangladesh Collaborators (Special Tribunals) Order, 1972 (P. O. No. 8 of 1972)" was omitted by the Second Proclamation (Third Amendment) Order, 1975 (Second Proclamation Order No. III of 1975).

* Repealed by Ordinance No. XLIV of 1975.

** Repealed by Ordinance No. XXVI of 1973.

*** Repealed by Act III of 1981.

Spent on 26-9-1975.

*১৯৭২ সালের বাংলাদেশ তফসিলভুক্ত অপরাধ (বিশেষ ট্রাইব্যুনাল) আদেশ (১৯৭২ সালের পি.ও. নং ৫০)।

**১৯৭২ সালের রাষ্ট্রায়ত্ত্ব ও বেসরকারী সংগঠনসমূহ (কর্মচারীদের বেতন-নিয়ন্ত্রণ) আদেশ (১৯৭২ সালের পি.ও. নং ৫৪)।

***১৯৭২ সালের বাংলাদেশ পাট রপ্তানী সংস্থা আদেশ (১৯৭২ সালের পি.ও. নং ৫৭)।

১৯৭২ সালের বাংলাদেশ পানি ও বিদ্যুৎ উন্নয়ন পর্ষদসমূহ আদেশ (১৯৭২ সালের পি.ও. নং ৫৯)।

****১৯৭২ সালের বাংলাদেশ সরকার (সার্ভিসেস্ ক্রীনিং) আদেশ (১৯৭২ সালের পি.ও. নং ৬৭)।

†১৯৭২ সালের বাংলাদেশ সরকার হাট ও বাজার (ব্যবস্থাপনা) আদেশ (১৯৭২ সালের পি.ও. নং ৭৩)।

**১৯৭২ সালের বাংলাদেশ সরকার ও আংশিক স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসমূহ (কর্মচারীদের বেতন-নিয়ন্ত্রণ) আদেশ (১৯৭২ সালের পি.ও. নং ৭৯)।

১৯৭২ সালের বাংলাদেশ বীমা (রাষ্ট্রায়ত্ত্বকরণ) আদেশ (১৯৭২ সালের পি.ও. নং ৯৫)।

১৯৭২ সালের বাংলাদেশ ভূমি জিরাত (সীমাবদ্ধকরণ) আদেশ (১৯৭২ সালের পি.ও. নং ৯৮)।

‡১৯৭২ সালের বাংলাদেশ বিমান আদেশ (১৯৭২ সালের পি.ও. নং ১২৬)।

১৯৭২ সালের বাংলাদেশ ব্যাঙ্ক আদেশ (১৯৭২ সালের পি.ও. নং ১২৭)।

১৯৭২ সালের বাংলাদেশ শিল্প ঋণ সংস্থা আদেশ (১৯৭২ সালের পি.ও. নং ১২৮)।

১৯৭২ সালের বাংলাদেশ শিল্প ব্যাঙ্ক আদেশ (১৯৭২ সালের পি.ও. নং ১২৯)।

এবং রাষ্ট্রপতির আদেশসহ প্রচলিত আইনের দ্বারা কৃত উপরি-উক্ত আইন ও আদেশসমূহের সকল সংশোধনী।

* * * * *

*১৯৭৪ সালের ১৪নং আইনবলে বাতিলকৃত।

*১৯৭৭ সালের ৪২নং অধ্যাদেশবলে বাতিলকৃত।

***১৯৮৫ সালের ৩০নং অধ্যাদেশবলে বাতিলকৃত।

****১৯৭৭ সালের ১৫নং অধ্যাদেশবলে বাতিলকৃত।

†১৯৭৫ সালের ৫৯নং অধ্যাদেশবলে বাতিলকৃত।

‡১৯৭৭ সালের ১৯নং অধ্যাদেশবলে বাতিলকৃত।

† সংবিধান (চতুর্থ সংশোধন) আইন, ১৯৭৫ (১৯৭৫ সনের ২নং আইন)-এর ৩০ ধারাবলে "দ্বিতীয় তফসিল-রাষ্ট্রপতি নির্বাচন" বিলুপ্ত।

*The Bangladesh Scheduled Offences (Special Tribunals) Order, 1972 (P. O. No. 50 of 1972).

**The Bangladesh Nationalised and Private Organisations (Regulation of Salary of Employees) Order, 1972 (P. O. No. 54 of 1972).

***The Bangladesh Jute Export Corporation Order, 1972 (P. O. No. 57 of 1972).

The Bangladesh Water and Power Development Boards Order, 1972 (P. O. No. 59 of 1972).

****The Government of Bangladesh (Services Screening) Order, 1972 (P. O. No. 67 of 1972).

† The Bangladesh Government Hats and Bazars (Management) Order, 1972 (P. O. No. 73 of 1972).

**The Bangladesh Government and Semi-autonomous Organisations (Regulation of Salary of Employees) Order, 1972 (P. O. No. 79 of 1972).

The Bangladesh Insurance (Nationalisation) Order, 1972 (P. O. No. 95 of 1972).

The Bangladesh Land Holding (Limitation) Order, 1972 (P. O. No. 98 of 1972).

‡The Bangladesh Biman Order, 1972 (P. O. No. 126 of 1972).

The Bangladesh Bank Order, 1972 (P. O. No. 127 of 1972).

The Bangladesh Shilpa Rin Sangstha Order, 1972 (P. O. No. 128 of 1972).

The Bangladesh Shilpa Bank Order, 1972 (P. O. No. 129 of 1972).

And all Presidential Orders and other existing law effecting amendment to the above-mentioned Act and Orders.

* * * * *

* Repealed by Act XIV of 1974.

**Repealed by Ordinance No. XLII of 1977.

***Repealed by Ordinance No. XXX of 1985.

****Repealed by Ordinance No. XV of 1977.

†Repealed by Ordinance No. LIX of 1975.

‡Repealed by Ordinance No. XIX of 1977.

¹“SECOND SCHEDULE-Election of President” was omitted by the Constitution (Fourth Amendment) Act, 1975 (Act II of 1975), s. 31.

তৃতীয় তফসিল
[১৪৮ অনুচ্ছেদ]
শপথ ও ঘোষণা

১। রাষ্ট্রপতি।—^১[প্রধান বিচারপতি] কর্তৃক নিম্নলিখিত ফরমে শপথ (বা ঘোষণা)-পাঠ পরিচালিত হইবে :

“আমি, , সশ্রদ্ধচিত্তে শপথ (বা দৃঢ়ভাবে ঘোষণা) করিতেছি যে, আমি আইন-অনুযায়ী বাংলাদেশের রাষ্ট্রপতি-পদের কর্তব্য বিশ্বস্ততার সহিত পালন করিব ;

আমি বাংলাদেশের প্রতি অকৃত্রিম বিশ্বাস ও আনুগত্য পোষণ করিব ;

আমি সংবিধানের রক্ষণ, সমর্থন ও নিরাপত্তাবিধান করিব ;

এবং আমি ভীতি বা অনুগ্রহ, অনুরাগ বা বিরাগের বশবর্তী না হইয়া সকলের প্রতি আইন-অনুযায়ী যথাবিহীত আচরণ করিব।”

* * * * *

¶১ক। রাষ্ট্রপতি কর্তৃক প্রধান উপদেষ্টার দায়িত্ব পালনের ক্ষেত্রে।—প্রধান বিচারপতি কর্তৃক নিম্নলিখিত ফরমে শপথ (বা ঘোষণা) পাঠ পরিচালিত হইবে :

(ক) পদের শপথ (বা ঘোষণা) :

“আমি, , সশ্রদ্ধচিত্তে শপথ (বা দৃঢ়ভাবে ঘোষণা) করিতেছি যে, আমি আইন-অনুযায়ী নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টা পদের কর্তব্য বিশ্বস্ততার সহিত পালন করিব ;

আমি বাংলাদেশের প্রতি অকৃত্রিম বিশ্বাস ও আনুগত্য পোষণ করিব ;

আমি সংবিধানের রক্ষণ, সমর্থন ও নিরাপত্তাবিধান করিব ;

এবং আমি ভীতি বা অনুগ্রহ, অনুরাগ বা বিরাগের বশবর্তী না হইয়া সকলের প্রতি আইন-অনুযায়ী যথাবিহীত আচরণ করিব।”

^১ সংবিধান (চতুর্থ সংশোধন) আইন, ১৯৭৫ (১৯৭৫ সনের ২নং আইন)-এর ৩১ ধারাবলে “প্রধান বিচারপতি” শব্দটির পরিবর্তে প্রতিস্থাপিত।

^২ The Second Proclamation (Fifteenth Amendment) Order, 1978 (Second Proclamation Order No. IV of 1978) এর 2nd Schedule বলে “স্পীকার” শব্দটির পরিবর্তে প্রতিস্থাপিত।

^৩ সংবিধান (দ্বাদশ সংশোধন) আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২৮নং আইন)-এর ২৪(ক) ধারাবলে ফরম “১ক। উপ-রাষ্ট্রপতি” বিলুপ্ত।

^৪ সংবিধান (ত্রয়োদশ সংশোধন) আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ১নং আইন)-এর ৯(১) ধারাবলে সন্নিবেশিত।

THIRD SCHEDULE

[Article 148]

OATHS AND AFFIRMATIONS

1. The President.—An oath (or affirmation) in the following form shall be administered by the [Chief Justice]-

"I,....., do solemnly swear (or affirm) that I will faithfully discharge the duties of the office of President of Bangladesh according to law :

That I will bear true faith and allegiance to Bangladesh :

That I will preserve, protect and defend the Constitution :

And that I will do right to all manner of people according to law, without fear or favour, affection or ill-will."

2. * * * * *

³[1A. The President in the case of performing the functions of the Chief Adviser.-Oaths (or affirmations) in the following forms shall be administered by the Chief Justice—

(a) Oath (or affirmation) of office :

"I,....., do solemnly swear (or affirm) that I will faithfully discharge the duties of the office of Chief Adviser of the Non-Party Care-taker Government according to law :

That I will bear true faith and allegiance to Bangladesh :

That I will preserve, protect and defend the Constitution :

And that I will do right to all manner of people according to law, without fear or favour, affection or ill-will."

¹Substituted for the words "Chief Justice of the Supreme Court" by the Second Proclamation (Tenth Amendment) Order, 1977 (Second Proclamation Order No. 1 of 1977).

²Form 1A "Vice-President" was omitted by the Constitution (Twelfth Amendment) Act, 1991 (Act XXVIII of 1991), s. 24(a).

³Inserted by the Constitution (Thirteenth Amendment) Act, 1996 (Act I of 1996), s. 9(1).

(খ) গোপনতার শপথ (বা ঘোষণা) :

“আমি,, সশ্রদ্ধচিত্তে শপথ (বা দৃঢ়ভাবে ঘোষণা) করিতেছি যে, নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টা রূপে যে সকল বিষয় আমার বিবেচনার জন্য আনীত হইবে বা যে সকল বিষয় আমি অবগত হইব, তাহা প্রধান উপদেষ্টা রূপে যথাযথভাবে আমার কর্তব্য পালনের প্রয়োজন ব্যতীত প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কোন ব্যক্তিকে জ্ঞাপন করিব না বা কোন ব্যক্তির নিকট প্রকাশ করিব না।”]

২। [প্রধানমন্ত্রী * *] এবং অন্যান্য মন্ত্রী, প্রতি-মন্ত্রী ও উপমন্ত্রী।— রষ্ট্রপতি কর্তৃক নিম্নলিখিত ফরমে শপথ (বা ঘোষণা)-পাঠ পরিচালিত হইবে :

(ক) পদের শপথ (বা ঘোষণা) :

“আমি,, সশ্রদ্ধচিত্তে শপথ (বা দৃঢ়ভাবে ঘোষণা) করিতেছি যে, আমি আইন-অনুযায়ী সরকারের প্রধানমন্ত্রী (কিংবা ক্ষেত্রমত মন্ত্রী, প্রতি-মন্ত্রী, বা উপমন্ত্রী)—পদের কর্তব্য বিশ্বস্ততার সহিত পালন করিব ;

আমি বাংলাদেশের প্রতি অকৃত্রিম বিশ্বাস ও আনুগত্য পোষণ করিব ;

আমি সংবিধানের রক্ষণ, সমর্থন ও নিরাপত্তাবিধান করিব ;

এবং আমি ভীতি বা অনুগ্রহ, অনুরাগ বা বিরাগের বশবর্তী হইয়া সকলের প্রতি আইন-অনুযায়ী যথাবিহিত আচরণ করিব।”

(খ) গোপনতার শপথ (বা ঘোষণা) :

“আমি,, সশ্রদ্ধচিত্তে শপথ (বা দৃঢ়ভাবে ঘোষণা) করিতেছি যে, সরকারের প্রধানমন্ত্রী (কিংবা ক্ষেত্রমত মন্ত্রী, প্রতি-মন্ত্রী, বা উপমন্ত্রী)—রূপে যে সকল বিষয় আমার বিবেচনার জন্য আনীত হইবে বা যে সকল বিষয় আমি অবগত হইব, তাহা প্রধানমন্ত্রী (কিংবা ক্ষেত্রমত মন্ত্রী, প্রতি-মন্ত্রী, বা উপমন্ত্রী)—রূপে যথাযথভাবে আমার কর্তব্য পালনের প্রয়োজন ব্যতীত প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কোন ব্যক্তিকে জ্ঞাপন করিব না বা কোন ব্যক্তির নিকট প্রকাশ করিব না।”

^১The Second Proclamation (Fifteenth Amendment) Order, 1978 (Second Proclamation Order No. IV of 1978) এর 2nd Schedule-বলে “প্রধানমন্ত্রী” শব্দটির পরিবর্তে প্রতিস্থাপিত।

^২ সংবিধান (দ্বাদশ সংশোধন) আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২৮নং আইন)-এর ২৪(খ) ধারাবলে “, উপ-প্রধানমন্ত্রী” কথাটি ও শব্দটি বিলুপ্ত।

(b) Oath (or affirmation) of secrecy :

"I....., do solemnly swear (or affirm) that I will not directly or indirectly communicate or reveal to any person any matter which shall be brought under my consideration or shall become known to me as Chief Adviser of the Non-Party Care-taker Government except as may be required for the due discharge of my duty as Chief Adviser."

2. The ¹[Prime Minister ^{2*} * * and other Ministers, Ministers of State and Deputy Ministers.—Oaths (or affirmations) in the following forms shall be administered by the President—

(a) Oath (or affirmation) of office :

"I....., do solemnly swear (or affirm) that I will faithfully discharge the duties of the office of Prime Minister (or as the case may be) according to law :

That I will bear true faith and allegiance to Bangladesh :

That I will preserve, protect and defend the Constitution :

And that I will do right to all manner of people according to law, without fear or favour, affection or ill-will."

(b) Oath (or affirmation) of secrecy :

"I....., do solemnly swear (or affirm) that I will not directly or indirectly communicate or reveal to any person any matter which shall be brought under my consideration or shall become known to me as Prime Minister (or as the case may be) except as may be required for the due discharge of my duty as Prime Minister (or as the case may be)."

¹Substituted for the words "Prime Minister" by the Second Proclamation (Fifteenth Amendment) Order, 1978 (Second Proclamation Order No. IV of 1978).

²The comma and words ", Deputy Prime Minister" were omitted by the Constitution (Twelfth Amendment) Act, 1991 (Act XXVIII of 1991), s. 24(b).

১২ক। প্রধান উপদেষ্টা এবং উপদেষ্টাগণ।—রাষ্ট্রপতি কর্তৃক নিম্নলিখিত ফরমে শপথ (বা ঘোষণা)-পাঠ পরিচালিত হইবে :

(ক) পদের শপথ (বা ঘোষণা) :

"আমি,, সশ্রদ্ধচিত্তে শপথ (বা দৃঢ়ভাবে ঘোষণা) করিতেছি যে, আমি আইন-অনুযায়ী নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টা (কিংবা উপদেষ্টা) পদের কর্তব্য বিশ্বস্ততার সহিত পালন করিব ;

আমি বাংলাদেশের প্রতি অকৃত্রিম বিশ্বাস ও আনুগত্য পোষণ করিব ;

আমি সংবিধানের রক্ষণ, সমর্থন ও নিরাপত্তাবিধান করিব ;

এবং আমি ভীতি বা অনুগ্রহ, অনুরাগ বা বিরাগের বশবর্তী না হইয়া সকলের প্রতি আইন-অনুযায়ী যথাবিহিত আচরণ করিব।"

(খ) গোপনতার শপথ (বা ঘোষণা) :

"আমি,, সশ্রদ্ধচিত্তে শপথ (বা দৃঢ়ভাবে ঘোষণা) করিতেছি যে, নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টা (কিংবা উপদেষ্টা)-রূপে যে সকল বিষয় আমার বিবেচনার জন্য আনীত হইবে বা যে সকল বিষয় আমি অবগত হইব, তাহা প্রধান উপদেষ্টা (কিংবা উপদেষ্টা)-রূপে যথাযথভাবে আমার কর্তব্য পালনের প্রয়োজন ব্যতীত প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কোন ব্যক্তিকে জ্ঞাপন করিব না বা কোন ব্যক্তির নিকট প্রকাশ করিব না।"

৩। স্পীকার।—[রাষ্ট্রপতি] কর্তৃক নিম্নলিখিত ফরমে শপথ (বা ঘোষণা)-পাঠ পরিচালিত হইবে :

"আমি,, সশ্রদ্ধচিত্তে শপথ (বা দৃঢ়ভাবে ঘোষণা) করিতেছি যে, আমি আইন-অনুযায়ী সংসদের স্পীকারের কর্তব্য (এবং কখনও আহত হইলে রাষ্ট্রপতির কর্তব্য) বিশ্বস্ততার সহিত পালন করিব ;

আমি বাংলাদেশের প্রতি অকৃত্রিম বিশ্বাস ও আনুগত্য পোষণ করিব ;

আমি সংবিধানের রক্ষণ, সমর্থন ও নিরাপত্তাবিধান করিব ;

এবং আমি ভীতি বা অনুগ্রহ, অনুরাগ বা বিরাগের বশবর্তী না হইয়া সকলের প্রতি আইন-অনুযায়ী যথাবিহিত আচরণ করিব।"

^১সংবিধান (ত্রয়োদশ সংশোধন) আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ১নং আইন)-এর ৯(২) ধারাবলে সন্নিবেশিত।

^২ সংবিধান (চতুর্থ সংশোধন) আইন, ১৯৭৫ (১৯৭৫ সনের ২নং আইন)-এর ৩১ ধারাবলে "প্রধান বিচারপতি" শব্দটির পরিবর্তে প্রতিস্থাপিত।

¹[2A The Chief Adviser.....and Advisers.—Oaths (or affirmations) in the following forms shall be administered by the President—

(a) Oath (or affirmation) of office :

"I,....., do solemnly swear (or affirm) that I will faithfully discharge the duties of the office of Chief Adviser (or Adviser) of the Non-Party Care-taker Government, according to law ;

That I will bear true faith and allegiance to Bangladesh :

That I will preserve, protect and defend the Constitution :

That I will do right to all manner of people according to law, without fear or favour, affection or ill-will."

(b) Oath (or affirmation) of secrecy :

"I,....., do solemnly swear (or affirm) that I will not directly or indirectly communicate or reveal to any person any matter which shall be brought under my consideration or shall become known to me as Chief Adviser (or Adviser) of the Non-Party Care-taker Government, except as may be required for the due discharge of my duty as Chief Adviser (or Adviser)."

3. The Speaker.—An oath (or affirmation) in the following forms shall be administered by the ²[President]—

"I,....., do solemnly swear (or affirm) that I will faithfully discharge the duties of the Speaker of Parliament and (whenever I am called upon so to do) of the President, according to law :

That I will bear true faith and allegiance to Bangladesh :

That I will preserve, protect and defend the Constitution :

And that I will do right to all manner of people according to law, without fear or favour, affection or ill-will."

¹Inserted by the Constitution (Thirteenth Amendment) Act, 1996 (Act I of 1996), s. 9(2).

² Substituted for the words "Chief Justice" by the Constitution (Fourth Amendment) Act, 1975 (Act II of 1975), s. 32(c).

৪। ডেপুটি স্পীকার।—^১[রাষ্ট্রপতি] কর্তৃক নিম্নলিখিত ফরমে শপথ (বা ঘোষণা)-পাঠ পরিচালিত হইবে :

“আমি,, সশ্রদ্ধচিত্তে শপথ (বা দৃঢ়ভাবে ঘোষণা) করিতেছি যে, আমি আইন-অনুযায়ী সংসদের ডেপুটি স্পীকারের কর্তব্য (এবং কখনও আহত হইলে স্পীকারের কর্তব্য) বিশ্বস্ততার সহিত পালন করিব ;

আমি বাংলাদেশের প্রতি অকৃত্রিম বিশ্বাস ও আনুগত্য পোষণ করিব ;

আমি সংবিধানের রক্ষণ, সমর্থন ও নিরাপত্তাবিধান করিব ;

এবং আমি ভীতি বা অনুগ্রহ, অনুরাগ বা বিরাগের বশবর্তী না হইয়া সকলের প্রতি আইন-অনুযায়ী যথাবিহিত আচরণ করিব।”

৫। সংসদ-সদস্য।—^২* * * স্পীকার কর্তৃক নিম্নলিখিত ফরমে শপথ (বা ঘোষণা)-পাঠ পরিচালিত হইবে :

“আমি,, সংসদ-সদস্য নির্বাচিত হইয়া সশ্রদ্ধচিত্তে শপথ (বা দৃঢ়ভাবে ঘোষণা) করিতেছি যে,

আমি যে কর্তব্যভার গ্রহণ করিতে যাইতেছি, তাহা আইন-অনুযায়ী ও বিশ্বস্ততার সহিত পালন করিব ;

আমি বাংলাদেশের প্রতি অকৃত্রিম বিশ্বাস ও আনুগত্য পোষণ করিব ;

এবং সংসদ-সদস্যরূপে আমার কর্তব্য পালনকে ব্যক্তিগত স্বার্থের দ্বারা প্রভাবিত হইতে দিব না।”

৬। প্রধান বিচারপতি বা বিচারক।—প্রধান বিচারপতির ক্ষেত্রে রাষ্ট্রপতি কর্তৃক এবং সুপ্রীম কোর্টের কোন বিভাগের কোন বিচারকের ক্ষেত্রে প্রধান বিচারপতি কর্তৃক নিম্নলিখিত ফরমে শপথ (বা ঘোষণা)-পাঠ পরিচালিত হইবে :

“আমি,, প্রধান বিচারপতি (বা ক্ষেত্রমত সুপ্রীম কোর্টের আপীল/হাইকোর্ট বিভাগের বিচারক) নিযুক্ত হইয়া সশ্রদ্ধচিত্তে শপথ (বা দৃঢ়ভাবে ঘোষণা) করিতেছি যে, আমি আইন-অনুযায়ী ও বিশ্বস্ততার সহিত আমার পদের কর্তব্য পালন করিব ;

আমি বাংলাদেশের প্রতি অকৃত্রিম বিশ্বাস ও আনুগত্য পোষণ করিব ;

^১ সংবিধান (চতুর্থ সংশোধন) আইন, ১৯৭৫ (১৯৭৫ সনের ২নং আইন)-এর ৩১ ধারাবলে “প্রধান বিচারপতি” শব্দগুলির পরিবর্তে প্রতিস্থাপিত।

^২ উপরোক্ত আইনবলে “সংসদের কোন বৈঠকে” শব্দগুলি বিলুপ্ত।

4. Deputy Speaker.— An oath (or affirmation) in the following forms shall be administered by the ¹[President]—

"I,....., do solemnly swear (or affirm) that I will faithfully discharge the duties of Deputy Speaker of Parliament and (whenever I am called upon so to do) of the Speaker, according to law :

That I will bear true faith and allegiance to Bangladesh :

That I will preserve, protect and defend the Constitution :

And that I will do right to all manner of people according to law, without fear or favour, affection or ill-will."

5. Member of Parliament.—An oath (or affirmation) in the following forms shall be administered ²* * * by the Speaker—

"I,....., having been elected a member of Parliament do solemnly swear (or affirm) that I will faithfully discharge the duties upon which I am about to enter according to law :

That I will bear true faith and allegiance to Bangladesh :

And that I will not allow my personal interest to influence the discharge of my duties as a member of Parliament."

³[6. Chief Justice or Judges.— An oath (or affirmation) in the following forms shall be administered, in the case of the Chief Justice by the President, and in the case of a Judge appointed to a division, by the Chief Justice—

"I,....., having been appointed Chief Justice of Bangladesh (or Judge of the Appellate/High Court Division of the Supreme Court) do solemnly swear (or affirm) that I will faithfully discharge the duties of my office according to law :

That I will bear true faith and allegiance to Bangladesh :

¹Substituted for the words "Chief Justice" by the Constitution (Fourth Amendment) Act, 1975 (Act II of 1975), s. 32(d).

²The words "at a meeting of Parliament" were omitted *ibid.*, s. 32(e).

³Substituted for the original form 6 by the Second Proclamation (Tenth Amendment) Order, 1977 (Second Proclamation Order No. I of 1977).

আমি বাংলাদেশের সংবিধান ও আইনের রক্ষণ, সমর্থন ও নিরাপত্তাবিধান করিব ;

এবং আমি ভীতি বা অনুগ্রহ, অনুরাগ বা বিরাগের বশবর্তী না হইয়া সকলের প্রতি আইন-অনুযায়ী যথাবিহিত আচরণ করিব ।”

৭। প্রধান নির্বাচন কমিশনার বা নির্বাচন কমিশনার।—প্রধান বিচারপতি কর্তৃক নিম্নলিখিত ফরমে শপথ (বা ঘোষণা)-পাঠ পরিচালিত হইবে :

“আমি, , প্রধান নির্বাচন কমিশনার (বা ক্ষেত্রমত নির্বাচন কমিশনার) নিযুক্ত হইয়া সশ্রদ্ধচিত্তে শপথ (বা দৃঢ়ভাবে ঘোষণা) করিতেছি যে, আমি আইন-অনুযায়ী ও বিশ্বস্ততার সহিত আমার পদের কর্তব্য পালন করিব ;

আমি বাংলাদেশের প্রতি অকৃত্রিম বিশ্বাস ও আনুগত্য পোষণ করিব ;

আমি সংবিধানের রক্ষণ, সমর্থন ও নিরাপত্তাবিধান করিব ;

এবং আমার সরকারী কার্য ও সরকারী সিদ্ধান্তকে ব্যক্তিগত স্বার্থের দ্বারা প্রভাবিত হইতে দিব না ।”

৮। মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক।—প্রধান বিচারপতি কর্তৃক নিম্নলিখিত ফরমে শপথ (বা ঘোষণা)-পাঠ পরিচালিত হইবে :

“আমি, , মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক নিযুক্ত হইয়া সশ্রদ্ধচিত্তে শপথ (বা দৃঢ়ভাবে ঘোষণা) করিতেছি যে, আমি আইন-অনুযায়ী ও বিশ্বস্ততার সহিত আমার পদের কর্তব্য পালন করিব ;

আমি বাংলাদেশের প্রতি অকৃত্রিম বিশ্বাস ও আনুগত্য পোষণ করিব ;

আমি সংবিধানের রক্ষণ, সমর্থন ও নিরাপত্তাবিধান করিব ;

এবং আমার সরকারী কার্য ও সরকারী সিদ্ধান্তকে ব্যক্তিগত স্বার্থের দ্বারা প্রভাবিত হইতে দিব না ।”

৯। সরকারী কর্ম কমিশনের সদস্য।—প্রধান বিচারপতি কর্তৃক নিম্নলিখিত ফরমে শপথ (বা ঘোষণা)-পাঠ পরিচালিত হইবে :

“আমি, , সরকারী কর্ম কমিশনের সভাপতি (বা ক্ষেত্রমত সদস্য) নিযুক্ত হইয়া সশ্রদ্ধচিত্তে শপথ (বা দৃঢ়ভাবে ঘোষণা) করিতেছি যে, আমি আইন-অনুযায়ী ও বিশ্বস্ততার সহিত আমার পদের কর্তব্য পালন করিব ;

আমি বাংলাদেশের প্রতি অকৃত্রিম বিশ্বাস ও আনুগত্য পোষণ করিব ;

আমি সংবিধানের রক্ষণ, সমর্থন ও নিরাপত্তাবিধান করিব ;

এবং আমার সরকারী কার্য ও সরকারী সিদ্ধান্তকে ব্যক্তিগত স্বার্থের দ্বারা প্রভাবিত হইতে দিব না ।”

That I will preserve, protect and defend the Constitution and the laws of Bangladesh :

And that I will do right to all manner of people according to law, without fear or favour, affection or ill-will.”]

7. Chief Election Commissioner or Election Commissioner.— An oath (or affirmation) in the following forms shall be administered by the ¹[Chief Justice]—

“I....., having been appointed Chief Election Commissioner (or Election Commissioner), do solemnly swear (or affirm) that I will faithfully discharge the duties of my office according to law :

That I will bear true faith and allegiance to Bangladesh :

That I will preserve, protect and defend the Constitution :

And that I will not allow my personal interest to influence my official conduct or my official decisions.”

8. Comptroller and Auditor-General.—An oath (or affirmation) in the following forms shall be administered, by the ¹[Chief Justice]—

“I....., having been appointed Comptroller and Auditor-General do solemnly swear (or affirm) that I will faithfully discharge the duties of my office according to law :

That I will bear true faith and allegiance to Bangladesh :

That I will preserve, protect and defend the Constitution :

And that I will not allow my personal interest to influence my official conduct or my official decisions.”

9. Member of Public Service Commission.—An oath (or affirmation) in the following form shall be administered, by the ¹[Chief Justice]—

“I....., having been appointed Chairman (or Member) of a Public Service Commission do solemnly swear (or affirm) that I will faithfully discharge the duties of my office according to law :

That I will bear true faith and allegiance to Bangladesh :

That I will preserve, protect and defend the Constitution :

And that I will not allow my personal interest to influence my official conduct or my official decisions.”

¹ Substituted for the words “Chief Justice of the High Court” by the Second Proclamation (Tenth Amendment) Order, 1977 (Second Proclamation Order No. I of 1977).

চতুর্থ তফসিল

[১৫০ অনুচ্ছেদ]

ক্রান্তিকালীন ও অস্থায়ী বিধানাবলী

গণপরিষদ ভঙ্গকরণ।

১। প্রজাতন্ত্রের জন্য সংবিধান-রচনার যে দায়িত্বভার এই গণপরিষদের উপর ন্যস্ত ছিল, তাহা পালিত হওয়ায় এই সংবিধান-প্রবর্তনের সঙ্গে সঙ্গে গণপরিষদ ভাঙ্গিয়া যাইবে।

প্রথম নির্বাচন।

২। (১) এই সংবিধান-প্রবর্তনের পর যথাশীঘ্র সম্ভব সংসদ-সদস্য-নির্বাচনের জন্য প্রথম সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হইবে এবং এই উদ্দেশ্যসাধনকল্পে ১৯৭২ সালের বাংলাদেশ ভোটার-তালিকা আদেশ (১৯৭২ সালের পি. ও. নং ১০৪)-এর অধীন প্রস্তুত ভোটার-তালিকা এই সংবিধানের ১১৯ অনুচ্ছেদ-অনুযায়ী প্রস্তুত ভোটার-তালিকা বলিয়া গণ্য হইবে।

(২) সংসদ-সদস্যদের প্রথম নির্বাচনের উদ্দেশ্যসাধনকল্পে ১৯৭০ সালে প্রকাশিত ও পূর্বতন প্রাদেশিক পরিষদ গঠনের উদ্দেশ্যে চিহ্নিত নির্বাচনী এলাকাসমূহের সীমানা এই সংবিধানের ১১৯ অনুচ্ছেদের অধীন চিহ্নিত সীমানা বলিয়া গণ্য হইবে এবং নির্বাচন কমিশন-প্রয়োজনবোধে যে কোন নির্বাচনী এলাকার নাম কিংবা তাহার অন্তর্ভুক্ত মহকুমা বা থানার নাম পরিবর্তন করিয়া-সরকারী বিজ্ঞপ্তি-দ্বারা অনুরূপ নির্বাচনী এলাকাসমূহের তালিকা প্রকাশ করিবেন :

তবে শর্ত থাকে যে, এই সংবিধানের ৬৫ অনুচ্ছেদের (৩) দফায় উল্লিখিত মহিলা-সদস্যদের আসন সম্পর্কিত বিধানাবলী কার্যকর করিবার জন্য আইনের দ্বারা বিধান করা যাইবে।

ধারাবাহিকতা-রক্ষা
ও অন্তর্ভুক্তি
ব্যবস্থাবলী।

৩। (১) ১৯৭১ সালের ২৬শে মার্চ হইতে এই সংবিধান-প্রবর্তনের তারিখের মধ্যে প্রণীত বা প্রণীত বলিয়া বিবেচিত সকল আইন, স্বাধীনতার ঘোষণাপত্র বা যে কোন আইন হইতে আহরিত বা আহরিত বলিয়া বিবেচিত কর্তৃত্বের অধীন অনুরূপ মেয়াদের মধ্যে প্রযুক্ত সকল ক্ষমতা বা কৃত সকল কার্য এতদ্বারা অনুমোদিত ও সমর্থিত হইল এবং তাহা আইনানুযায়ী যথার্থভাবে প্রণীত, প্রযুক্ত ও কৃত হইয়াছে বলিয়া ঘোষিত হইল।

(২) ১৯৭২ সালের বাংলাদেশ অস্থায়ী সংবিধান আদেশ বাতিল হইয়া যাওয়া সত্ত্বেও এই সংবিধানের বিধানাবলী অনুসারে সংসদ যেদিন প্রথমবার মিলিত হইবে, সেইদিন পর্যন্ত এই সংবিধান-প্রবর্তনের তারিখের অব্যবহিত পূর্বে প্রজাতন্ত্রের আইন-প্রণয়নগত ও নির্বাহী ক্ষমতা (প্রধানমন্ত্রীর পরামর্শক্রমে রাষ্ট্রপতি কর্তৃক আদেশের দ্বারা আইন-প্রণয়নের ক্ষমতাসহ) যেরূপে প্রযুক্ত হইয়াছে, তাহা সেইরূপে প্রযুক্ত হইতে থাকিবে।

FOURTH SCHEDULE

[Article 150]

Transitional and temporary provisions

1. Upon the commencement of this Constitution, the Constituent Assembly, having discharged its responsibility of framing a Constitution for the Republic, shall stand dissolved.

Dissolution of
Constituent
Assembly.

2. (1) The first general election of members of Parliament shall be held as soon as possible after the commencement of this Constitution and for this purpose the electoral rolls prepared under the Bangladesh Electoral Rolls Order, 1972 (P. O. No. 104 of 1972) shall be deemed to be the electoral rolls prepared in accordance with article 119

First elections.

(2). For the purpose of the first general election of members of Parliament, the delimitation of constituencies made for the purpose of elections to constitute the erstwhile Provincial Assembly, and published in 1970, shall be deemed to be made under article 119, and the Election Commission shall, after incorporating such changes, as it may consider necessary, in the nomenclature of any constituency or any sub-division or thana included therein, publish, by public notification, the list of such constituencies :

Provided that provision may be made by law to give effect to the provisions relating to seats for women members referred to in clause (3) of article 65.

3. (1) All laws made or purported to have been made in the period between the 26th day of March, 1971 and the commencement of this Constitution, all powers exercised and all things done during that period, under authority derived or purported to have been derived from the Proclamation of Independence or any law, are hereby ratified and confirmed and are declared to have been duly made, exercised and done according to law.

Provisions for
maintaining
continuity and
interim
arrangements.

(2) Until the day upon which Parliament first meets pursuant to the provisions of this Constitution, the executive and legislative powers of the Republic (including the power of the President, on the advice of the Prime Minister, to legislate by order) shall, notwithstanding the repeal of the Provisional Constitution of Bangladesh Order, 1972, be exercised in all respects in the manner in which, immediately before the commencement of this Constitution, they have been exercised.

(3) Any provision of this Constitution enabling or requiring Parliament to legislate shall, until the day upon which Parliament first meets as aforesaid, be construed as enabling the President to legislate by order, and any order made under this paragraph shall have effect as if the provisions thereof had been enacted by Parliament.

¹3A. (1) The Proclamations of the 20th August, 1975, and 8th November, 1975, and the Third Proclamation of the 29th November, 1976, and all other Proclamations and Orders amending or supplementing them, hereinafter in this paragraph collectively referred to as the said Proclamations' and all Martial Law Regulations, Martial Law Orders and all other laws made during the period between the 15th day of August, 1975 and the date of revocation of the said Proclamations and the withdrawal of Martial Law (both days inclusive), hereinafter in this paragraph referred to as the said period, shall be deemed to have been validly made and shall not be called in question in or before any Court or Tribunal on any ground whatsoever.

Validation of
certain
Proclamations, etc.

(2) All orders made, acts and things done, and actions and proceedings taken, or purported to have been made, done or taken, by the President or the Chief Martial Law Administrator or by any other person or authority, during the said period, in exercise or purported exercise of the powers derived from any of the said Proclamations or any Martial Law Regulation or Martial Law Order or any other law, or in execution of or in compliance with any order made or sentence passed by any Court or authority in the exercise or purported exercise of such powers, shall be deemed to have been validly made, done or taken and shall not be called in question in or before any Court, or Tribunal on any ground whatsoever.

(3) No suit, prosecution or other legal proceeding shall lie in any Court or Tribunal against any person or authority for or on account of or in respect of any order made, act or thing done, or action or proceeding taken whether in the exercise or purported exercise of the powers referred to in sub-paragraph (2) or in execution of or in compliance with orders made or sentences passed in exercise or purported exercise of such powers.

(4) All amendments, additions, modifications, substitutions and omissions made in this Constitution by the said Proclamations shall have effect as if such amendments, additions, modifications, substitutions and omissions were made in accordance with, and in compliance with the requirements of, this Constitution.

¹ Inserted by the Proclamations (Amendment) Order, 1977 (Proclamations Order No. 1 of 1977).

(৫) উক্ত ফরমানসমূহ বাতিল এবং সামরিক আইন প্রত্যাহার করা হইলে, এই সংবিধান, উপরি-উক্ত সংশোধন, সংযোজন, পরিবর্তন, প্রতিস্থাপন এবং বিলোপসাধন সাপেক্ষে, এইরূপ কার্যকর ও সক্রিয় থাকিবে যেন উহা অব্যাহতভাবে সক্রিয় ছিল।

(৬) উক্ত ফরমানসমূহ বাতিল এবং সামরিক আইন প্রত্যাহারে এমন কোন অধিকার বা সুযোগ পুনরুজ্জীবিত বা পুনর্বহাল হইবে না যাহা অনুরূপ বাতিল বা প্রত্যাহারের সময় বিদ্যমান ছিল না।

(৭) উক্ত ফরমানসমূহ বাতিল এবং সামরিক আইন প্রত্যাহারের অব্যবহিত পূর্বে বলবৎ সকল আইন, উক্ত ফরমানসমূহ বাতিল এবং সামরিক আইন প্রত্যাহারকারী ফরমান সাপেক্ষে, উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক পরিবর্তিত, সংশোধিত বা রহিত না হওয়া পর্যন্ত অব্যাহতভাবে বলবৎ থাকিবে।

(৮) সংসদের কোন আইন এবং উহা রহিতের ক্ষেত্রে ১৮৯৭ সালের জেনারেল ক্লজের অ্যাক্ট বেরূপ প্রযোজ্য, উক্ত ফরমানসমূহ এবং উক্ত সময়ে প্রণীত সামরিক আইন প্রবিধান ও সামরিক আইন আদেশসমূহের ক্ষেত্রে, এবং উক্ত ফরমানসমূহ বাতিল এবং সামরিক আইন প্রত্যাহার এবং উক্ত সামরিক আইন প্রবিধান এবং সামরিক আইন আদেশসমূহ রহিতের ক্ষেত্রেও, সেইরূপ প্রযোজ্য হইবে, যেন উক্ত ফরমানসমূহ এবং যে ফরমান দ্বারা ঐগুলি বাতিল ও সামরিক আইন প্রত্যাহার করা হইয়াছে তাহা এবং সামরিক আইন প্রবিধান ও সামরিক আইন আদেশসমূহ, সকলই সংসদের আইন ছিল।

(৯) সংবিধানের বাংলা ও ইংরাজী পাঠের মধ্যে কোন বিরোধ, বৈপরীত্য, অসংগতি অথবা অসামঞ্জস্যতার ক্ষেত্রে, যতদূর তাহা উক্ত ফরমানসমূহ দ্বারা সংবিধানের কোন পাঠ কিংবা উহার উভয় পাঠের কোন সংশোধন, সংযোজন, পরিবর্তন, প্রতিস্থাপন অথবা বিলোপ-সাধন সম্পর্কিত হয়, ইংরাজী পাঠ প্রাধান্য পাইবে।

(১০) এই অনুচ্ছেদে, “আইনসমূহ” বলিতে অধ্যাদেশ, বিধি, প্রবিধান, উপ-আইন, আদেশ ও বিজ্ঞপ্তিসমূহ এবং আইনের ক্ষমতাসম্পন্ন অন্যান্য দলিল অন্তর্ভুক্ত।।

রষ্ট্রেপতি।

৪। (১) এই সংবিধানের ৪৮ অনুচ্ছেদের অধীন রষ্ট্রেপতি-পদে নির্বাচিত কোন ব্যক্তি কার্যভার গ্রহণ না করা পর্যন্ত এই সংবিধান-প্রবর্তনের অব্যবহিত পূর্বে যিনি রষ্ট্রেপতি-পদে অধিষ্ঠিত ছিলেন, তিনি উক্ত পদে বহাল থাকিবেন, যেন তিনি এই সংবিধানের অধীন রষ্ট্রেপতি-পদে নির্বাচিত হইয়াছেন :

তবে শর্ত থাকে যে, বর্তমান অনুচ্ছেদের অধীন পদাধিষ্ঠান এই সংবিধানের ৫০ অনুচ্ছেদের (২) দফার উদ্দেশ্যসাধনকল্পে গণ্য হইবে না।

(২) এই সংবিধানের ৭৪ অনুচ্ছেদের (১) দফা-অনুযায়ী স্পীকার ও ডেপুটি স্পীকার নির্বাচিত না হওয়া পর্যন্ত এই সংবিধান-প্রবর্তনের অব্যবহিত পূর্বে যাহারা গণপরিষদের স্পীকার ও ডেপুটি স্পীকার-পদে অধিষ্ঠিত ছিলেন, সংসদ গঠিত না হওয়া সত্ত্বেও তাহারা স্ব পদে বহাল রহিয়াছেন বলিয়া গণ্য হইবে।

(5) Upon the revocation of the said Proclamations and the withdrawal of Martial Law this Constitution shall, subject to amendments, additions, modifications, substitutions and omissions as aforesaid, have effect and operate as if it had been in continuous operation.

(6) The revocation of the said Proclamations and the withdrawal of Martial Law shall not revive or restore any right or privilege which was not existing at the time of such revocation and withdrawal.

(7) All laws in force immediately before the revocation of the said Proclamations and withdrawal of Martial Law shall, subject to the Proclamation revoking the said Proclamations and withdrawing the Martial Law, continue in force until altered, amended or repealed by the competent authority.

¹(8) The General Clauses Act, 1897, shall apply to the said Proclamations and the Martial Law Regulations and Martial Law Orders made during the said period and also to the revocation of the said Proclamations and the withdrawal of Martial Law and the repeal of the said Martial Law Regulations and Martial Law Orders as it applies to, and to the repeal of, an Act of Parliament as if the said Proclamations and the Proclamation revoking them and withdrawing the Martial Law and the Martial Law Regulations and Martial Law Orders were all Acts of Parliament.

(9) In the event of any conflict, contradiction, discrepancy or inconsistency between the Bengali and the English text of the Constitution, in so far as it relates to any amendment, addition, modification, substitution or omission made in any of the texts or in both the texts by the said Proclamations, the English text shall prevail.

(10) In this paragraph, laws includes Ordinances, rules, regulations, bye-laws, orders, notifications and other instruments having the force of laws]. **President.**

4. (1) The person holding office as President of Bangladesh immediately before the commencement of this Constitution shall hold office as President, as if elected to that office under this Constitution, until a person elected as President under article 48 enters upon office :

Provided that the holding of office under this paragraph shall not be taken into account for the purposes of clause (2) of article 50.

(2) The persons holding office as Speaker and Deputy Speaker of the Constituent Assembly immediately before the commencement of this Constitution shall, notwithstanding that Parliament has not yet been constituted, be deemed to hold office respectively as Speaker and Deputy Speaker until an election to each of those offices is made under clause (1) of article 74.

¹Substituted for the former sub-paragraphs (8) and (9) by the Second Proclamation (Fifteenth Amendment) Order, 1978 (Second Proclamation Order No. iv of 1978).

প্রধানমন্ত্রী ও অন্যান্য
মন্ত্রী।

৫। এই সংবিধানের অধীন প্রথম সাধারণ নির্বাচনের পর এই সংবিধানের ৫৬ অনুচ্ছেদের অধীন প্রধানমন্ত্রী নিযুক্ত না হওয়া পর্যন্ত এবং তিনি কার্যভার গ্রহণ না করা পর্যন্ত এই সংবিধান-প্রবর্তনের তারিখের অব্যবহিত পূর্বে যিনি প্রধানমন্ত্রীর পদে অধিষ্ঠিত ছিলেন, তিনি উক্ত পদে এবং উক্ত তারিখের অব্যবহিত পূর্বে যাহারা মন্ত্রীপদে অধিষ্ঠিত ছিলেন, প্রধানমন্ত্রী ভিন্নরূপ নির্দেশ না দিলে তাহারা সেই সকল পদে বহাল থাকিবেন, যেন এই সংবিধানের অধীন তাহারা স্ব স্ব পদে নিযুক্ত হইয়াছেন ; তবে এই সংবিধানের ৫৬ অনুচ্ছেদের কোন কিছুই প্রধানমন্ত্রীর পরামর্শক্রমে অন্যান্য মন্ত্রী-নিয়োগে নিবৃত্ত করিবে না।

বিচারবিভাগ।

৬। (১) ১৯৭২ সালের অস্থায়ী সংবিধান আদেশের দ্বারা গঠিত হাইকোর্টের প্রধান বিচারপতি-পদে যিনি এবং অন্যান্য বিচারক-পদে যাহারা এই সংবিধান-প্রবর্তনের তারিখের অব্যবহিত পূর্বে অধিষ্ঠিত ছিলেন, তাহারা উক্ত তারিখ হইতে স্ব স্ব পদে বহাল থাকিবেন, যেন তাহারা এই সংবিধানের ৯৫ অনুচ্ছেদের অধীন ক্ষেত্রমত প্রধান বিচারপতি বা বিচারক-পদে নিযুক্ত হইয়াছেন।

(২) এই সংবিধান-প্রবর্তনের কালে যাহারা এই অনুচ্ছেদের (১) উপ-অনুচ্ছেদ-অনুসারে বিচারক-পদে (প্রধান বিচারপতি ব্যতীত) অধিষ্ঠিত রহিয়াছেন, তাহারা হাইকোর্ট বিভাগে নিযুক্ত হইয়াছেন বলিয়া গণ্য হইবেন এবং এই সংবিধানের ৯৪ অনুচ্ছেদ-অনুযায়ী আপীল বিভাগে নিয়োগদান করা হইবে।

(৩) এই অনুচ্ছেদের (৪) উপ-অনুচ্ছেদে উল্লিখিত আইনগত কার্যধারা ব্যতীত এই সংবিধান-প্রবর্তনের তারিখের অব্যবহিত পূর্বে হাইকোর্টের যে সকল আইনগত কার্যধারা মীমাংসাধীন ছিল, তাহা হাইকোর্ট বিভাগে স্থানান্তরিত হইবে ও উক্ত বিভাগে মীমাংসাধীন বলিয়া গণ্য হইবে এবং এই সংবিধান-প্রবর্তনের পূর্বে প্রদত্ত হাইকোর্টের কোন রায় বা আদেশ হাইকোর্ট বিভাগের দ্বারা প্রদত্ত বা কৃত রায় বা আদেশের ক্ষমতা ও কার্যকরতা লাভ করিবে।

(৪) যে সকল আইনগত কার্যধারা এই সংবিধান-প্রবর্তনের তারিখের অব্যবহিত পূর্বে হাইকোর্টের আপীল বিভাগের মীমাংসাধীন ছিল, এই সংবিধান-প্রবর্তন হইতে ঐ সকল কার্যধারা নিষ্পত্তির জন্য আপীল বিভাগে স্থানান্তরিত হইবে এবং এই সংবিধান-প্রবর্তনের পূর্বে হাইকোর্টের আপীল বিভাগ কর্তৃক প্রদত্ত বা কৃত যে কোন রায় বা আদেশ এইরূপ ক্ষমতা ও সক্রিয়তা লাভ করিবে, যেন তাহা আপীল বিভাগের দ্বারা প্রদত্ত বা কৃত হইয়াছে।

(৫) এই সংবিধানের বিধানাবলী এবং অন্য কোন আইন-সাপেক্ষে

(ক) যে সকল আদি, আপীল ও অন্যান্য এখতিয়ার ১৯৭২ সালের বাংলাদেশ অস্থায়ী সংবিধান আদেশ-দ্বারা গঠিত হাইকোর্টের উপর ন্যস্ত ও উক্ত হাইকোর্ট কর্তৃক প্রয়োগযোগ্য করা হইয়াছিল (হাইকোর্টের আপীল বিভাগের উপর ন্যস্ত এখতিয়ার ব্যতীত), এই সংবিধান-প্রবর্তন হইতে অনুরূপ এখতিয়ার হাইকোর্ট বিভাগের উপর ন্যস্ত ও উক্ত বিভাগ কর্তৃক প্রয়োগযোগ্য হইবে ;

5. The person holding office as Prime Minister, immediately before the date of the commencement of this Constitution shall, until his successor appointed under article 56 after the first general election held under this Constitution enters upon office, hold office as Prime Minister as if appointed to that office under this Constitution, and the persons holding offices as Ministers immediately before that date shall continue to hold office as Ministers until the Prime Minister otherwise directs, and nothing in article 56 shall prevent the appointment of other Ministers on the advice of the Prime Minister.

Prime Minister and
other Ministers.

6.(1) The person holding office as Chief Justice immediately before the date of the commencement of this Constitution and every person who then held office as judge of the High Court constituted by the Provisional Constitution of Bangladesh Order, 1972, shall as from that date hold office as if appointed under article 95 as Chief Justice or, as the case may be, as judge.

Judiciary.

(2) The persons (other than the Chief Justice) holding office as judges pursuant to sub-paragraph (1) of this paragraph shall at the commencement of this Constitution be deemed to have been appointed to the High Court Division, and appointments to the Appellate Division shall be made in accordance with article 94.

(3) All legal proceedings pending in the High Court immediately before the commencement of this Constitution (other than those referred to in sub-paragraph (4) of this paragraph) shall be transferred to, and be deemed to be pending before the High Court Division for determination, and any judgment or order of the High Court delivered or made before the commencement of this Constitution shall have the same force and effect as if it had been delivered or made by the High Court Division.

(4) All legal proceedings pending before the Appellate Division of the High Court immediately before the commencement of this Constitution shall be transferred to the Appellate Division for determination and any judgment or order of the former division delivered or made before the commencement of this Constitution shall have the same force and effect as if it had been delivered or made by the Appellate Division.

(5) Subject to the provisions of this Constitution and of any other law—

- (a) all original, appellate and other jurisdiction which was vested in the High Court constituted by the Provisional Constitution of Bangladesh Order, 1972 (other than jurisdiction vested in the Appellate Division of that Court) shall from the commencement of this Constitution, vest in and be exercised by the High Court Division ;

(খ) এই সংবিধান-প্রবর্তনের অব্যবহিত পূর্বে এখতিয়ার ও কার্যক্ষমতা-প্রয়োগরত সকল দেওয়ানী, ফৌজদারী ও রাজস্ব আদালত ও ট্রাইব্যুনাল এই সংবিধান-প্রবর্তন হইতে স্ব স্ব এখতিয়ার ও কার্যক্ষমতা প্রয়োগ করিতে থাকিবেন এবং যাহারা অনুরূপ আদালত ও ট্রাইব্যুনালসমূহের বিভিন্ন পদে অধিষ্ঠিত ছিলেন, তাহারা স্ব স্ব পদে বহাল থাকিবেন।

(৬) অধঃস্তন আদালত সম্পর্কিত এই সংবিধানের ষষ্ঠ ভাগের ২য় পরিচ্ছেদের বিধানাবলী যথাশীঘ্র সম্ভব বাস্তবায়িত করা হইবে এবং তাহা বাস্তবায়িত না হওয়া পর্যন্ত উক্ত পরিচ্ছেদে বর্ণিত বিষয়াদি এই সংবিধান-প্রবর্তনের অব্যবহিত পূর্বে যেরূপ নিয়ন্ত্রিত হইত, আইনের দ্বারা প্রণীত যে কোন বিধান-সাপেক্ষে তাহা সেইরূপ নিয়ন্ত্রিত হইতে থাকিবে।

(৭) এই অনুচ্ছেদের কোন কিছুই কার্যধারা বাতিল হওয়া সম্পর্কে কোন প্রচলিত আইনের কার্যকরতাকে প্রভাবিত করিবে না।

- (b) all civil, criminal and revenue courts and tribunals exercising jurisdiction and functions immediately before the commencement of this Constitution shall continue to exercise their respective jurisdictions and functions, and all persons holding office in such courts and tribunals shall continue to hold their respective offices.

(6) The provisions of Chapter II of Part VI (which relate to subordinate courts) shall be implemented as soon as is practicable, and until such implementation the matters provided for in that Chapter shall (subject to any other provision made by law) be regulated in the manner in which they were regulated immediately before the commencement of this Constitution.

(7) Nothing in this paragraph shall affect the operation of any existing law relating to the abatement of proceedings.

¹[6A.(1) The person holding office of Chief Justice of Bangladesh immediately before the commencement of the Second Proclamation (Seventh Amendment) Order, 1976 (hereinafter referred to as the said Order), and every person who then held office as Judge or Additional Judge of the Appellate Division of the Supreme Court shall as from such commencement hold office as Chief Justice, Judge or Additional Judge of the Supreme Court, as the case may be, on the same terms and conditions as to remuneration and other privileges as were applicable to him immediately before such commencement.

Provisions as to existing Judges and pending proceedings.

(2) A person holding office as Judge or Additional Judge of the High Court Division of the Supreme Court immediately before the commencement of the said Order shall as from such commencement hold office as Judge or Additional Judge of the High Court as the case may be, on the same terms and conditions as to remuneration and other privileges as were applicable to him immediately before such commencement.

(3) All legal proceedings pending before the Appellate Division of the Supreme Court immediately before the commencement of the said Order shall on such commencement stand transferred to, and be deemed to be pending before, the Supreme Court for determination; and any judgment, or order of the Appellate Division of the Supreme Court delivered or made before such commencement shall have the same force and effect as if it had been delivered or made by the Supreme Court.

¹Paragraph 6A was inserted by the Second Proclamation (Seventh Amendment) Order, 1976 (Second Proclamation Order No. IV of 1976) (w. e. f the 18th August, 1976).

(4) All legal proceedings pending before the High Court Division of the Supreme Court immediately before the commencement of the said Order shall on such commencement stand transferred to, and be deemed to be pending before, the Supreme Court for determination ; and any judgment or order of the High Courts Division delivered or made before such commencement shall have the same force and effect as if it had been delivered or made by the High Court.

(5) Subject to the other provisions of this Constitution, the Supreme Court shall have the same functions, jurisdiction and powers as were, immediately before the commencement of the said Order, exercisable by the Appellate Division of the Supreme Court, and reference in any law, legal instrument or other document to the Appellate Division of the Supreme Court shall, unless the context otherwise requires, be construed as references to the Supreme Court.

(6) Subject to the other provisions of this Constitution, the High Court shall have the same functions, jurisdiction and powers as were, immediately before the commencement of the said Order, exercisable by the High Court Division of the Supreme Court, and references in any law, legal instrument or other document to the High Court Division of the Supreme Court shall, unless the context otherwise requires, be construed as references to the High Court.]

¹[6B. (1) A person holding office as Chief Justice or Judge or Additional Judge of the Supreme Court or Chief Justice or Judge or Additional Judge of the High Court immediately before the commencement of the Second Proclamation (Tenth Amendment) Order, 1977 (hereinafter referred to as the said Order), shall, if he has attained the age of sixty-two years on the date of such commencement, stand retired on that date.

Provisions as to Judges of the Supreme Court and High Court existing before the Second Proclamation Order No. 1 of 1977 proceedings pending before commencement of that Order, etc.

¹Inserted by the Second Proclamation (Tenth Amendment) Order, 1977 (Second Proclamation Order No. 1 of 1977).

- (2) A person holding office as Chief Justice or Judge or Additional Judge of the Supreme Court immediately before the commencement of the said Order shall, if he has not attained the age of sixty-two years on the date of such commencement, as from such commencement hold office as Chief Justice of Bangladesh or Judge or Additional Judge of the Appellate Division as the case may be, on the same terms and conditions as to remuneration and other privileges as were applicable to him immediately before such commencement.
- (3) The person holding office as Chief Justice of the High Court immediately before the commencement of the said Order shall, if he has not attained the age of sixty-two years on the date of such commencement, as from such commencement hold office as Judge of the High Court Division on the same terms and conditions as to remuneration and other privileges as were applicable to him immediately before such commencement.
- (4) A person holding office as Judge or Additional Judge of the High Court immediately before the commencement of the said Order shall, if he has not attained the age of sixty-two years on the date of such commencement, as from such commencement hold office as Judge or Additional Judge of the High Court Division, as the case may be, on the same terms and conditions as to remuneration and other privileges as were applicable to him immediately before such commencement.
- (5) All legal proceedings pending before the Supreme Court immediately before the commencement of the said Order shall on such commencement stand transferred to, and be deemed to be pending before, the Appellate Division for determination ; and any judgment or order of the Supreme Court delivered or made before such commencement shall have the same force and effect as if it had been delivered or made by the Appellate Division.

- (6) All legal proceedings pending before the High Court immediately before the commencement of the said Order shall on such commencement stand transferred to, and be deemed to be pending before, the High Court Division for determination ; and any judgment or order of the High Court delivered or made before such commencement shall have the same force and effect as if it had been delivered or made by the High Court Division.
- (7) Subject to the other provisions of this Constitution, the Appellate Division shall have the same functions, jurisdiction and powers as were, immediately before the commencement of the said Order, exercisable by the Supreme Court, and references in any law, legal instrument or other document to the Supreme Court shall, unless the context otherwise requires, be construed as references to the Appellate Division.
- (8) Subject to the other provisions of this Constitution, the High Court Division shall have the same functions, jurisdiction and powers as were, immediately before the commencement of the said Order, exercisable by the High Court, and references in any law, legal instrument or other document to the High Court shall, unless the context otherwise requires, be construed as references to the High Court Division.
- (9) The person holding office as Advocate-General immediately before the commencement of the said Order shall on such commencement cease to hold that office.]

আপীলের অধিকার।

৭। বাংলাদেশের রাষ্ট্রীয় সীমানায় কার্যরত কোন হাইকোর্ট (১৯৭২ সালের বাংলাদেশ হাইকোর্ট (সংশোধনী) আদেশের (১৯৭২ সালের পি. ও. নং ৯১) অধীন গঠিত আপীল বিভাগ ব্যতীত) কর্তৃক ১৯৭১ সালের মার্চ মাসের প্রথম দিবস হইতে প্রদত্ত, কৃত বা ঘোষিত যে কোন রায়, ডিক্রী, আদেশ বা দন্ডের বিরুদ্ধে সময়গত যে কোন বাধা সত্ত্বেও সুপ্রীম কোর্টের আপীল বিভাগে আপীল করা যাইবে :

তবে শর্ত থাকে যে, এই সংবিধানের ১০৩ অনুচ্ছেদ হাইকোর্ট বিভাগ হইতে আপীলের ক্ষেত্রে যেমন প্রযোজ্য হয়, উপরি-উক্ত যে কোন আপীলের ক্ষেত্রে তাহা সেইরূপ প্রযোজ্য হইবে :

তবে আরও শর্ত থাকে যে, এই সংবিধান-প্রবর্তনের তারিখ হইতে ৯০ দিনের মেয়াদ উত্তীর্ণ হইলে অনুরূপ কোন আপীল করা যাইবে না।

নির্বাচন কমিশন।

৮। (১) এই সংবিধান-প্রবর্তনের তারিখের অব্যবহিত পূর্বে কর্মরত নির্বাচন কমিশন উক্ত তারিখ হইতে এই সংবিধানের দ্বারা প্রতিষ্ঠিত নির্বাচন কমিশন বলিয়া গণ্য হইবেন।

(২) এই সংবিধান-প্রবর্তনের তারিখের অব্যবহিত পূর্বে যিনি প্রধান নির্বাচন কমিশনারের পদে এবং যাহারা নির্বাচন কমিশনারের পদে অধিষ্ঠিত ছিলেন, উক্ত তারিখ হইতে তাহারা স্ব স্ব পদে বহাল থাকিবেন, যেন তাহারা এই সংবিধানের অধীন অনুরূপ পদে নিযুক্ত হইয়াছেন।

সরকারী কর্মকমিশন।

৯। (১) এই সংবিধান-প্রবর্তনের তারিখের অব্যবহিত পূর্বে কর্মরত সরকারী কর্মকমিশনসমূহ উক্ত তারিখ হইতে এই সংবিধানের অধীন প্রতিষ্ঠিত সরকারী কর্মকমিশন বলিয়া গণ্য হইবেন।

(২) এই সংবিধান-প্রবর্তনের তারিখের অব্যবহিত পূর্বে যিনি কোন সরকারী কর্মকমিশনের সভাপতি বা অন্য কোন সদস্যের পদে অধিষ্ঠিত ছিলেন, উক্ত তারিখ হইতে তিনি স্বীয় পদে বহাল থাকিবেন, যেন তিনি এই সংবিধানের অধীন অনুরূপ পদে নিযুক্ত হইয়াছেন।

সরকারী কর্ম।

১০। (১) এই সংবিধান ও যে কোন আইনের বিধান-সাপেক্ষে

(ক) এই সংবিধান-প্রবর্তনের তারিখের অব্যবহিত পূর্বে প্রজাতন্ত্রের কর্মে রত যে কোন ব্যক্তি উক্ত তারিখ হইতে স্বীয় কর্মে বহাল থাকিবেন এবং এই সংবিধান-প্রবর্তনের তারিখের অব্যবহিত পূর্বে তাহার ক্ষেত্রে কর্মের যে শর্তাবলী প্রয়োগযোগ্য ছিল, তাহা অপরিবর্তিত থাকিবে ;

(খ) এই সংবিধান-প্রবর্তনের অব্যবহিত পূর্বে বাংলাদেশের রাষ্ট্রীয় সীমানায় দায়িত্ব পালনরত সকল বিচারবিভাগীয়, নির্বাহী ও মন্ত্রণালয়ের কর্তৃপক্ষ ও কর্মচারী এই সংবিধান-প্রবর্তন হইতে স্ব স্ব দায়িত্বপালন করিতে থাকিবেন।

7. An appeal to the Appellate Division of the Supreme Court shall lie, notwithstanding any limitation as to time, against any judgment, decree, order or sentence delivered, issued or pronounced since the 1st day of March, 1971 by any High Court (but excluding the Appellate Division constituted by the High Court of Bangladesh (Amendment) Order, 1972 (P.O. No. 91 of 1972) functioning in the territory of Bangladesh: **Interim rights of appeal.**

Provided that article 103 shall apply in respect of any such appeal as it applies in respect of appeals from the High Court Division:

Provided further that no appeal under this article shall be lodged after the expiration of the period of ninety days from the commencement of this Constitution.

8. (1) The Election commission existing immediately before the date of commencement of this Constitution, shall, as from that date, be deemed to be the Election Commission established by this Constitution. **Election Commission.**

(2) The person holding office as Chief Election Commissioner, and every person holding office as Election Commissioner, immediately before the date of the commencement of this Constitution, shall, as from that date, hold office as if appointed to such office under this Constitution.

9. (1) The public service commissions existing immediately before the date of the commencement of this Constitution, shall, as from that date, be deemed to be public service commissions established under this Constitution. **Public service commission.**

(2) Every person holding office as chairman or other member of a public service commission immediately before the date of the commencement of this Constitution, shall, as from that date hold office as if appointed to that office under this Constitution.

10. (1) Subject to this Constitution and to any other law— **Public service.**

(a) any person who immediately before the commencement of this Constitution was in the service of the Republic shall continue in that service on the same terms and conditions as were applicable to him immediately before such commencement;

(b) all authorities and all officers, judicial, executive and ministerial throughout Bangladesh exercising functions immediately before the commencement of this Constitution, shall, as from such commencement, continue to exercise their respective functions.

(২) এই অনুচ্ছেদের (১) উপ-অনুচ্ছেদের কোন কিছুই

(ক) ১৯৭২ সালের বাংলাদেশ সরকার (কর্ম বিভাগসমূহ) আদেশের (১৯৭২ সালের পি. ও. নং ৯) কিংবা ১৯৭২ সালের বাংলাদেশ সরকার (সার্ভিসেসজ ক্রীনিং) আদেশের (১৯৭২ সালের পি. ও. নং ৬৭) অব্যাহত প্রয়োগে বাধাপ্রদান করিবে না ; অথবা

(খ) এই সংবিধান-প্রবর্তনের পূর্বে কোন সময়ে প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত ব্যক্তিদের কিংবা এই অনুচ্ছেদের বিধানাবলী-অনুযায়ী প্রজাতন্ত্রের কর্মে বহাল ব্যক্তিদের কর্মের শর্তাবলী (পারিশ্রমিক, ছুটি, অবসর-ভাতার অধিকার ও শৃঙ্খলামূলক বিষয়াদি সংক্রান্ত অধিকারসহ) পরিবর্তন বা বাতিল করিয়া আইন-প্রণয়ন করা হইতে বিরত করিবে না।

পদে বহাল থাকার
জন্য শপথ।

১১। এই সংবিধানের তৃতীয় তফসিলে যে সকল পদের জন্য শপথ বা ঘোষণা-পাঠের ফরম নির্ধারিত হইয়াছে, সেই সকল পদে এই তফসিলের অধীন বহাল থাকিবেন, এমন যে কোন ব্যক্তি এই সংবিধান-প্রবর্তনের পর যথাশীঘ্র সম্ভব যথাযথ ব্যক্তির সম্মুখে অনুরূপ ফরমে শপথ বা ঘোষণা পাঠ করিবেন ও শপথপত্রে বা ঘোষণাপত্রে স্বাক্ষরদান করিবেন।

* * * * *

করারোপ।

১৩। এই সংবিধান-প্রবর্তনের অব্যবহিত পূর্বে বাংলাদেশে বলবৎ যে কোন আইনের অধীন আরোপিত সকল কর ও ফি অব্যাহত থাকিবে, তবে আইনের দ্বারা তাহার তারতম্য বা তাহা রহিত করা যাইতে পারিবে।

অন্তর্বর্তী আর্থিক
ব্যবহাসমূহ।

১৪। সংসদ অনুরূপ সিদ্ধান্ত গ্রহণ না করা পর্যন্ত এই সংবিধান-প্রবর্তনের কালে চলতি অর্থ-বৎসরের ক্ষেত্রে এই সংবিধানের ৮৭, ৮৯, ৯০ ও ৯১ অনুচ্ছেদসমূহের বিধানাবলী কার্যকর হইবে না এবং সংযুক্ত তহবিল বা প্রজাতন্ত্রের সরকারী হিসাব হইতে যে ব্যয় করা হইয়াছে, তাহা বৈধভাবে ব্যয় করা হইয়াছে বলিয়া গণ্য হইবে :

তবে শর্ত থাকে যে, রাষ্ট্রপতি যথাশীঘ্র সম্ভব তাহার স্বাক্ষর-দ্বারা প্রমাণীকৃত অনুরূপ সকল ব্যয়ের একটি বিবৃতি সংসদে উপস্থাপনের ব্যবস্থা করিবেন।

অন্তীত হিসাবের
নিরীক্ষা।

১৫। এই সংবিধান-প্রবর্তনের কালে চলতি অর্থ-বৎসর ও তাহার পূর্ববর্তী বৎসরগুলির হিসাব সম্পর্কে এই সংবিধানের অধীন মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রকের ক্ষমতাসমূহ প্রয়োগযোগ্য হইবে এবং মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক অনুরূপ হিসাব সম্পর্কে রাষ্ট্রপতির নিকট যে রিপোর্ট পেশ করিবেন, রাষ্ট্রপতি তাহা সংসদে উপস্থাপনের ব্যবস্থা করিবেন।

সংবিধান (চতুর্থ সংশোধন) আইন, ১৯৭৫ (১৯৭৫ সনের ২নং আইন)-এর ৩২ ধারাবলে
“১২। স্থানীয় সরকার।” অনুচ্ছেদটি বিলুপ্ত।

(2) Nothing in sub-paragraph (1) of this paragraph shall—

- (a) derogate from the continued operation of the Government of Bangladesh (Services) Order, 1972 (P.O. No. 9 of 1972), or the Government of Bangladesh (Services Screening) Order, 1972 (P.O. No. 67 of 1972) ; or
- (b) prevent the making of any law varying or revoking the conditions of service (including remuneration, leave, pension rights and rights relating to disciplinary matters) of persons employed at any time before the commencement of this Constitution or of persons continuing in the service of the Republic under the provisions of this paragraph.

11. Any person who, under this Schedule, is continued in an office in respect of which a form of oath or affirmation is set out in the Third Schedule shall, as soon as practicable after the commencement of this Constitution, make and subscribe before the appropriate person an oath or affirmation in that form.

Oaths for
continuance in
office.

* * * * *

13. All taxes and fees imposed under any law in force in Bangladesh immediately before the commencement of this Constitution shall continue to be imposed but may be varied or abolished by law.

Taxation.

14. Unless Parliament otherwise resolves, the provisions of articles 87, 89, 90 and 91 of this Constitution shall not have effect in respect of the financial year current at the commencement of this Constitution, and expenditure defrayed during that year out of the Consolidated Fund or the Public Account of the Republic shall be deemed to have been validly incurred :

Interim financial
arrangements.

Provided that the President shall, as soon as is practicable, cause a statement of all such expenditure, authenticated by his signature, to be laid before Parliament.

15. The powers of the Comptroller and Auditor-General under this Constitution shall apply in respect of all accounts relating to the financial year current at the commencement of this Constitution and to earlier years, and the reports of the Comptroller and Auditor-General relating to such accounts shall be submitted to the President who shall cause them to be laid before Parliament.

Audit of past
accounts.

সরকারের সম্পত্তি,
পরিসম্পন্ন হ'ত,
দায়-দায়িত্ব ও
বাধ্যবাধকতা।

১৬। (১) এই সংবিধান-প্রবর্তনের অব্যবহিত পূর্বে যে সকল সম্পত্তি, পরিসম্পন্ন বা স্বত্ব গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কিংবা উক্ত সরকারের পক্ষে কোন ব্যক্তি বা কর্তৃপক্ষের উপর ন্যস্ত ছিল, তাহা প্রজাতন্ত্রের উপর ন্যস্ত হইবে।

(২) এই সংবিধান-প্রবর্তনের অব্যবহিত পূর্বে প্রজাতন্ত্রের সরকারের যে সকল দায়-দায়িত্ব ও বাধ্যবাধকতা ছিল, তাহা প্রজাতন্ত্রের দায়-দায়িত্ব ও বাধ্যবাধকতারূপে অব্যাহত থাকিবে।

(৩) বাংলাদেশের রাষ্ট্রীয় সীমানায় কখনও কার্যরত কোন সরকারের কোন দায়-দায়িত্ব বা বাধ্যবাধকতা প্রজাতন্ত্রের সরকার স্পষ্টরূপে গ্রহণ না করিলে তাহা প্রজাতন্ত্রের দায়-দায়িত্ব বা বাধ্যবাধকতা নহে কিংবা হইবে না।

আইনের উপযোগী-
করণ ও অসুবিধা
দূরীকরণ।

১৭। (১) বাংলাদেশে বলবৎ যে কোন আইনের বিধানাবলীকে এই সংবিধানের বিধানাবলীর সহিত সামঞ্জস্যপূর্ণ করিবার উদ্দেশ্যে এই সংবিধান-প্রবর্তনের দুই বৎসরের মধ্যে রষ্ট্রপতি আদেশের দ্বারা সংশোধনী বা রহিতকরণের মাধ্যমে অনুরূপ বিধানাবলীর প্রয়োগ, সংশোধন বা রহিত করিতে পারিবেন এবং অনুরূপভাবে প্রণীত যে কোন আদেশ ভূতাপেক্ষ তারিখ হইতে কার্যকর হইতে পারিবে।

(২) এই সংবিধান-প্রবর্তনের পূর্বে প্রচলিত অস্থায়ী সাংবিধানিক ব্যবস্থা হইতে এই সংবিধানের বিধানাবলীতে উত্তরণের জন্য উদ্ভূত যে কোন অসুবিধা দূরীকরণের উদ্দেশ্যে রষ্ট্রপতি আদেশের দ্বারা নির্দেশ দান করিতে পারিবেন যে, অনুরূপ আদেশে নির্ধারিত মেয়াদের জন্য তাহার বিবেচনায় যেরূপ আবশ্যিক বা সমীচীন হইবে, সেইরূপ পরিবর্তন, সংযোজন বা পরিবর্তনের মাধ্যমে গৃহীত উপযোগীকরণ-সাপেক্ষে এই সংবিধান কার্যকর হইবে :

তবে শর্ত থাকে যে, এই সংবিধানের অধীন গঠিত সংসদের প্রথম বৈঠকের পর অনুরূপ কোন আদেশ জারী করা হইবে না।

(৩) এই সংবিধানের অন্য কোন বিধান সত্ত্বেও এই অনুচ্ছেদের অধীন প্রত্যেকটি আদেশ সংসদে উপস্থিত করা হইবে এবং সংসদের আইন-দ্বারা তাহা সংশোধিত বা রহিত হইতে পারিবে।

ফরমানসমূহ,
ইত্যাদির অনুমোদন
ও সমর্থন।

১৮। ১৯৭৫ সালের ১৫ই আগষ্ট হইতে ১৯৭৯ সালের ৯ই এপ্রিল তারিখের (উভয় দিনসহ) মধ্যে প্রণীত সকল ফরমান, ফরমান আদেশ, সামরিক আইন প্রবিধান, সামরিক আইন আদেশ, ও অন্যান্য আইন, এবং উক্ত মেয়াদের মধ্যে অনুরূপ কোন ফরমান দ্বারা এই সংবিধানের যে সকল সংশোধন, সংযোজন, পরিবর্তন, প্রতিস্থাপন ও বিলোপসাধন করা হইয়াছে তাহা, এবং অনুরূপ কোন ফরমান, সামরিক আইন প্রবিধান, সামরিক আইন আদেশ বা অন্য কোন আইন হইতে আহরিত বা আহরিত বলিয়া বিবেচিত ক্ষমতাবলে, অথবা অনুরূপ কোন ক্ষমতা

16. (1) All property, assets and rights which immediately before the commencement of this Constitution were vested in the Government of the People's Republic of Bangladesh or any person or authority on its behalf shall vest in the Republic.

Property, assets, rights, liabilities and obligations of the Government.

(2) All liabilities and obligations of the Government of the Republic as they existed immediately before the commencement of this Constitution shall continue to be the liabilities and obligations of the Republic.

(3) No liability or obligation of any other government which at any time functioned in the territory of Bangladesh is or shall be a liability or obligation of the Republic unless it is expressly accepted by the Government of the Republic.

17. (1) For the purpose of bringing the provisions of any law in force in Bangladesh into conformity with this Constitution the President may, within the period of two years from the commencement of this Constitution, by order, amend or suspend the operation of such provisions and any order so made may have retrospective effect.

Adaptation of laws and removal of difficulties.

(2) The President may, for the purpose of removing any difficulties in relation to the transition from the provisional constitutional arrangements existing before the commencement of this Constitution to the arrangements under this Constitution by order, direct that this Constitution shall, during such period as may be specified in the order, have effect subject to such adaptations, whether by way of modification, addition or omission, as he may deem necessary or expedient :

Provided that no such order shall be made after the first meeting of the Parliament, constituted under this Constitution.

(3) Every order made under this paragraph shall have effect notwithstanding any other provision of this Constitution, shall be laid before Parliament, and may be amended or revoked by Act of Parliament.

¹[18. All Proclamations, Proclamation Orders, Martial Law Regulations, Martial Law Orders and other laws made during the period between the 15th August, 1975, and the 9th April, 1979 (both days inclusive), all amendments, additions, modifications, substitutions and omissions made in this Constitution during the said period by any such Proclamation, all orders made, acts and things done, and actions and proceedings taken, or purported to have been made, done or taken,

Ratification and confirmation of Proclamations, etc.

¹Added by the Constitution (Fifth Amendment) Act, 1979 (Act I of 1979), s. 2.

প্রয়োগ করিতে গিয়া বা অনুরূপ বিবেচনায় কোন আদালত, ট্রাইব্যুনাল বা কর্তৃপক্ষ কর্তৃক প্রণীত কোন আদেশ কিংবা প্রদত্ত কোন দন্ডদেশ কার্যকর বা পালন করিবার জন্য উক্ত মেয়াদের মধ্যে কোন ব্যক্তি বা কর্তৃপক্ষ কর্তৃক প্রণীত আদেশ, কৃত কাজ-কর্ম, গৃহীত ব্যবস্থা বা কার্যধারাসমূহ, অথবা প্রণীত, কৃত, বা গৃহীত বলিয়া বিবেচিত আদেশ, কাজ-কর্ম, ব্যবস্থা বা কার্যধারাসমূহ এতদ্বারা অনুমোদিত ও সমর্থিত হইল এবং ঐ সকল আদেশ, কাজ-কর্ম, ব্যবস্থা বা কার্যধারাসমূহ বৈধভাবে প্রণীত, কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া ঘোষিত হইল, এবং তৎসম্পর্কে কোন আদালত, ট্রাইব্যুনাল বা কর্তৃপক্ষের নিকট কোন কারণেই কোন প্রশ্ন উত্থাপন করা যাইবে না।

১৯৮২ সালের ২৪শে
মার্চের ফরমান,
ইত্যাদির অনুমোদন
ও সমর্থন।

[১৯। (১) ১৯৮২ সালের ২৪শে মার্চের ফরমান, অতঃপর যাহা এই অনুচ্ছেদে উক্ত ফরমান বলিয়া উল্লেখিত, এবং ১৯৮২ সালের ২৪শে মার্চ ও সংবিধান (সপ্তম সংশোধন) আইন, ১৯৮৬ (১৯৮৬ সালের ১নং আইন) প্রবর্তনের তারিখের (উভয় দিনসহ) মধ্যে, অতঃপর যাহা এই অনুচ্ছেদে উক্ত মেয়াদ বলিয়া উল্লেখিত, প্রণীত অন্যান্য সকল ফরমান, ফরমান-আদেশ, প্রধান সামরিক আইন প্রশাসকের আদেশ, সামরিক আইন প্রবিধান, সামরিক আইন আদেশ, সামরিক আইন নির্দেশ, অধ্যাদেশ এবং অন্যান্য আইন এতদ্বারা অনুমোদিত ও সমর্থিত হইল এবং বৈধভাবে প্রণীত হইয়াছে বলিয়া ঘোষিত হইল, এবং তৎসম্পর্কে কোন আদালত, ট্রাইব্যুনাল বা কর্তৃপক্ষের নিকট কোন কারণেই কোন প্রশ্ন উত্থাপন করা যাইবে না।

(২) উক্ত ফরমান বা অন্য কোন ফরমান, ফরমান-আদেশ, প্রধান সামরিক আইন প্রশাসকের আদেশ, সামরিক আইন প্রবিধান, সামরিক আইন আদেশ, সামরিক আইন নির্দেশ, অধ্যাদেশ বা অন্য কোন আইন হইতে আহরিত ক্ষমতা প্রয়োগ করিয়া বা প্রয়োগ বলিয়া বিবেচনা করিয়া অথবা অনুরূপ কোন ক্ষমতা প্রয়োগ করিয়া বা প্রয়োগ বলিয়া বিবেচনা করিয়া কোন আদালত, ট্রাইব্যুনাল বা কর্তৃপক্ষ কর্তৃক প্রণীত কোন আদেশ বা প্রদত্ত কোন দন্ডদেশ কার্যকর বা পালন করিবার জন্য উক্ত মেয়াদের মধ্যে রাষ্ট্রপতি বা প্রধান সামরিক আইন প্রশাসক বা অন্য কোন ব্যক্তি বা কর্তৃপক্ষ কর্তৃক প্রণীত আদেশ, কৃত কাজ-কর্ম, গৃহীত ব্যবস্থা বা কার্যধারাসমূহ, অথবা প্রণীত, কৃত বা গৃহীত বলিয়া বিবেচিত আদেশ, কাজ-কর্ম, ব্যবস্থা বা কার্যধারাসমূহ বৈধভাবে প্রণীত, কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে, এবং তৎসম্পর্কে কোন আদালত, ট্রাইব্যুনাল বা কর্তৃপক্ষের নিকট কোন কারণেই কোন প্রশ্ন উত্থাপন করা যাইবে না।

(৩) (২) উপ-অনুচ্ছেদে উল্লেখিত ক্ষমতা প্রয়োগ করিয়া বা প্রয়োগ বিবেচনা করিয়া অথবা অনুরূপ ক্ষমতা প্রয়োগ করিয়া বা প্রয়োগ বিবেচনা করিয়া প্রণীত কোন আদেশ বা প্রদত্ত দন্ডদেশসমূহ কার্যকর বা পালন করিবার জন্য প্রণীত কোন আদেশ, কৃত কোন কাজ-কর্ম বা গৃহীত কোন ব্যবস্থা বা কার্যধারার জন্য বা ব্যাপারে কোন ব্যক্তি বা কর্তৃপক্ষের বিরুদ্ধে কোন আদালত বা ট্রাইব্যুনালে কোন মামলা, ফৌজদারী কার্যধারা অথবা অন্য কোন আইনগত কার্যধারা চলিবে না।

^১ সংবিধান (সপ্তম সংশোধন) আইন, ১৯৮৬ (১৯৮৬ সনের ১নং আইন)-এর ৩ ধারাবলে সংযোজিত।

by any person or authority during the said period in exercise of the powers derived or purported to have been derived from any such Proclamation, Martial Law Regulation, Martial Law Order or any other law, or in execution of or in compliance with any order made or sentence passed by any court, tribunal or authority in the exercise or purported exercise of such powers, are hereby ratified and confirmed and are declared to have been validly made, done or taken and shall not be called in question in or before any court, tribunal or authority on any ground whatsoever.]

[19. (1) The Proclamation of the 24th March, 1982, hereinafter in this paragraph referred to as the said Proclamation, and all other Proclamations, Proclamation Orders, Chief Martial Law Administrator's Orders, Martial Law Regulations, Martial Law Orders, Martial Law Instructions, Ordinances and all other Laws made during the period between the 24th March, 1982, and the date of commencement of the Constitution (Seventh Amendment) Act, 1986 (Act I of 1986) (both days inclusive), hereinafter in this paragraph referred to as the said period, are hereby ratified and confirmed and declared to have been validly made and shall not be called in question in or before any court, tribunal or authority on any ground whatsoever.

Ratification and confirmation of the Proclamation of the 24th March, 1982, etc.

(2) All orders made, acts and things done, and actions and proceedings taken, or purported to have been made, done or taken, by the President or the Chief Martial Law Administrator or by any other person or authority during the said period, in exercise or purported exercise of the powers derived from the said Proclamation or from any other Proclamation, Proclamation Order, Chief Martial Law Administrator's Order, Martial Law Regulation, Martial Law Order, Martial Law Instruction, Ordinance or any other Law, or in execution of or in compliance with any order made or sentence passed by any court, tribunal or authority in the exercise or purported exercise of such powers, shall be deemed to have been validly made, done or taken and shall not be called in question in or before any court, tribunal or authority on any ground whatsoever.

(3) No suit, prosecution or other legal proceedings shall lie in any court or tribunal against any person or authority for or on account of or in respect of any order made, act or thing done, or action or proceedings taken whether in the exercise or purported exercise of the powers referred to in sub-paragraph (2) or in execution of or in compliance with orders made or sentences passed in exercise or purported exercise of such powers.

(৪) তৃতীয় তফসিলে উল্লেখিত কোন পদে উক্ত মেয়াদের মধ্যে যে সকল নিয়োগ প্রদান করা হইয়াছে সেই সকল নিয়োগ বৈধভাবে প্রদান করা হইয়াছে বলিয়া গণ্য হইবে। এবং তৎসম্পর্কে কোন আদালত, ট্রাইব্যুনাল বা কর্তৃপক্ষের নিকট কোন কারণেই কোন প্রশ্ন উত্থাপন করা যাইবে না, এবং কোন ব্যক্তি উক্ত মেয়াদের মধ্যে উক্ত ফরমানের অধীন এই প্রকার কোন পদে নিযুক্ত হইয়া থাকিলে এবং সংবিধান (সপ্তম সংশোধন) আইন, ১৯৮৬ (১৯৮৬ সালের ১নং আইন), অতঃপর যাহা এই অনুচ্ছেদে উক্ত আইন বলিয়া উল্লেখিত, প্রবর্তনের তারিখের অব্যবহিত পূর্বে উক্ত পদে অধিষ্ঠিত থাকিলে তিনি উক্ত তারিখ হইতে স্বীয় পদে বহাল থাকিবেন, যেন তিনি এই সংবিধানের অধীন উক্ত পদে নিযুক্ত হইয়াছেন ; এবং তিনি উক্ত তারিখের পর যথাশীঘ্র সম্ভব যথাযথ ব্যক্তির সম্মুখে তৃতীয় তফসিলে নির্ধারিত শপথ বা ঘোষণা-পাঠের ফরমে শপথ বা ঘোষণা-পাঠ করিবেন এবং শপথপত্রে বা ঘোষণাপত্রে স্বাক্ষর দান করিবেন।


(৫) উক্ত মেয়াদের মধ্যে প্রধান সামরিক আইন প্রশাসক যে সকল পদে নিয়োগ প্রদান করিয়াছেন সেই সকল পদ যদি উক্ত আইন-প্রবর্তনের তারিখের পরেও বহাল থাকে, তাহা হইলে উক্ত তারিখ হইতে সেই সকল পদে নিয়োগ রাষ্ট্রপতি কর্তৃক প্রদত্ত বলিয়া গণ্য হইবে।

(৬) উক্ত আইন-প্রবর্তনের তারিখের অব্যবহিত পূর্বে বলবৎ সকল অধ্যাদেশ এবং অন্যান্য আইন, উক্ত ফরমান বাতিল এবং সামরিক আইন প্রত্যাহারকারী ফরমান সাপেক্ষে, উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক পরিবর্তিত, সংশোধিত বা রহিত না হওয়া পর্যন্ত অব্যাহতভাবে বলবৎ থাকিবে।

(৭) উক্ত ফরমান বাতিল এবং সামরিক আইন প্রত্যাহার করা হইলে এই সংবিধান সম্পূর্ণরূপে পুনরুজ্জীবিত ও পুনর্বহাল হইবে এবং উহা, এই অনুচ্ছেদের বিধানাবলী সাপেক্ষে, এইরূপ কার্যকর ও সক্রিয় থাকিবে যেন উহা কখনও স্থগিত ছিল না।

(৮) উক্ত ফরমান বাতিল এবং সামরিক আইন প্রত্যাহারে এমন কোন অধিকার বা সুযোগ পুনরুজ্জীবিত বা পুনর্বহাল হইবে না যাহা অনুরূপ বাতিল বা প্রত্যাহারের সময়ে বিদ্যমান ছিল না।

(৯) সংসদের কোন আইন এবং উহার রহিতের ক্ষেত্রে ১৮৯৭ সালের জেনারেল ক্লাজফ এ্যাক্ট যেরূপ প্রযোজ্য, উক্ত ফরমান, এবং উক্ত মেয়াদের মধ্যে প্রণীত অন্যান্য ফরমান, ফরমান-আদেশ, প্রধান সামরিক আইন প্রশাসকের আদেশ, সামরিক আইন প্রবিধান, সামরিক আইন আদেশ এবং সামরিক আইন নির্দেশসমূহের ক্ষেত্রে, এবং উক্ত ফরমান ও অন্যান্য ফরমান বাতিল ও উক্ত ফরমান-আদেশ, প্রধান সামরিক আইন প্রশাসকের আদেশ, সামরিক আইন প্রবিধান, সামরিক আইন আদেশ এবং সামরিক আইন নির্দেশসমূহ রহিতের ক্ষেত্রেও, সেইরূপ প্রযোজ্য হইবে, যেন উক্ত ফরমান ও অন্যান্য ফরমান, ফরমান-আদেশ, প্রধান সামরিক আইন প্রশাসকের আদেশ, সামরিক আইন প্রবিধান, সামরিক আইন আদেশ এবং সামরিক আইন নির্দেশসমূহ এবং যে ফরমান দ্বারা উক্ত ফরমান বাতিল করা হইয়াছে তাহা, সকলই সংসদের আইন ছিল।



(4) All appointments made during the said period to any office mentioned in the Third Schedule shall be deemed to have been validly made and shall not be called in question in or before any court, tribunal or authority on any ground whatsoever, and any person appointed under the said Proclamation to any such office during the said period and holding such office immediately before the date of commencement of the Constitution (Seventh Amendment) Act, 1986 (Act I of 1986), hereinafter in this paragraph referred to as the said Act shall, as from that date hold such office as if appointed to that office under this Constitution; and shall, as soon as practicable after that date, make and subscribe before the appropriate person an oath or affirmation in the form set out in the Third Schedule.

(5) All appointments made by the Chief Martial Law Administrator during the said period to any office or post which is continuing after the date of commencement of the said Act shall, as from that date, be deemed to be appointments made by the President.

(6) All Ordinances and other laws in force immediately before the date of commencement of the said Act shall, subject to the Proclamation revoking the said Proclamation and withdrawing the Martial Law, continue in force until altered, amended or repealed by competent authority.

(7) Upon the revocation of the said Proclamation and withdrawal of Martial Law, this Constitution shall stand fully revived and restored and shall, subject to the provisions of this paragraph, have effect and operate as if it had never been suspended.

(8) The revocation of the said withdrawal of Martial Law shall not revive or restore any right or privilege which was not existing at the time of such revocation and withdrawal.

(9) The General Clauses Act, 1897, shall apply to the said Proclamation, and all other Proclamations, Proclamation Orders, Chief Martial Law Administrator's Order, Martial Law Regulations, Martial Law Orders and Martial Law Instructions made during the said period and also to the revocation of the said Proclamation and other Proclamations and the repeal of the said Proclamation Orders, Chief Martial Law Administrator's Orders, Martial Law Regulations, Martial Law Orders and Martial Law Instructions as it applies to, and to the repeal of, an Act of Parliament as if the said Proclamation, and other Proclamations, Proclamation Orders, Chief Martial Law Administrator's Orders, Martial Law Regulations, Martial Law Orders and Martial Law Instructions and the Proclamation revoking the said Proclamation were all Acts of Parliament.

(১০) এই অনুচ্ছেদ, "আইন" বলিতে বিধি, প্রবিধান, উপ-আইন, আদেশ ও বিজ্ঞপ্তিসমূহ এবং আইনের ক্ষমতাসম্পন্ন অন্যান্য দলিল অন্তর্ভুক্ত।]

* * * * *

উপ-রাষ্ট্রপতির
নিয়োগ অনুমোদন ও
সমর্থন ইত্যাদি।

¶২১। (১) ১৩৯৭ বঙ্গাব্দের ২১শে অগ্রহায়ণ মোতাবেক ১৯৯০ সালের ৬ই ডিসেম্বর তারিখে তদানীন্তন রাষ্ট্রপতি কর্তৃক উপ-রাষ্ট্রপতি হিসাবে বাংলাদেশের প্রধান বিচারপতিকে নিয়োগ ও শপথ প্রদান এবং তাহার নিকট পদত্যাগ প্রদান এবং ১৩৯৭ বঙ্গাব্দের ২১শে অগ্রহায়ণ মোতাবেক ১৯৯০ সালের ৬ই ডিসেম্বর হইতে সংবিধান (একাদশ সংশোধন) আইন, ১৯৯১ (১৯৯১ সালের ২৪নং আইন) এর প্রবর্তনের তারিখের (উভয় দিনসহ) মধ্যে বা ৪৮(১) অনুচ্ছেদ অনুযায়ী নূতন রাষ্ট্রপতি নির্বাচিত হইয়া কার্যভার গ্রহণ করা পর্যন্ত সময়কালের মধ্যে (যাহাই পরে হউক) উক্ত উপ-রাষ্ট্রপতি কর্তৃক অস্থায়ী রাষ্ট্রপতি হিসাবে প্রয়োগকৃত সকল ক্ষমতা, প্রণীত সকল আইন ও অধ্যাদেশ এবং প্রদত্ত, কৃত ও গৃহীত অথবা প্রদত্ত, কৃত ও গৃহীত বলিয়া বিবেচিত সকল আদেশ, সকল কাজকর্ম এবং সকল ব্যবস্থা এতদ্বারা অনুমোদিত ও সমর্থিত হইল এবং আইনানুযায়ী যথার্থভাবে প্রণীত, প্রদত্ত, কৃত ও গৃহীত হইয়াছে বলিয়া ঘোষিত হইল।

(২) সংবিধান (একাদশ সংশোধন) আইন, ১৯৯১ (১৯৯১ সালের ২৪নং আইন) প্রবর্তনের পর এবং সংবিধান মোতাবেক নূতন রাষ্ট্রপতি নির্বাচিত হইয়া কার্যভার গ্রহণের পর উক্ত উপ-রাষ্ট্রপতি বাংলাদেশের প্রধান বিচারপতির কার্যভার ও দায়িত্ব গ্রহণ করিতে পারিবেন এবং ১৩৯৭ বঙ্গাব্দের ২১শে অগ্রহায়ণ মোতাবেক ১৯৯০ সালের ৬ই ডিসেম্বর হইতে তাহার উক্ত কার্যভার ও দায়িত্ব গ্রহণের তারিখের মধ্যবর্তী সময় Supreme Court Judges (Leave, Pension and Privileges) Ordinance, 1982 (Ordinance No. XX of 1982) এর section 2(a) এর উদ্দেশ্যসাধনকল্পে প্রকৃত কর্ম (actual service) বলিয়া গণ্য হইবে।]

¶২২। সংবিধানে যাহা কিছুই থাকুক না কেন, সংবিধান (দ্বাদশ সংশোধন) আইন, ১৯৯১ (১৯৯১ সালের ২৮নং আইন) প্রবর্তনের অব্যবহিত পূর্বে যে সংসদ কর্মরত ছিল উহা সংবিধান ও আইন অনুযায়ী যথাযথভাবে নির্বাচিত ও গঠিত হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং উহা সংবিধানের ৭২ অনুচ্ছেদের বিধান অনুযায়ী বহাল থাকিবে।]

^১সংবিধান (দ্বাদশ সংশোধন) আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২৮ নং আইন)-এর ২৫(ক) ধারাবলে অনুচ্ছেদ "২০। উপ-রাষ্ট্রপতি সম্পর্কিত বিধান" বিলুপ্ত।

^২সংবিধান (একাদশ সংশোধন) আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২৪ নং আইন)-এর ২ ধারাবলে সংযোজিত।

^৩সংবিধান (দ্বাদশ সংশোধন) আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২৮ নং আইন)-এর ২৫(খ) ধারাবলে সংযোজিত।

(10) In this paragraph, "law" includes rules, regulations, bye-laws, orders, notifications and other instruments having the force of law.]

1. * * * * *

²[21. (1) The appointment of, and the administration of oath to the Chief Justice of Bangladesh as Vice-President on the 21st day of Agrahayan, 1397 B. S. corresponding to the 6th day of December, 1990, and the resignation tendered to him by the then President and all powers exercised, all laws and Ordinances made and all orders made, acts and things done, and actions taken, or purported to have been made, done or taken by the said Vice-President acting as President during the period between the 21st day of Agrahayan, 1397 B. S. corresponding to the 6th day of December, 1990, and the date of commencement of the Constitution (Eleventh Amendment) Act, 1991 (Act XXIV of 1991) (both days inclusive) or till the new President elected under article 48 (1) of the Constitution has entered upon his office (whichever is later), are hereby ratified and confirmed and declared to have been validly made, administered, tendered exercised, done and taken according to law.

Ratification and confirmation of the appointment of Vice-President, etc.

(2) The said Vice-President shall, after the commencement of the Constitution (Eleventh Amendment) Act, 1991 (Act XXIV of 1991), and after the new President elected under this Constitution has entered upon his office, be eligible to resume the duties and responsibilities of the Chief Justice of Bangladesh and the period between the 21st day of Agrahayan, 1397 B. S. corresponding to the 6th day of December, 1990, and the date of which he resumes such duties and responsibilities shall be deemed to be the period of actual service within the meaning of section 2(a) of the Supreme Court Judges (Leave, Pension and Privileges) Ordinance, 1982 (Ordinance No. XX of 1982.)]

³[22. Notwithstanding anything contained in the Constitution, the Parliament functioning immediately before the commencement of the Constitution (Twelfth Amendment) Act, 1991 (Act XXVIII of 1991) shall be deemed to have been duly elected and constituted in accordance with the Constitution and Law and shall continue to function under the provisions of article 72 of the Constitution.]

¹ Paragraph "20. Provisions relating to Vice-President" was omitted by the Constitution (Twelfth Amendment) Act, 1991 (Act XXVIII of 1991), s. 25(a).

² Added by the Constitution (Eleventh Amendment) Act, 1991 (Act XXIV of 1991), s. 2.

³ Added by the Constitution (Twelfth Amendment) Act, 1991 (Act XXVIII of 1991), s. 25 (b).

*স্বাধীনতার ঘোষণাপত্র (অনূদিত)

মুজিবনগর, বাংলাদেশ
১০ই এপ্রিল, ১৯৭১

যেহেতু একটি সংবিধান প্রণয়নের উদ্দেশ্যে প্রতিনিধি নির্বাচনের জন্য ১৯৭০ সনের ৭ই ডিসেম্বর হইতে ১৯৭১ সনের ১৭ই জানুয়ারী পর্যন্ত বাংলাদেশে অবাধ নির্বাচন অনুষ্ঠিত হয়,

এবং

যেহেতু এই নির্বাচনে বাংলাদেশের জনগণ ১৬৯ জন প্রতিনিধির মধ্যে আওয়ামী লীগ দলীয় ১৬৭ জনকে নির্বাচিত করেন,

এবং

যেহেতু সংবিধান প্রণয়নের উদ্দেশ্যে জেনারেল ইয়াহিয়া খান জনগণের নির্বাচিত প্রতিনিধিগণকে ১৯৭১ সনের ৩রা মার্চ তারিখে মিলিত হইবার জন্য আহ্বান করেন,

এবং

যেহেতু এই আহূত পরিষদ-সভা স্বেচ্ছাচারী ও বেআইনীভাবে অনির্দিষ্টকালের জন্য স্থগিত করা হয়,

এবং

যেহেতু পাকিস্তানী কর্তৃপক্ষ তাহাদের প্রতিশ্রুতি রক্ষার পরিবর্তে এবং বাংলাদেশের প্রতিনিধিগণের সহিত আলোচনা অব্যাহত থাকা অবস্থায় একটি অন্যায় ও বিশ্বাসঘাতকতামূলক যুদ্ধ ঘোষণা করে,

এবং

যেহেতু এইরূপ বিশ্বাসঘাতকতামূলক আচরণের পরিপ্রেক্ষিতে বাংলাদেশের সাড়ে সাত কোটি মানুষের অবিস্মৃতিত নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলাদেশের জনগণের আত্মনিয়ন্ত্রণের আইনানুগ অধিকার প্রতিষ্ঠার লক্ষ্যে ১৯৭১ সনের ২৬শে মার্চ তারিখে ঢাকায় যথাযথভাবে স্বাধীনতার ঘোষণা প্রদান করেন এবং বাংলাদেশের মর্যাদা ও অখণ্ডতা রক্ষার জন্য বাংলাদেশের জনগণের প্রতি উদাত্ত আহ্বান জানান,

এবং

যেহেতু একটি বর্বর ও নৃশংস যুদ্ধ পরিচালনায় পাকিস্তানী কর্তৃপক্ষ, অন্যান্যের মধ্যে, বাংলাদেশের বেসামরিক ও নিরস্ত্র জনগণের উপর নজীরবিহীন নির্বাতন ও গণহত্যার অসংখ্য অপরাধ সংঘটন করিয়াছে এবং এখনও অব্যাহত করিয়া চলিতেছে,

এবং

যেহেতু পাকিস্তান সরকার একটি অন্যায় যুদ্ধ চাপাইয়া দিয়া, গণহত্যা করিয়া এবং অন্যান্য দমনমূলক কার্যকলাপের মাধ্যমে বাংলাদেশের প্রতিনিধিগণের পক্ষে একত্রিত হইয়া একটি সংবিধান প্রণয়ন এবং নিজেদের জন্য একটি সরকার প্রতিষ্ঠা করা অসম্ভব করিয়া তুলিয়াছে,

এবং

যেহেতু বাংলাদেশের জনগণ তাহাদের বীরত্ব, সাহসিকতা ও বিপ্লবী উদ্দীপনার মাধ্যমে বাংলাদেশের ভূখণ্ডের উপর তাহাদের কার্যকর কর্তৃত্ব প্রতিষ্ঠা করিয়াছে,

*১০ই এপ্রিল, ১৯৭১ তারিখে ইংরেজীতে প্রণীত Proclamation of Independence মুজিবনগরে ঘোষিত ও স্বাক্ষরিত এবং ২৩শে মে, ১৯৭২ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত হয়।